ধর্মীয় দ্বন্দ্ব-বিবাদ এমন এক স্পর্শকাতর বিষয় যে একজায়গার ঘটনা প্রবাহ অন্যত্র পড়তে বাধ্য এবং তা প্রসারিত হয় দাবানলের মত। কলকাতার দাঙ্গার প্রতিক্রিয়ায় চট্টগ্রাম, ময়মনসিংহ, বরিশাল ও পাবনা প্রমুখ জেলাতে ছোট-বড় দাঙ্গা হলেও ১০ই অক্টোবর অখন্ড ভারতবর্ষের উত্তর-পূর্ব কোণে নোয়াখালী, টিপরা (কুমিল্লা) ও সন্দীপ এলাকায় যে একতরফা হিন্দু নিধন ও উৎপীড়ন পর্বের সূত্রপাত হয় তা এর মধ্যে ভীষণতম।[১০] নোয়াখালী দাঙ্গা শুরু হয় ১৯৪৬ সালের ১০ই অক্টোবর কোজাগরী লক্ষ্মী পুজোর রাতে। ওই দাঙ্গায় একতরফা আক্রমণ চালানো হয়েছিল হিন্দুদের উপর এবং খুন-জখমের পাশাপাশি ছিল নারী ধর্ষণ, জোর করে বিয়ে ধর্মান্তরণ প্রভৃতি। গোরা মৌলবিদের প্ররোচনায় একটা সুপরিকল্পিত উদ্দেশ্য নিয়েই ঘটানো হয়েছিল এই দাঙ্গা।[১১] নোয়াখালী দাঙ্গা কত জন প্রাণ হারিয়েছেন তার সংখ্যা নিয়ে মতভেদ আছে। প্রথম দিকের বিবরণে শতশত প্রাণহানির কথা বলা হলেও পরবর্তী হিসাবে মৃতের সংখ্যা ৩০০ দেখানো হয়েছে তবে নৃশংসতায় নোয়াখালী সম্ভবত কলকাতাকে ছাড়িয়ে গিয়েছিল কোন কোন ক্ষেত্রে গোটা পরিবারকে হত্যা করা হয়।[১২] নোয়াখালী দাঙ্গা ফলে হিন্দু-মুসলমানদের মধ্যে সম্পর্কের অবনতি তলানীতে এসে পৌঁছায় মহাত্মা গান্ধী সম্পর্ককে সম্পূর্ণভাবে ঐক্যের বন্ধনে আবদ্ধ করতে সফল হননি। তার অহিংস নীতি এক বিরাট বড় প্রশ্নের সম্মুখীন হয়।

ষোল কলা পূর্ণ হয় বিহারের দাঙ্গায়।[১৩] কর্মসূত্রে প্রচুর হিন্দিভাষী কলকাতায় বসবাস করতেন। এদের মধ্যে অনেকেই ছিলেন হিন্দুমুসলিম লীগের প্রত্যক্ষ সংগ্রাম দিবসে এরাও ক্ষতিগ্রস্ত হয় প্রভূত পরিমাণে। এইসব পীড়িত মানুষ ও তার আত্মীয়স্বজনদের বর্ণনায় বিহার আগে থেকেই উত্তপ্ত ছিল। ঘৃতাহুতি পড়ল নোয়াখালীর ঘটনায়। ইতিমধ্যে নোয়াখালীর ঘটনাবলির প্রতিক্রিয়ায় প্রথমে ছাপরায় (২৫ শে অক্টোবর) এবং তারপরে দাবানলের মত তার বিস্তৃতি ঘটে পাটনা, মুঙ্গের, ভাগলপুর, গয়া ও সাঁওতাল পরগণায় জেলায় দাঙ্গার আগুন জ্বলে উঠল।[১৪] এই দাঙ্গায় ক্ষতিগ্রস্ত হয় ইসলাম ধর্মাবলম্বী মানুষজন।

কমবেশি প্রায় ৫০০০ মানুষ এই দাঙ্গায় নিহত হয়। জহরলাল নেহেরু, মহাত্মা গান্ধী, রাজেন্দ্রপ্রসাদ, অধ্যাপক আব্দুল বারী, ড. সৈয়দ মাহমুদ, জয়প্রকাশ নারায়ণ প্রমুখদের প্রচেষ্টায় বিহারে শান্তিস্থাপন হলেও হিন্দু-মুসলিম পারস্পরিক অবিশ্বাসের বাতাবরণে দেশভাগের প্রক্রিয়াকে ত্বরান্বিত করে।

এইভাবে দেখা যায় যে, ১৯৪৬ খ্রিস্টাব্দের কলকাতা, নোয়াখালী, বিহার ও অন্যান্য অঞ্চলের দাঙ্গা হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের মধ্যে সন্দেহ ও অবিশ্বাসের বাতাবরণকে আরো দীর্ঘ থেকে দীর্ঘতর করে তোলে। দুই পক্ষের নেতৃবৃন্দ মনে করতে শুরু করে যে একমাত্র ভারতবর্ষের দ্বিখণ্ডিত করণের মাধ্যমেই এই সমস্যার সমাধান সম্ভবপর। এই সময়ে একটি উল্লেখযোগ্য প্রচেষ্টা হলো স্বাধীন বাংলা গঠন করা। আলোচ্য সময়ে কংগ্রেসের কর্ণধার ছিলেন কিরণশঙ্কর রায়। তিনি হিন্দু-মুসলিম উভয় সম্প্রদায়ের মঙ্গলের জন্য সার্বভৌম স্বাধীন বাংলা গঠনের পক্ষপাতি ছিলেন কিন্তু শেষ পর্যন্ত নেহেরু এবং সরদার বল্লভ ভাই প্যাটেল এর চাপে নতি স্বীকার করতে বাধ্য হন। কংগ্রেসের দ্বিধা-দ্বন্দ্বের জন্যই শরৎচন্দ্র বসু এই সনয় কংগ্রেসের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে বামপন্থী দলগুলোর সমন্বয় চেষ্টা করেছিলেন।[১৫] মুসলিম লীগের অন্যতম শীর্ষ নেতা সুরাবর্দীও শরৎ বসুর সাথে সার্বভৌম স্বাধীন বাংলা গঠনের পক্ষপাতী ছিলেন, সেই মোতাবেক তারা আলোচনা করে গান্ধীজির কাছে স্বাধীন বাংলা গঠনের একটি রূপরেখাও প্রেরণ করেন। প্রাথমিকভাবে গান্ধীজি সেই প্রস্তাবে কিছুটা সংশোধন করে মত প্রকাশ করেন। এই ব্যাপারে গান্ধীজি জিন্নার সাথে আলোচনা করলেও, জিন্না গররাজি হন। গান্ধীজি শেষ পর্যন্ত নেহেরু ও প্যাটেলের সাথে পরামর্শ করেন এবং তাদের তীব্র বিরোধীতায় প্রভাবিত হন।[১৬]

দেশব্যাপী এরকম চরম উত্তেজনার মধ্যে ব্রিটিশ প্রধানমন্ত্রী ক্লিমেন্ট এটলি ঘোষণা করলেন যে ব্রিটিশ সরকার ১৯৪৮ খ্রিস্টাব্দের জুন মাসের মধ্যে ভারতীয়দের হাতে ক্ষমতা প্রত্যার্পণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই বিষয়ে প্রস্তুতি সম্পন্ন করার জন্য লর্ড মাউন্টব্যাটেন কে দায়িত্ব দেওয়া হয়। ১৯৪৮ খ্রিস্টাব্দের ২৮ শে এপ্রিল মাউন্টব্যাটেন কে ভাইসরয় হিসেবে শপথ গ্রহণ করেন। মাউন্টব্যাটেন কংগ্রেস ও মুসলিম নেতাদের বোঝালেন যে দেশভাগ অনভিপ্রেত হলেও তৎকালীন রাজনৈতিক ও সাম্প্রদায়িক অস্থিরতার প্রেক্ষিতে সব পক্ষেরই উচিত তা মেনে নেওয়া। এরপরই তিনি বাস্তবসম্মত এবং সকলের পক্ষে গ্রহণযোগ্য একটি সমাধান বের করেন। তিনি একইসঙ্গে ক্ষমতা হস্তান্তর এবং ভারত বিভাগের প্রস্তাব রাখেন। মর্মান্তিক ও দুঃখজনক হলেও ভারতের বিস্ফোরক ও বাস্তব পরিস্থিতির কথা চিন্তা করে জহরলাল নেহেরু, বল্লভভাই প্যাটেল প্রমুখ নেতা মাউন্টব্যাটেনের প্রস্তাবে সায় দেন। মহাত্মাগান্ধী ও দেশবিভাগের ব্যাপারে তার নীরব সম্মতি কথা জানান। এরপর মাউন্টব্যাটেন তার বিভাগের পরিকল্পনা প্রণয়ন করেন। মাউন্টব্যাটেন পরিকল্পনার ভিত্তিতে ১৯৪৭ সালের জুলাই মাসে ব্রিটিশ পার্লামেন্টে ভারতীয় স্বাধীনতা আইন পাস করে। এই আইনে বলা হয় যে ১৫ই আগস্ট আনুষ্ঠানিকভাবে

ভারতবর্ষকে বিভক্ত করে ভারত ও পারিস্তান নামে দুটি স্বতন্ত্র রাষ্ট্র গঠন করা হবে। এই দুটি রাষ্ট্র ব্রিটিশ কমনওয়েলথ এর অন্তর্ভুক্ত থাকবে। দেশীয় রাজ্যগুলি ইচ্ছা অনুযায়ী ভারত ও পারিস্তান রাষ্ট্রে যোগ দিতে পারবে। পার্টিশন কমিটি তার কাজ শুরু করে। জুলাই মাসের আগেই প্রস্তাবিত ভারত বা পাকিস্তান রাষ্ট্রের রূপরেখা জানা যায়। পশ্চিমবঙ্গ ও পূর্ব পাঞ্জাব ভারতের অন্তর্ভুক্ত হবে। পূর্ব বঙ্গ ও পশ্চিম পাঞ্জাব, সিন্ধু ও বেলুচিস্থান নিয়ে পাকিস্তান গঠিত হবে। গণভোটের মাধ্যমে জানা গেল উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ এবং শ্রীহট্ট জেলা পাকিস্তানের অন্তর্ভুক্ত হতে চায়। বাংলা, পাঞ্জাব ও শ্রীহট্ট জেলা ভারত পাকিস্তানের সীমানা নির্ধারণের জন্য স্যার রেডক্লিফের সভাপতিত্বে একটি সীমানা কমিশন নিযুক্ত হয় এবং যথাসময়ে তার সিদ্ধান্ত ঘোষণা করেন। অবশেষে ১৮ই জুলাই লর্ড মাউন্টব্যাটেন প্রস্তাবিত ভারত ও পাকিস্তানের সংবিধান সভার সদস্যদের পৃথক করে দিয়ে দুটি অন্তর্বর্তী সরকার গঠন করেন এবং তাদের হাতেই ক্ষমতা হস্তান্তরের বন্দোবস্ত করেন। এরপর ১৯৪৭ সালের ১৪ই আগস্ট ভারত থেকে বিভক্ত হয়ে জন্ম নিলো ধর্মের ভিত্তিতে গঠিত পাকিস্তান নামক রাষ্ট্র।[১৮] ১৯৪৭ সালের ১৪ ও ১৫ই আগস্ট মধ্যরাত্রে সংবিধান সভার অধিবেশন এক ভাব ও গম্ভীর অনুষ্ঠানে ভারতের স্বাধীনতা ঘোষিত হয়।

১৯৪৭ খ্রিস্টাব্দের ১৫-ই আগস্ট স্বাধীনতা প্রাপ্তির আনন্দ ও উত্তেজনায় সর্বত্র এক অবিস্মরণীয় দৃশ্য পরিলক্ষিত হয়। সাম্প্রতিক বহু অপ্রিয় ঘটনার বেদনাকে ভুলে হিন্দু-মুসলমান ভাতৃত্বের বন্ধনে আবদ্ধ হয়ে নব-জীবনের উন্মাদনা অনুভব করে। এক অবিস্মরণীয় দৃশ্য দেখা যায় কলকাতায় ১৫-ই আগস্ট সকালে। হিন্দু-মুসলমান শিখ একে অপরকে জড়িয়ে ধরেছিলেন রাস্তায়, ফুলে পতাকায় সাজানো হয়েছে দোকান, গোলাপজল ছিটানো হচ্ছে পথচারীদের গায়ে, হিন্দুরা মসজিদে ঢুকছে, মুসলমানরা মন্দিরে। আর ট্রাকে করে লোক বেরিয়ে পড়েছে, তারা ধনী দিচ্ছে হিন্দু-মুসলমান কে হো; বন্দেমাতরম; ইনক্লাব জিন্দাবাদ, এক হিন্দু বিধবা চলেছেন নাখোদা মসজিদ দেখতো লরির উপর একটি ছেলে নাচছে আর বলছে হাম আজাদ হোগিয়া,১৯ কিন্তু এই উন্মাদনা বেশিদিন স্থায়ী হয়নি। দেশবিভাগের পর ধর্মনিরপেক্ষ রাষ্ট্র ভারতবর্ষের মুসলমানরা কিছুটা শান্তিতে বাস করলেও বাংলা ভাগের পর থেকে প্রচুর পরিমানে মানুষ প্রাণ ও সম্ভ্রম বাঁচাতে সর্বস্ব ত্যাগ করে ভিটেমাটি ছেড়ে পূর্ব পাকিস্তান (পূর্ববঙ্গ) থেকে পশ্চিমবঙ্গে পালিয়ে আসতে শুরু করে। এই স্বাধীনতাপ্রাপ্তি সেই ভাবে এই মানুষদের কাছে আনন্দমুখর করে তুলতে পারেনি, কারণ তারা স্বাধীন হলেও তাদের মধ্যে অনেকেই বাস করতে হবে সংখ্যালঘু হিসেবে। অবস্থাপন্ন হিন্দুরাই আগে চলে আসেন, কারণ অভিমানজনিত মনস্তাত্ত্বিক সংকট তাদের মধ্যেই বেশি ছিল। তাদের দেখাদেখি, নিরাপত্তাহীনতার আতঙ্ক এবং আর্থিক অনিশ্চয়তার কারণে অন্যান্য শ্রেণির মানুষও দেশ ছারতে শুরু করেন।[২০] এ প্রসঙ্গে উর্বশী বুটালিয়া তাঁর— "The other side of silence voices from the partition of India" গ্রন্থে যথার্থ মন্তব্য করেছেন— "The political partition of India caused one of the great human convulsions of History. Never before or since have so many people exchanged their home and countries so quickly"।

১৯৪৭ সালে 'দেশভাগ' ভারতবর্ষের ইতিহাসের অন্ধকারময় অধ্যায়।[২১] এই সময় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ছিলেন ড. প্রফুল্ল চন্দ্র ঘোষ। পশ্চিমবঙ্গের উদ্বাস্তু সমস্যা জটিলতর হয় কয়েকটি বিশেষ কারণে প্রথম জহরলাল নেহেরু থেকে সমস্ত কেন্দ্রীয় কংগ্রেস নেতৃত্ব তথা পশ্চিমবঙ্গের প্রথম মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র ঘোষ এই ভ্রান্ত ধারণা পোষণ করতেন যে দাঙ্গা শেষ হয়ে পরিস্থিতি স্বাভাবিক হলে যারা ভিটেমাটি ছেড়ে এদেশে এসেছে তার পুনরায় পূর্ব পাকিস্তানে ফিরে যাবেন। ফলে সেই সময়ে কোন ত্রাণ ও পুনর্বাসন দপ্তর তৈরি হয়নি পশ্চিমবঙ্গে।[২২] তাই সমস্ত মানুষের পুনর্বাসনের ওপর গুরুত্ব প্রদান না করে কেবলমাত্র তাদের জন্য অস্থায়ী কিছু শরণার্থী শিবিরের ব্যবস্থা করার মধ্য দিয়েই প্রফুল্ল চন্দ্র ঘোষ দায়িত্ব পালন সীমাবদ্ধ রাখেন। এপ্রসঙ্গে বলা প্রয়োজন ডা: বিধান চন্দ্র রায়ের আমলের মন্ত্রীসভায় অন্যতম সদস্য স্মরজিৎ ব্যানার্জি, ড. নিলেন্দু সেনগুপ্তকে দেওয়া এক সাক্ষাৎকারে মন্তব্য করেছেন— "ড. প্রফুল্ল ঘোষ স্বাধীনতার পর পশ্চিমবঙ্গের প্রথম মুখ্যমন্ত্রী হিসেবে গোড়া থেকেই প্রচার করতে থাকেন যে পূর্ববঙ্গের অবস্থা স্বাভাবিক হবে এবং সমস্ত হিন্দু উদ্বাস্তুরা পূর্ববঙ্গের চলে যাবেন, তাই এদের পূনর্বাসনের কোনো প্রয়োজন নেই ফলে প্রথমদিকে কেন্দ্র পুনর্বাসনের জন্য কোন সাহায্য দেয়নি।[২৩] প্রায় একই সুর ধরা পড়ে ঐতিহাসিক প্রফুল্ল কুমার চক্রবর্তীর লেখায় তিনি বলেন যে— "This is clear from the report of the chief -minister Dr. P. C. Ghosh to Jawarharlal Nehru. He intimated to Nehru that the refugees would go back to their homes as soon as the situation calmed down a bit."[২৪] কিন্তু প্রফুল্ল ঘোষ এর ধারণা ছিল সম্পূর্ণরূপে ভুল, উদ্বাস্তুরা আর ফিরে যাবার বদলে এখানেই স্থায়ীভাবে বসবাসের জন্য মন স্থির করে। তাছাড়া উদ্বাস্তুদের প্রতি তিনি দায়িত্ব এড়িয়ে যাওয়ার মানসিকতা নিয়ে কাজ করতে থাকেন।

ইতিমধ্যে প্রফুল্ল গোষ এর কর্মপদ্ধতিতে অসন্তুষ্ট হয়ে কংগ্রেস নেতৃবৃন্দ তাকে মুখ্যমন্ত্রীর পদ থেকে সরানোর পরিকল্পনা করে এবং বাধ্য করে পদত্যাগ করতে। ১৯৪৮ খ্রিস্টাব্দের ১৫ জানুয়ারি ড. ঘোষের পদত্যাগপত্র গৃহীত হয় এবং ডা: বিধানচন্দ্র রায় কে নেতা নির্বাচিত করা হয়, কিন্তু ইতিমধ্যে ডা: বিধানচন্দ্র রায়ের কাছে উত্তর প্রদেশের রাজ্যপাল হওয়ার প্রস্তাব ছিল। তিনি তা প্রত্যাখ্যান করে ১৯৪৮ খ্রিস্টাব্দের ২৩ শে জানুয়ারি নেতাজি সুভাষচন্দ্রের জন্মদিনে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেন এবং ১৯৬২ খ্রিস্টাব্দের ১লা জানুয়ারি আমৃত্যু তিনি ওই পদে আসীন ছিলেন।[২৫] এই সময় পশ্চিমবঙ্গের রাজ্যপাল ছিলেন চক্রবর্তী রাজা গোপালাচারী,[২৬] পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্ব নেওয়ার পর ডা: বিধানচন্দ্র রায় ঘোষণআ করলেন যে "জনগণের প্রয়োজন মেটানোই আমাদের কাজ তার মধ্যে প্রথমটি হচ্ছে আমাদের খাদ্য বস্ত্র সমস্যার সমাধান করার কাজ পরের কাজ হচ্ছে এই যে বিপুল সংখ্যক মানুষ এসেছেন পূর্ববঙ্গ থেকে তাদের ঠিকমতো কাজে লাগানো

তারপরে কাজ হচ্ছে পশ্চিমবঙ্গের সীমান্তে যারা বাস করেন তাদের মধ্যে থেকে আতঙ্ক দূর করা আর সম্ভব মত পূর্ববঙ্গের সংখ্যালঘুদের মনে নিরাপত্তা ফিরিয়ে আনার চেষ্টা করা।[২৭] অর্থাৎ পূর্ব মুখ্যমন্ত্রী প্রফুল্ল চন্দ্র ঘোষ এবং তৎকালীন প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু উদ্বাস্তুদের প্রতি যে বিরূপ মনোভাব পোষণ করতেন তার সম্পূর্ণ বিপরীত দৃষ্টিকোণ লক্ষ করা যায় ডা: বিধানচন্দ্র রায়ের দৃষ্টিতে।

এক জটিল এবং সমস্যাবহুল পরিস্থিতির মধ্যে ডা: বিধানচন্দ্র রায় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর পদ গ্রহণ করেছিলেন। তার প্রথম সমস্যা ছিল নিজের দলের অন্তর্দ্বন্দ্ব এবং বিরোধী দল হিসাবে কমিউনিস্টদের জঙ্গি আন্দোলন। এছাড়া সমকালীন আর্থসামাজিক সমস্যাকে উপেক্ষা করা রায়ের পক্ষে সম্ভব ছিল না এই সমস্যার ব্যাপকতা ও তার সমাধানের প্রচেষ্টা সম্পর্কে তার একান্ত অনুগামী ও পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র মত এ প্রসঙ্গে উল্লেখযোগ্য— "ডা: রায় যখন মুখ্যমন্ত্রী হন তখন পশ্চিমবঙ্গ দেশ বিভাগের ফলে নানাভাবে ক্ষতিগ্রস্ত নানান অসুবিধার সম্মুখীন এই রাজ্য পশ্চিমবঙ্গে ছিল সমস্ত চটকল আর শতকরা ৮০-৮৫ ভাগ কাঁচাপাট আসতো তদানীন্তন পূর্ববঙ্গ বা পূর্ব পাকিস্তান থেকে (বর্তমান বাংলাদেশে), কাজে ডা: রায় কে বাধ্য করা হলো প্রায় ২৭ লাখ বিঘা জমিতে পাট চাযের ব্যবস্থা করার জন্য সবচেয়ে বড় বিপর্যয় ঘটল পূর্ব পাকিস্তান থেকে লক্ষ লক্ষ ভাই বোনের পশ্চিমবঙ্গের আশ্রয়প্রার্থী হিসেবে চলে আসার জন্য খাদ্যাভাব ও রেশনে খাদ্য বন্টন ও তখনকার একটি অপ্রীতিকর ঘটনা। এই অবস্থায় আবার মরার উপর খাঁড়ার ঘায়ের মত বড় বিপদ ও সমস্যা দেখা দিল কমিউনিস্ট ও অন্যান্য বামফ্রন্টের শরিকদের অসহযোগিতা। নয় এই আশ্রয়প্রার্থীদের নিয়ে তারা রাজনীতি ও দলবাজি শুরু করলেন, … এরই মধ্যে আশ্রয়প্রার্থীদের পুনর্বাসনের কাজ এগিয়ে চলল।"[২৮] অর্থাৎ বলা যায় যে এক জটিল আবর্তের মধ্যে থেকে ডা: বিধানচন্দ্র রায় কে উদ্বাস্তু সমস্যা সমাধানে নিজেকে নিয়োজিত করতে হয়েছিল।

অর্থ সামাজিক এবং রাজনৈতিক সমস্যা ছাড়াও পশ্চিমবঙ্গের উদ্বাস্তুদের জন্য সঠিক পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে আরেকটি মূল প্রতিবন্ধকতা ছিল প্রশাসনিক পরিকাঠামো গত সমস্যা। এই সময়ে উদ্বাস্তু পুনর্বাসন এর জন্য কোন স্বতন্ত্র বিভাগ ছিল না এবং প্রাথমিকভাবে উদ্বাস্তু বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন নিকুঞ্জবিহারী মাইতি। ডা: রায় মুখ্যমন্ত্রী হওয়ার পর এই প্রশাসনিক দুর্বলতা দূর করতে সচেষ্ট হলেন। এই সময় পুনর্বাসন দপ্তরের মহাধ্যক্ষ শ্রী ব্রজকান্ত গুহ হাইকোর্টের জর্জ নিযুক্ত হলেন।[২৯] ব্রজকান্ত গুহ হাইকোর্টের জর্জ নিযুক্ত হওয়ায়, ওই ঘটনাকে সামনে রেখে তিনি নতুন ব্যবস্থা গ্রহণ তৎপর হলেন এবং নিজের দায়িত্ব নিয়ে উদ্বাস্তু সমস্যা সমাধানের জন্য প্রশাসনিক পরিকাঠামো বদলে সচেষ্ট হলেন এর পাশাপাশি বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহ করলেন। পুনর্বাসন মহাধক্ষ্য ও ত্রান সচিবের পদ তৎকালীন পর্যন্ত আলাদা আলাদ আধিকারিকের অধীনে ছিল তিনি। এই দুটি পদে একই ব্যক্তিকে নিয়োগ করবার সিদ্ধা গ্রহণ করলেন। তার ধারণায় তাহলে ডিপার্টমেন্ট ও ডাইরেক্টরেট একযোগে কাজ কর

এবং একাজ ত্বরান্বিত হবে।[৩০] এই গুরুত্বপূর্ণ পদে একজন দক্ষ ও কর্মঠ মানুষের প্রয়োজন ছিল। ডা: রায় তৎকালীন চব্বিশ পরগণা জেলাশাসক হিরণময় বন্দ্যোপাধ্যায়কে এই পদে নিয়োগ করেন এবং ১৯৪৯ খ্রিস্টাব্দের ১৫-ই জুন কার্যভার গ্রহণ করেন।[৩১]

ডা: বিধানচন্দ্র রায় উদ্বাস্তু পুনর্বাসনের কাজ দ্রুত গতিতে করার জন্য আকেরটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি পুনর্বাসনের কাজের জন্য স্বতন্ত্র একটি বিভাগ তৈরি করেন। এযাবৎকাল পর্যন্ত ত্রান বিভাগই উদ্বাস্তুদের কাজে পরিচালনা করত কিন্তু উদ্বাস্তুদের পুনর্বাসনের কাজে গুরুত্ব দিতে হলে তাকে একটি স্বতন্ত্র বিভাগের তত্ত্বাবধানে আনা প্রয়োজন হয়ে পড়েছিল যা ছিল সব থেকে তাৎপর্যপূর্ণ সিদ্ধান্ত তা হলো তিনি নিজেই এই বিভাগের দায়িত্ব গ্রহণ করলেন।[৩২] মূলত ব্যক্তিগত তত্ত্বাবধানে থাকলে এই কাজে গতি ও তার প্রয়োগ যথাযথ হবে, সেই ভাবনা থেকেই তিনি এই সিদ্ধান্ত নিয়েছিলেন বলে মনে হয়, যা থেকে বলা যায় যে উদ্বাস্তু সমস্যা সমাধানে তিনি কতটা আন্তরিক ছিলেন। এই কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য একটি পুনর্বাসন বোর্ড গঠন করেছিলেন। এই বোর্ডের সভাপতি ছিলেন পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী অর্থাৎ স্বয়ং মুখ্যমন্ত্রী নিজে এবং সদস্য মনোনীত হলেন সতীশচন্দ্র দাশগুপ্ত, রেণুকা রায়, জীবনানন্দ ভট্টাচার্য এবং জীবনকৃষ্ণ মিত্র।[৩৩] যদিও পরবর্তীকালে পুনর্বাসন দপ্তর এবং পুনর্বাসন বোর্ডের সদস্যদের মধ্যে কাজ এবং সম্পর্কের জটিলতার কারণেই এই বোর্ডের অস্তিত্ব লোপ পায়। উদ্বাস্তু পুনর্বাসনের কাজকে নির্বিঘ্নে করার জন্য প্রয়োজন ছিল প্রচুর জমির কিন্তু ইংরেজ আমল হতে জমি অধিগ্রহণরে জন্য যে পদ্ধতি প্রচলিত ছিল তা ছিল সময় এবং ব্যয় সাপেক্ষ। এই সমস্যা সমাধানের জন্য সরকার আরেকটি নতুন আইন পাস করে, যার নাম দেওয়া হয়– 'ভূমি উন্নয়ন ও পরিকল্পনা আইন'। স্বাধীনতার পরবর্তীতে জমির চাহিদা বৃদ্ধি পাওয়ার ফলে জমির মূল্য অযাচিতভাবে বৃদ্ধি পেয়েছিল কিন্তু নতুন আইনে জমি অধিগ্রহণের সুবিধাতো হয়েছিলই এবং জমির মূল্য নির্ধারিত হয়েছিল। ১৯৪৬ খ্রিস্টাব্দের বাজারদর অনুযায়ী আর এই নতুন আইনের সাহায্য নিয়ে ডাক্তার বিধানচন্দ্র রায় একটি কমিটি গঠন করেন যার নাম দেওয়া হয়েছিল Land Development and Planning Committee।[৩৪] এই বোর্ডের সভাপতি ছিল ডা: রায় স্বয়ং নিজে সদস্য ছিলেন রাজস্ব বোর্ডের সদস্য সত্যেন্দ্র মোহন বন্দ্যোপাধ্যায় এবং সম্পাদক ছিলেন রাজস্ব বোর্ডের সচিব। জমি অধিগ্রহণ করে উদ্বাস্তুদের পুনর্বাসনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিলেন এই বোর্ড।

তাই বলা যায় যে— পূর্বতন সময়ের যে প্রশাসনিক এবং পরিকাঠামোগত সমস্যা ছিল ডা: বিধানচন্দ্র রায় অত্যন্ত দক্ষতার সাথে তা দূর করে, উদ্বাস্তু কল্যাণের কাজে দৃষ্টি নিবেশ করেন স্বাধীনতা পরবর্তীতে যে উদ্বাস্তু আগমন হয় তাদের পুনর্বাসনের ক্ষেত্রে ডা: বিধানচন্দ্র রায় যে পদক্ষেপ নেন বা কার্যাবলী গ্রহণ করেন, তাকে দুটি ভাগে ভাগ করে আলোচনা করা যেতে পারে। ১) পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের জন্য পশ্চিমবঙ্গের মধ্যে গৃহীত পুনর্বাসন নীতি এবং ২) পশ্চিমবঙ্গের বাইরে পুনর্বাসন নীতি আলোচ্য সময়ে

পশ্চিমবঙ্গের কি পরিমান উদ্বাস্তু আগমন ঘটে, তার একটি পরিসংখ্যান দেওয়া হল।

সাল	উদ্বাস্তু জনসংখ্যা
১৯৪৬	৫৮,৬০২
১৯৪৭	৪,৬৩,৪৭৪
১৯৪৮	৪,৯০,৫৫৫
১৯৪৯	৩,২৬,২১১
১৯৫০	১১,৭২,৯২৮
১৯৫১	৪৭,৪৩৭
১৯৫২	৫,৩১,৪৪০
১৯৫৩	৭৬,১২৩
১৯৫৪	১,২১,৩৬৪
১৯৫৫	২,৪০,৪২৪
১৯৫৬	৫,৮১,০০০

সূত্র–[৩৫]

পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের জন্য পশ্চিমবঙ্গের মধ্যে গৃহীত পুনর্বাসন নীতি :

উপরের পরিসংখ্যান থেকে আমরা সহজেই অনুমান করতে পারি যে— কি ব্যাপক হারে উদ্বাস্তু আগমন হয়েছিল পশ্চিমবঙ্গে। এই সমস্ত আগত উদ্বাস্তুদের প্রথমে তোলা হয়েছিল বিভিন্ন আশ্রয় শিবিরে। তারপর তাদেরকে বিভিন্ন স্থানে পুনর্বাসনের ব্যবস্থা গৃহীত হয়। এই আশ্রয় শিবিরগুলি মূলত তৈরি করা হয়েছিল বাংলাদেশে (তৎকালীন পূর্ব পাকিস্তান) লাগোয়া বিভিন্ন জেলা যেমন— নদীয়া, উত্তর ২৪ পরগণাতে এবং কিছু আশ্রয় শিবির স্থাপিত হয়েছিল হাওড়া, শিয়ালদহ স্টেশনের সংলগ্ন অঞ্চলে। আশ্রয় শিবির গুলি স্থাপনের ক্ষেত্রে যে সমস্ত স্থান নির্ণয় করা হয়েছিল সেগুলি ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ব্রিটিশ সরকার কর্তৃক ব্যবহার করা পরিত্যক্ত সেনানিবাস, বন্ধ হয়ে যাওয়া চটকল এবং পাটের গুদাম। এরকম কয়েকটি আশ্রয় শিবির এর মধ্যে উল্লেখযোগ্য ছিল— চাঁদমারি ক্যাম্প, কুপার্স ক্যাম্প, ধুবুলিয়া ক্যাম্প, হাবড়া ক্যাম্প, বহিগাছি ক্যাম্প প্রভৃতি।

প্রথম পর্বে আশ্রয় শিবিরে বসবাসকারী সবাই পুনর্বাসন যোগ্য ছিল না কারণ এমন অনেক পরিবার ছিল যাদের কর্তা পুনর্বাসনের ক্ষমতা রাখত না, যাদের নেতৃত্ব ছিল বিধবা মা এবং পঙ্গু ও অসমর্থ মানুষ।[৩৬] যারা পুনর্বাসন যোগ্য হিসেবে বিবেচিত হয়েছিল তাদের পুনর্বাসন দেওয়ার সময় যেসব বিষয়ের উপর খেয়াল রাখতে হয়েছিল, তার মধ্যে অন্যতম হলো যে সমস্ত মানুষকে পুনর্বাসন দেওয়া হবে তাদের জীবিকার ভিত্তি কি? কারণ তাদের জীবিকার ওপর তাদের জীবনধারণ নির্ভর করবে, সেই মোতাবেক তাদের জন্য জমির বন্দোবস্ত করতে হয়েছিল। এদেরকে পুনর্বাসনের সুবিধার জন্য চারটি শ্রেণিতে ভাগ করা হয়— (১) কৃষিজীবী, (২) তাঁতি, (৩) মৎসজীবী এবং (৪) নিম্নমধ্যবিত্ত, সংখ্যার নিরিখে তাঁতি এবং মৎস্যজীবী সম্প্রদায় ছিল খুবই কম এবং কৃষিজীবী ও নিম্ন

পশ্চিমবঙ্গের কি পরিমান উদ্বাস্তু আগমন ঘটে, তার একটি পরিসংখ্যান দেওয়া হল।

সাল	উদ্বাস্তু জনসংখ্যা
১৯৪৬	৫৮,৬০২
১৯৪৭	৪,৬৩,৪৭৪
১৯৪৮	৪,৯০,৫৫৫
১৯৪৯	৩,২৬,২১১
১৯৫০	১১,৭২,৯২৮
১৯৫১	৪৭,৪৩৭
১৯৫২	৫,৩১,৪৪০
১৯৫৩	৭৬,১২৩
১৯৫৪	১,২১,৩৬৪
১৯৫৫	২,৪০,৪২৪
১৯৫৬	৫,৮১,০০০

সূত্র-[৩৫]

পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের জন্য পশ্চিমবঙ্গের মধ্যে গৃহীত পুনর্বাসন নীতি :

উপরের পরিসংখ্যান থেকে আমরা সহজেই অনুমান করতে পারি যে— কি ব্যাপক হারে উদ্বাস্তু আগমন হয়েছিল পশ্চিমবঙ্গে। এই সমস্ত আগত উদ্বাস্তুদের প্রথমে তোলা হয়েছিল বিভিন্ন আশ্রয় শিবিরে। তারপর তাদেরকে বিভিন্ন স্থানে পুনর্বাসনের ব্যবস্থা গৃহীত হয়। এই আশ্রয় শিবিরগুলি মূলত তৈরি করা হয়েছিল বাংলাদেশে (তৎকালীন পূর্ব পাকিস্তান) লাগোয়া বিভিন্ন জেলা যেমন— নদীয়া, উত্তর ২৪ পরগণাতে এবং কিছু আশ্রয় শিবির স্থাপিত হয়েছিল হাওড়া, শিয়ালদহ স্টেশনের সংলগ্ন অঞ্চলে। আশ্রয় শিবির গুলি স্থাপনের ক্ষেত্রে যে সমস্ত স্থান নির্ণয় করা হয়েছিল সেগুলি ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ব্রিটিশ সরকার কর্তৃক ব্যবহার করা পরিত্যক্ত সেনানিবাস, বন্ধ হয়ে যাওয়া চটকল এবং পাটের গুদাম। এরকম কয়েকটি আশ্রয় শিবির এর মধ্যে উল্লেখযোগ্য ছিল— চাঁদমারি ক্যাম্প, কুপার্স ক্যাম্প, ধুবুলিয়া ক্যাম্প, হাবড়া ক্যাম্প, বহিগাছি ক্যাম্প প্রভৃতি।

প্রথম পর্বে আশ্রয় শিবিরে বসবাসকারী সবাই পুনর্বাসন যোগ্য ছিল না কারণ এমন অনেক পরিবার ছিল যাদের কর্তা পুনর্বাসনের ক্ষমতা রাখত না, যাদের নেতৃত্ব ছিল বিধবা মা এবং পঙ্গু ও অসমর্থ মানুষ।[৩৬] যারা পুনর্বাসন যোগ্য হিসেবে বিবেচিত হয়েছিল তাদের পুনর্বাসন দেওয়ার সময় যেসব বিষয়ের উপর খেয়াল রাখতে হয়েছিল, তার মধ্যে অন্যতম হলো যে সমস্ত মানুষকে পুনর্বাসন দেওয়া হবে তাদের জীবিকার ভিত্তি কি? কারণ তাদের জীবিকার ওপর তাদের জীবনধারণ নির্ভর করবে, সেই মোতাবেক তাদের জন্য জমির বন্দোবস্ত করতে হয়েছিল। এদেরকে পুনর্বাসনের সুবিধার জন্য চারটি শ্রেণিতে ভাগ করা হয়— (১) কৃষিজীবী, (২) তাঁতি, (৩) মৎসজীবী এবং (৪) নিম্নমধ্যবিত্ত, সংখ্যার নিরিখে তাঁতি এবং মৎস্যজীবী সম্প্রদায় ছিল খুবই কম এবং কৃষিজীবী ও নিম্ন

মধ্যবিত্ত শ্রেণি ছিল প্রায় সমান, সমান।

যারা কৃষিজীবী ছিলেন তাদের মূলত বর্ধমান জেলায় পুনর্বাসনের ব্যবস্থা করা হয়। এই জেলার পূর্ব অঞ্চলে অনেক বিস্তৃত জমি অনাবাদি অবস্থায় ছিল বিশেষ করে কালনা ও কাটোয়া মহকুমার ভাগীরথী নদী সংলগ্ন অনেক চাষের উপযুক্ত জমি পুনর্বাসনের ব্যবহার করার যোগ্য ছিল। এইসব জায়গায় ওই পরিবারগুলিকে নিজেদের চেষ্টায় জমি সংগ্রহ করে নিজেদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয় এবং ওই পরিকল্পনা যথেষ্ট সাফল্য লাভ করেছিল।[৩৭] তাঁতিদের সংখ্যা ছিল কম, এই শ্রেণির লোকেরা নিজেদের ব্যবসায়িক প্রয়োজনে কলকাতার কাছাকাছি জায়গায় পুনর্বাসন চেয়েছিল গড়িয়ার দক্ষিণে রাজপুর সংলগ্ন চৌহাট্টা অঞ্চলে এদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়।

মৎস্যজীবীদের সমস্যা ছিল একটু পৃথক ধরনের তাদের জন্য এমন জায়গার প্রয়োজন ছিল যেখানে কাছাকাছি প্রচুর জলাশয় আছে বা নদীর তীরবর্তী অঞ্চল। যাতে তারা মাছ ধরে জীবিকা নির্বাহ করতে পারে। এই সম্প্রদায়ের উদ্বাস্তুরা তাই ভাগীরথীর পূর্ব পাড়ে পুনর্বাসন পাওয়ার ইচ্ছা প্রকাশ করে।[৩৮] সেই মোতাবেক বর্তমান নদীয়া জেলার কল্যাণী শহরের পশ্চিম প্রান্তে একটি অঞ্চলে মৎস্যজীবী সম্প্রদায়ের পুনর্বাসন দেওয়া হয় যার নাম মাঝেরচর বর্তমান এই অঞ্চলটি কল্যাণী পৌরসভার ৬ এবং ৭ নং ওয়ার্ডের অন্তর্গত।

সবচেয়ে বেশি সমস্যা ছিল আশ্রয় শিবিরে বসবাসকারী নিম্ন মধ্যবিত্ত শ্রেণির উদ্বাস্তু পরিবারগুলির নিয়ে। এদের সংখ্যা ছিল প্রচুর মূলত হাবরা, বহিগাছি এবং গয়েশপুরে এদের আশ্রয় শিবির গুলি ছিল। হাবরা আর বহিগাছি তে বসবাসকারী উদ্বাস্তুদের জন্য হাবরা এবং চাঁদমারি কলোনি স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু এই দুই জায়গাতেই সমস্ত পরিবারের জন্য স্থান সংকুলান না হওয়ায়, চাকদার রেললাইনের পূর্ব এবং পশ্চিম পাড়ে কলোনি স্থাপন করে পুনর্বাসনের ব্যবস্থা করা হয় আর গয়েশপুরের উদ্বাস্তু পরিবারগুলিকে পার্শ্ববর্তী অঞ্চলে কলোনি তৈরি করে পুনর্বাসনের ব্যবস্থা করা হয়।

আশ্রয় শিবিরে যেসব পুনর্বাসনযোগ্য পরিবার ছিল তাদের মধ্যে যেসব পরিবারের অভিভাবক ছিল মেয়ে তাদেরকে টিটাগড়ের আশ্রয় শিবিরে পাঠানোর ব্যবস্থা করা হয়। আর যাদের অভিভাবক বৃদ্ধ বা পঙ্গু পুরুষ তারা স্থান পেলো রানাঘাট এর কাছাকাছি অবস্থিত একটি আশ্রয় শিবিরে। এইভাবে ডা: বিধানচন্দ্র রায় এর উদ্যোগে সুচারুভাবে পুনর্বাসন পরিকল্পনা গৃহীত হয়েছিল।

১৯৫০ খ্রিস্টাব্দের জানুয়ারি মাসের মধ্যে প্রথম পর্বের পুনর্বাসন প্রক্রিয়া শেষ হলেও, এই মাসের শেষের দিকে পূর্ববাংলার বাগের হাট অঞ্চলে নতুন করে দাঙ্গা বাঁধায়, পুনরায় উদ্বাস্তু আগমন শুরু হয় এবং ওই সময় যে সমস্ত উদ্বাস্তুরা আসে তাদের জন্য আশ্রয় কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত হয় এই কাজের জন্য দুটি কেন্দ্র নির্বাচিত হয় একটি বনগাঁ স্টেশন এর নিকটবর্তী স্থানে আরেকটি নির্বাচিত হল দর্শনার নিকটবর্তী সীমান্তবর্তী অঞ্চলে।[৩৯] এই সমস্ত উদ্বাস্তুদের 'বর্ডার স্লিপ' দেওয়ার ব্যবস্থা করা হয় এক একান্ত

বৈঠকে কেন্দ্রীয় সরকারের উদ্বাস্তুমন্ত্রী শ্রী মোহনলাল সাকসেনা কে উদ্বাস্তুদের আশ্রয় দান প্রসঙ্গে প্রশ্ন করেন এত যে লোক তাদের জন্য সব ব্যবস্থা করে উঠতে পারবে তো স্যার ? উত্তরে তিনি বললেন কেন পারব না ? নিশ্চয়ই পারবো,[৪০] এ থেকে বিধান রায়ের উদ্বাস্তুদের প্রতি দায়বদ্ধতা এবং কর্তব্য পরায়ণতার পরিচয় পাওয়া যায়।

বিপুল সংখ্যক উদ্বাস্তু আগমন দেখে কেন্দ্রীয় সরকার ঘোষণা করে যে— যারা ওপার বাংলা থেকে পশ্চিমবঙ্গে আসছে তাদেরকে কেবল প্রাথমিক ত্রাণই দেওয়া হবে কিন্তু কোন প্রকার পুনর্বাসন দেয়া হবে না। এছাড়া এই ভার শুধু পশ্চিমবঙ্গ একা নেবেনা। মোট উদ্বাস্তুর সংখ্যা দুই লক্ষ হবে ধরে নিয়ে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও উড়িষ্যা প্রত্যেকে ২৫০০০ এবং বিহারকে ৫০০০০ উদ্বাস্তুর ভার নিতে বলা হয়। এছাড়া কলকাতায় কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রকের একটি শাখা স্থাপন করা হয়। যাতে পুনর্বাসনের কাজ দ্রুত সম্পাদন করা সম্ভবপর হয়। এই সময়ে ডা: বিধানচন্দ্র রায়ের নির্দেশে বসিরহাট, বনগাঁ, বাগদা, ট্যাংরা, রানাঘাট অঞ্চলে আশ্রয় শিবির স্থাপন করা হলো। কিন্তু উদ্বাস্তু আগমনের হার বেশি হওয়ায় একই দিনে সবাইকে বর্ডার স্লিপ দিয়ে আশ্রয় শিবিরে পাঠানো সম্ভবপর না হওয়ায় ওই বিপুল সংখ্যক মানুষকে অস্থায়ীভাবে 'ট্রানজিট ক্যাম্পে' রাখার ব্যবস্থা করা হয়। কলকাতায় স্থাপিত কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রকে দায়িত্ব দোওয়া হয় রানাঘাটের কুপার্স ক্যাম্প কে এখানে আশ্রয় শিবিরে বসবাসকারীদের পশ্চিমবঙ্গের বাইরের রাজ্যে পুনর্বাসনের জন্য ব্যবস্থা করা হয়।

এই সময় যে সমস্ত মানুষ পূর্ববঙ্গ থেকে আসে তাদেরকে সীমান্তবর্তী অঞ্চলে প্রবেশের পর তিনটি শ্রেণিতে ভাগ করা হয়— প্রথম শ্রেণি ছিল সেই সমস্ত মানুষ যারা প্রাণ বা পুনর্বাসনের জন্য সরকারের ওপর নির্ভরশীল নয়, দ্বিতীয় শ্রেণির মানুষ ছিল সরকারের উপর আংশিক নির্ভরশীল এরা আশ্রয় শিবিরে থাকতোনা, প্রাথমিকভাবে কিছু আর্থিক সাহায্যে আসা রাখত এবং ভবিষ্যেতে পুনর্বাসনের জন্য সরকারের সাহায্যের আসা রাখত তৃতীয় শ্রেণির মানুষ যাদের নিজস্ব কোনো ক্ষমতাই ছিল না, সম্পূর্ণভাবে ছিল সরকারের উপর নির্ভরশীল। এই তিন শ্রেণির মানুষকে চিহ্নিত করার জন্য পৃথক রংয়ের কার্ড ব্যবহার করা হতো। এছাড়া যে সমস্ত সচ্ছল পরিবার বিমানযোগে আসত তাদের জন্য দমদম বিমানবন্দরে একটি দপ্তর খোলা হয়েছিল। এদের মধ্যে যারা আশ্রয় শিবিরে যেতেন না তাদের প্রাথমিকভাবে আর্থিক সাহায্যের জন্য অকল্যান্ড রোডের পুনর্বাসন মহাকারণে একটি কাউন্টার খোলা হয়েছিল।[৪২]

একদিকে নিজের প্রাণ বাঁচানোর তাগিদ অন্যদিকে পূর্ববঙ্গ থেকে পশ্চিমবঙ্গের আসার জন্য পরিবহন ব্যবস্থার অপ্রতুলতা, এই দুই সমস্যার মাঝে পড়ে বহু মানুষ বাংলাদেশের বিভিন্ন জায়গায় আটক করে। পূর্ববঙ্গের সরকারও এদের প্রতি ছিল উদাসীন। উদ্বাস্তুদের প্রতি সহানুভূতিশীল বিধান রায়ের কাছে এই খবর পৌঁছালে তিনি তাদের উদ্ধারে তৎপর হন। সেই সময় জলপথ এদেশের দুটি স্টিমার পরিবহনের কাজে লিপ্ত ছিল; সেই কোম্পানিক কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে নদী উপকূলে আটকে থাকা

মানুষদের কলকাতায় আনার ব্যবস্থা করেন। এছাড়া পরবর্তীতে ডা: বিধানচন্দ্র রায় আরও ১৫টি স্টিমার পাঠানোর ব্যবস্থা করেন যারা জলপথের প্রচুর সংখ্যক বাস্তত্যাগী মানুষকে এদেশে নিয়ে আসে। এছাড়া উদ্বাস্তুদের বিভিন্ন সমস্যা সমাধানের জন্য ডা: বিধানচন্দ্র রায় প্রতিদিন সকালে ৯:৩০ মিনিটে অফিসের কাজ শুরু হবার আগে উচ্চ পদস্থ কর্মচারীদের নিয়ে এবং ত্রাণকার্যে লিপ্ত কর্মীদের নিয়ে সভা করতেন।[৪৩] যা থেকে তার উদ্বাস্তুদরদী মানচিত্রটি স্পষ্ট হয়ে ওঠে।

এই পর্বের আশ্রিত উদ্বাস্তুদের সাহায্য এবং কাজের সুবিধার জন্য স্থায়ী আশ্রয় শিবিরগুলিকে মূলতঃ তিনটি ভাগে ভাগ করা হয়েছিল ১) প্রথম শ্রেণিতে পড়ে আশ্রয় শিবির, এখানে পাঠানো হতো সেই সব উদ্বাস্তু পরিবারকে যারা পুনর্বাসনের উপযুক্ত ২) যে সব পরিবারে অভিভাবক পঙ্গু বা বৃদ্ধ তাদের জন্য খোলা হয়েছিল পার্মানেন্ট লায়াবিলিটি ক্যাম্প, ৩) পুরুষহীন অসমর্থ পরিবারের জন্য খোলা হয় নারী আশ্রয় শিবির বা উইমেন্স ক্যাম্প। এছাড়া অসমর্থ পরিবারের ছেলে মেয়েদেয় ভবিষ্যৎ-এ স্বনির্ভর করে তোলার জন্য পৃথক পৃথক হোমের ব্যবস্থা করা হয়।[৪৪]

এই সমস্ত ছিন্নমূল পরিবারগুলিকে আশ্রয় শিবির থেকে বিভিন্ন জায়গায় পুনর্বাসনের জন্য বেশ কয়েকটি পরিকল্পনা গ্রহণ করা হয়। তাঁর মধ্যে অন্যতম হল ইউনিয়ন বোর্ড পরিকল্পনা। এই পরিকল্পনা গ্রহণের কারণ ছিল এই যে হুকুমনামা জারী করে এর আগে যেভাবে জমি বন্দোবস্তের রীতি গৃহীত হয়েছিল তাতে পুনর্বাসনের কাজে বাধা সৃষ্টি হয়েছিল। ইউনিয়ন বোর্ড পরিকল্পনার মাধ্যমে মোট ১৪০০০ পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করা হয় কিন্তু দূরবর্তী স্থানে পুনর্বাসন দেওয়ার এই পরিকল্পনাও ব্যর্থ হয়। ইউনিয়ন বোর্ড পরিকল্পনা এবং জমির হুকুম দখলের মাধ্যমে পুনর্বাসন প্রক্রিয়ায় দুর্বলতার কথা মাথায় রেখে আরেক ভাবে পুনর্বাসন দেওয়ার রীতি গৃহীত হয়েছিল। এই রীতি অনুযায়ী উদ্বাস্তুদের কোনো জমি পছন্দ হলে, তারা সরাসরি সেই জমির মালিকের সঙ্গে কথা বলে নিজেদের পুনর্বাসনের ব্যবস্থা নিজেরাই করে নিত। এরজন্য সরকারের কাছ থেকে ঋণ পেত। এছাড়া বায়নামো পরিকল্পনার মাধ্যমেও এই পর্বের উদ্বাস্তুদের জন্য পুনর্বাসনের ব্যবস্থা করা হয়। কৃষিজীবী সম্প্রদায়ভুক্ত পরিবারগুলিকে ছয়মাসের জন্য এবং অকৃষিজীবী পরিবারগুলিকে একমাসের জন্য খোরাকি দেওয়া হত। তবে অকৃষিজীবী পরিবারগুলিকে ঋণ দেওয়া হত তুলনামূলকভাবে বেশি পরিমানে।[৪৫]

পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুদের ত্রাণ ও পুনর্বাসন এর পাশাপাশি তাদের মানসিক বল বৃদ্ধির জন্য এবং এই সমস্ত মানুষজন যাতে হীনমন্যতায় না কষ্ট পায় তার জন্য তাদের মনোরঞ্জনের ব্যবস্থা করা হয়। এর জন্য একটি চিত্তবিনোদন সভা স্থাপিত হয় তৎকালীন বেশকিছু শিল্পী এই কাজে সহায়তা করেন তাদের মধ্যে অন্যতম ছিলেন খ্যাতনামা সঙ্গীত শিল্পী হেমন্ত মুখোপাধ্যায়, জ্যোতিরিন্দ্র মৈত্র, উৎপল সেন এবং নাট্যকার মন্মথ রায় প্রমুখ। চিত্তবিনোদন সভার প্রথম বৈঠকে স্থির হয় যে একটি আশ্রয় শিবিরে গিয়ে একদল সঙ্গীতশিল্পী সঙ্গীত পরিবেশন করে আসবেন সেই মোতাবেক চাঁদমারি

ক্যাম্পকে নির্বাচন করা হয় এবং দিন ধার্য হয় ১৯৫০ খ্রিস্টাব্দে ১লা মে। আশ্রয় শিবিরবাসি অনেক মানুষ কলকাতার বিখ্যাত সঙ্গীত শিল্পীদের মুখে গান শোনার জন্য একত্রিত হয় কিন্তু কিছু শিবির বয়সী এই অনুষ্ঠানে বাধা সৃষ্টি করে, তাদের যুক্তি ছিল যে তারা বাস্তু ত্যাগী হওয়ার কারণে খুবই দুর্দশাগ্রস্ত এবং মানসিকভাবে যথেষ্ট বিব্রত। এহেন পরিবেশে সঙ্গীত পরিবেশন শোভা পায় না। এই পরিস্থিতিতে নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা করে বোঝানো হয় যে সঙ্গীত পরিবেশনের উদ্দেশ্য তাদের অবজ্ঞা করা বা আমোদ-প্রমোদ নয় প্রকৃতপক্ষে উদ্বাস্তু মানুষ জনের মনের বল খুন্ন না হয় সেই উদ্দেশ্যে এই সঙ্গীত পরিবেশন। প্রতিকূলতার বিরুদ্ধে যুদ্ধের প্রেরণা দেবার উদ্দেশ্যেই এই চেষ্টা শেষ পর্যন্ত তারা এই অনুষ্ঠানে যোগ দিতে সম্মত হয় এবং অনুষ্ঠানটি সাফল্যমন্ডিত হয় তৎকালীন সময়ে জনসংযোগ অধিকারের সরকারি কর্মী ছিলেন নাট্যকার মন্মথ রায় তাকে অনুরোধ করা হয় এমন একটি নাটক রচনা করতে যাতে উদ্বাস্তুদের মনোবল বৃদ্ধি পায় এবং সেই মোতাবেক তিনি 'ভাঙা-গড়া' নামক একটি নাটক লেখেন। এই নাটকটি মঞ্চস্থ হওয়ার পর উদ্বাস্তু নেতৃবৃন্দের কাছে মনোজ্ঞ হয়েছিল। পরে পুনর্বাসন কর্মীরা বিভিন্ন আশ্রয় শিবিরে অভিনয় করে আসেন, পরবর্তীতে আশ্রয় শিবিরে বসবাসকারী উদ্বাস্তুরা নাটকটি অভিনয় করতে চায়। পুনর্বাসন দপ্তর এই প্রক্রিয়াকে স্বাগত জানায় এবং প্রয়োজনমতো আর্থিক সাহায্য করে।[৪৬]

উদ্বাস্তু সমস্যা ভারত-পাকিস্তান উভয় দেশের শাসকগোষ্ঠীকে যথেষ্ট বিড়ম্বনায় ফেলেছিল, তার সঙ্গে ছিল দুই দেশের সংখ্যালঘুদের জন্য নিরাপত্তা ব্যবস্থা করা। এই সমস্যা সমাধানকল্পে দুই দেশের মধ্যে স্বাক্ষরিত হয় নেহেরু লিয়াকত চুক্তি। এই চুক্তির দুর্বলতাকে উপলব্ধি করে তৎকালীন নেহেরু সরকারের মন্ত্রী উদ্বাস্তুদরদী ড. শ্যামাপ্রদাস মুখার্জী পদত্যাগ করেন। এই চুক্তি মোতাবেক তৎকালীন পশ্চিমবঙ্গ সরকার এই দেশের সংখ্যালঘুদের জন্য যথেষ্ট ব্যবস্থা গ্রহণ করে।

১৯৫১ খ্রিস্টাব্দের জুন মাস হতে আরেক ধাপ পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু স্রোত আসতে শুরু করে। হঠাৎ এই উদ্বাস্তু আগমনের পেছনে কারণ ছিল রাজনৈতিক নয় পূর্ববঙ্গের অর্থনৈতিক বিপর্যয় আলোচ্য সময়ে পূর্ব-বঙ্গে ভালো ফসল না হওয়ায় নিরীহ মানুষের মধ্যে অভাব-অনটন বেড়েছিল। সংখ্যালঘু হিন্দুদের প্রতি তৎকালীন পূর্ব পাকিস্তানের সরকার ছিল সম্পূর্ণ রূপে উদাসীন তাই তারা বাধ্য হয় পশ্চিমবঙ্গে আশ্রয় নিতে খুলনা জেলাতে এই চাপ বেশি অনুভূত হয় তাই এই পর্বে যে উদ্বাস্তু আসে তা প্রবেশ করে *ইচ্ছামতী নদীতীরস্থ ইটিন্ডা ঘাট দিয়ে। তাই ডা: বিধানচন্দ্র রায়ের নির্দেশে ত্রাণ* ও পুনর্বাসন দপ্তর তাদের কার্যালয় খুলে ইটিন্ডা ঘাটে। সেখান থেকে তাদের পাঠানো হয় উল্টোডাঙ্গা আশ্রয় শিবিরে এই পর্বের উদ্বাস্তুদের নিয়ে এক ভিন্ন প্রকার সমস্যা দেখা দিয়েছিল তা হল অনাহার এবং অপুষ্টিজনিত সমস্যা কারণ এদের মধ্যে বেশিরভাগ জন্য ছিল দীর্ঘদিন অর্ধভুক্ত ফলে আশ্রয় শিবিরে অনেক শিশু ও বয়স্ক লোকের মৃত্যু ঘটে। তাই এই পর্বের উদ্বাস্তুদের জন্য দ্রুত পুনর্বাসনে দরকার হয়ে পড়ে। শুধু তাই নয় সেই

সঙ্গে পূর্বের তুলনায় এদেরকে একটু বেশি স্বাস্থ্যকর স্থানে পুনর্বাসন দেওয়ার প্রয়োজন হয়ে পড়ে। উদ্বাস্তু দপ্তরের মহাধ্যক্ষ মাননীয় হিরণময় বন্দ্যোপাধ্যায় এর তৎপরতায় এদেরকে নব ব্যারাকপুর গড়ে ওঠা একটি কলোনিতে স্থানান্তরিত করা হয়।[৪৭]

১৯৫২ খ্রিস্টাব্দে পাকিস্তান সরকারের একটি প্রশাসনিক সিদ্ধান্ত থেকে উদ্বাস্তু আগমনকে আবার বাড়িয়ে তোলে। এই সময় পাকিস্তান সরকার সিদ্ধান্ত নেয় যে উভয় দেশের মধ্যে যাতায়াত করার জন্য পাসপোর্ট ব্যবস্থা চালু হবে এবং এই নিয়ম লাগু করার জন্য সময়সীমা ধার্য করা হয় ১৯৫২ খ্রিস্টাব্দের ১৫-ই অক্টোবর ভারত সরকারও তাই বাধ্য হয় এই পথে হাঁটতে। এই পাসপোর্ট ব্যবস্থা চালু হলে যখন তখন কেউ বিদেশে যাতায়াত করতে পারবে না। তাই পূর্ববঙ্গের সংখ্যালঘুরা তাদের লোটাকম্বল কে সম্বল করে পশ্চিমবঙ্গে প্রবেশ করতে শুরু করে। জুলাই ১৯৫২ থেকে ডিসেম্বর ১৯৫২ পর্যন্ত উদ্বাস্তু আগমনের হার ছিল এইরকম।

মাস	ভর্তির সংখ্যা
জুলাই ১৯৫২	১১,৬০০ জন
অগাস্ট ১৯৫২	৭,৮০০ জন
সেপ্টেম্বর ১৯৫২	১০,৬৫৪ জন
অক্টোবর ১৯৫২	৩১,৭৫৩ জন
নভেম্বর ১৯৫২	১,৭১৫ জন
ডিসেম্বর ১৯৫২	৭,৫৫ জন

সূত্র :[৪৮]

এই সময়ে উদ্বাস্তু ও পুনর্বাসন দপ্তরের মন্ত্রী ছিলেন মাননীয়া রেনুকা রায়। উদ্বাস্তুদের এই আগমন পশ্চিমবঙ্গ সরকারের কারণ হয়ে দাঁড়ায়। কিন্তু পুনর্বাসন দপ্তরের মহাধ্যক্ষ মাননীয় হিরণময় বন্দ্যোপাধ্যায়ের অতীত অভিজ্ঞতা এবং কর্মকুশল ডা: বিধানচন্দ্র রায়ের হস্তক্ষেপে উদ্বাস্তুদের ত্রাণকার্য দ্রুত সম্পন্ন হয়। নবাগত উদ্বাস্তুদের ডোল দেওয়ার পদ্ধতিতে পরিবর্তন আনা হয়। আগের নিয়ম অনুযায়ী পুনর্বাসন যোগ্য পরিবারদের কে আশ্রয় শিবিরে বসিয়ে স্বপ্নসময়ের জন্য ডোর দেওয়া হতো। কিন্তু এখন হতে ঠিক করা হয় যে– উদ্বাস্তুদের সরাসরি পুনর্বাসনের স্থানে নিয়ে যাওয়া সম্ভব না হলে তাদেরকে আশ্রয় শিবিরে স্থান দেওয়ার পরিবর্তে সুবিধামতো কাজের জায়গার কাছাকাছি তাবুতে বাস করতে দেওয়া হবে এবং যারা কর্মক্ষণ পুরুষ তাদেরকে কাজ দেওয়া হবে সেই সময়ে পঞ্চবার্ষিকী পরিকল্পনার অধীনে নানান প্রকল্প শুরু হয়ে গিয়েছিল। এই শ্রেণির উদ্বাস্তুদের সেখানে কাজের ব্যবস্থা করা হয়। কর্মস্থলের কাছাকাছি হওয়ায় এই শ্রেণির আশ্রয় শিবির এর নাম দেওয়া হয় 'ওয়ার্ক সাইট ক্যাম্প' কাজের বিনিময় এরা মজুরি পেত এবং ডোলেরও ব্যবস্থা করা হয়।

ডা: বিধানচন্দ্র রায়ের কর্মতৎপরতায় উত্তর ও দক্ষিণ রাঢ় বঙ্গের অনুর্বর জমিতে

উদ্বাস্তু কলোনির গড়ে তোলার ব্যবস্থা করা হয়। স্মরণঈয় যে জমি ছিল তুলনামূলকভাবে শক্ত এবং জঙ্গলাকীর্ণ তাই সেই সময় কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী এবং তার দপ্তরের সহযোগিতায় আধুনিক বুলডোজার দিয়ে জমি উদ্ধারের ব্যবস্থা হয়। এই নতুন জমিতে কলোনি স্থাপন করে পুনর্বাসনের বন্দোবস্ত হয়। এছাড়া এই অঞ্চলের জমিতে চাষ যোগ্য করে তোলার জন্য উদ্বাস্তু পরিবার পিছু অন্যান্য সাহায্যের পাশাপাশি কোদাল এবং ঝুড়ি সরবরাহের ব্যবস্থা করা হয়। এই জায়গাকে কৃষি যোগ্য করে তোলার জন্য কৃষি বিশেষজ্ঞের পরামর্শ নেওয়া হয়েছিল এই প্রকল্প গড়ে তোলার ক্ষেত্রে উদ্বাস্তু দরদী শ্যামাপ্রসাদ মুখার্জী যতেষ্ট উৎসাহ দান করেছিলেন এইভাবে কর্মার্টোরি, সালানপুর প্রভৃতি স্থানে উদ্বাস্তু কলোনির গড়ে তোলা সম্ভব হয়েছিল। এই সময়ে কলকাতা শহর এবং পার্শ্ববর্তী অঞ্চলে বেশ কিছু খালি জমি পড়েছিল, সাধারণত এই জমির মালিক ছিলেন কোন অবস্থাপন্ন ধনী ব্যক্তি। এই সমস্ত খালি জমিতে জবরদখল কলোনি গড়ে তোলার পরিকল্পনা গৃহীত হয় মোটামুটি ভাবে কলকাতায় ১৩৩ টি জবরদখল কলোনি গড়ে উঠেছিল। তাতে মোট দুই হাজার একর জমি জবরদখল করে ২১,৩৭৭ টি পরিবারের বাসের ব্যবস্থা হয়েছিল এই জাতীয় জবরদখল কলোনির মধ্যে উল্লেখযোগ্য ছিল বেলঘড়িয়ার শহীদ যতীন দাস কলোনি, নৈহাটির বিজয়নগর কলোনি, যাদবপুরের নেতাজি নগর কলোনী প্রভৃতি। পরবর্তীতে ডা: বিধানচন্দ্র রায়ের দ্বিতীয় পর্বের মুখ্যমন্ত্রীত্ব কালে এই সমস্ত কলোনি গুলিতে 'অর্পননামা' প্রদানের ব্যবস্থা করা হয়।[৪৯] এছাড়া কোন কোন জায়গায় ক্যাম্প কলোনি গঠনের মাধ্যমে পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছিল।

আমরা ইতিমদ্যে দেখেছি যে উদ্বাস্তু পরিবারগুলিকে ঢোল আর্থিক সাহায্য দেওয়া হয়েছিল। এর পাশাপাশি আশ্রয়পার্থীদের বস্ত্রাদি দেবার ব্যবস্থা ছিল। বছরে দুবার নিম্নলিখিত হারে বস্ত্রাদি প্রদান করা হতো।

শ্রেণি	**বরাদ্দের পরিমাণ**
বয়স্ক পুরুষের জন্য	দুখানি ধুতি ও দুখানি জামা
বয়স্ক মেয়েদের জন্য	দুখানি শাড়ি, দুখানি সায়া ও ব্লাউজ
বালকদের জন্য	দুখানি হাফপ্যান্ট ও দুখানি শার্ট
বালিকাদের জন্য	দুখানি ফ্রগ ও দুখানি অধোবাস

সূত্র : ৫০

প্রাথমিক পর্বে এপ্রিল মাসে একবার এবং অক্টোবর মাসে একবার দেওয়া হতো। সাধারণত এই দুটি মাসে বাঙালিদের অন্যতম প্রদান দুটি উৎসব উদ্‌যাপিত হতো একটি হলো বাংলা নববর্ষ এবং অন্যটি হলো দুর্গোৎসব। পরবর্তীতে ১৫ ই আগস্ট এবং ২৬ শে জানুয়ারি এই বস্ত্র দান উৎসব প্রচলিত হয়েছিল মূলত উদ্বাস্তুদের মধ্যে দেশাত্মবোধ জাগরণের উদ্দেশ্যে স্বাধীনতা দিবস এবং সাধারণতন্ত্র দিবস কে বেছে নেওয়া হয়েছিল।[৫১]

উদ্বাস্তুদের পুনর্বাসনের পাশাপাশি পরিবারের লোকদের কর্মসংস্থানের দিকেও নজর দেওয়া প্রয়োজন হয়ে পড়েছিল সেই মোতাবেক ডা: বিধানচন্দ্র রায় তার প্রশাসনিক যন্ত্র

কে সঠিকভাবে ব্যবহার করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছিলেন। কর্মসংস্থানের দিকে তাকিয়ে কৃষিজীবী পরিবারকে কৃষি এলাকায়। তাঁতি পরিবারকে কলকাতার কাছাকাছি অঞ্চলে, মৎস্যজীবী পরিবারকে ভাগীরথীর পূর্বে তীরে, বারুজীবীদের বোরোজের জন্য অতিরিক্ত জমি দিয়ে সমস্যা সমাধানের চেষ্টা করা হয়েছিল, কিন্তু সমস্যা তৈরি হয়েছিল নিম্ন-মধ্যবিত্ত পরিবারের সদস্যদের নিয়ে এদের লক্ষ্য ছিল চাকরির ব্যবস্থা করা এই লক্ষ্যে মূলত কম বয়সী তরুণদের জন্য চাকরির পথ খোলার ব্যবস্থা করা হয় এ জন্য কারিগরি শিক্ষার ব্যবস্থা করা হয়। ঋণ প্রদানের মাধ্যমে শিল্পদ্যোগীদের কলোনির নিকটবর্তী স্থানে কারখানা স্থাপনের উৎসাহ দেওয়া হয় এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন মন্ত্রকের প্রতিনিধি ড. মেহেরচাদ খন্না প্রচুর অর্থ বরাদ্দ করেছিলেন ডা: বিধানচন্দ্র রায় নিজ বাড়িতে শিল্পপতিদের ডেকে ড. খন্নার উপস্থিতিতে শিল্প স্থাপনের প্রচেষ্টা করেন এই লক্ষ্যে স্থাপিত হয় রিহ্যাবিলিটেশন ফাইন্যান্স অ্যাডমিনিস্ট্রেশন নামে একটি প্রতিষ্ঠান।[৫২] এই প্রতিষ্ঠানের কাজ ছিল শিল্প স্থাপন এবং প্রসারের জন্য আবেদন গ্রহণ করা এবং তার সত্যতা যাচাই করে দ্রুত ঋণ মঞ্জুর এর ব্যবস্থা করা। এই ব্যবস্থা অনুযায়ী যে সমস্ত প্রতিষ্ঠান উপকৃত হয়েছিল তার মধ্যে উল্লেখযোগ্য হলো রিষড়য় কাপড়ের কল, কল্যাণগড় কলোনিতে ক্যালসিয়াম কার্বনেট কারখানা প্রভৃতি।

এছাড়া ডা: বিধানচন্দ্র রায়ের উদ্যোগে বড় বড় নিয়োগ প্রতিষ্ঠান সাথে যোগাযোগ করে যোগ্য উদ্বাস্তু বাসীদের চাকরির ব্যবস্থা করা হয়েছিল তার মধ্যে অন্যতম ছিল ভারতীয় রেলমন্ত্রক বিভিন্ন জায়গায় নানা শ্রেণির ছোট চাকরি খালি হলে তারা পশ্চিমবাংলার আশ্রয় শিবির উদ্বাস্তুদের অগ্রাধিকার দিয়েছিলেন। ফলে প্রচুর লোকের কর্মসংস্থান হয়েছিল।[৫৩] ডা: রায় কেবলমাত্র সভায় শিল্পপতিদের আমন্ত্রণ করে ক্ষান্ত হননি। তিনি বিশেষ বিশেষ শিল্পপতিদের কলোনিতে কারখানা স্থাপনের জন্য ব্যক্তিগত অনুরোধ করেছিলেন। তার ব্যক্তিগত অনুরোধে মেট্রোপলিটন কোম্পানির মালিক শ্রী দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য তাহেরপুর কলোনির কাছে কাপড়ের কল স্থাপনে উদ্যোগী হয়েছিলেন। এছাড়াও ব্যাপকহারে বেকার সমস্যার সমাধান করার চেষ্টা হয়েছিল পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক স্থাপিত পরিবহন সংস্থায় উদ্বাস্তু যুবকদের নিয়োগের মাধ্যমে।

পশ্চিমবঙ্গের বাইরে পুনর্বাসন নীতি :

দাঙ্গা দেশভাগ এবং ভারত-পাকিস্তান দুই রাষ্ট্রের অভ্যন্তরীণ ও বৈদেশিক নীতির ফলে যে বিপুল পরিমাণ উদ্বাস্তু স্রোত পশ্চিমবঙ্গে প্রবেশ করে তাদের সকলকে এই রাজ্যে পুনর্বাসন দেওয়া সম্ভব ছিল না। এর পেছনে অর্থনৈতিক কারণ এর পাশাপাশি পুনর্বাসন যোগ্য জমির অভাব ছিল অন্যতম প্রধান কারণ। তাই তৎকালীন মুখ্যমন্ত্রী ডা: বিধানচন্দ্র রায় পশ্চিমবঙ্গের বাইরে বিভিন্ন স্থানে এই সমস্ত ছিন্নমূল মানুষদের পুনর্বাসন এর ব্যবস্থা করেন।

তবে পশ্চিমবাংলার এই বিপুল পরিমাণ উদ্বাস্তু পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করা খুব একটা সহজ কাজ ছিল না। এর মূল কারণ হলো পশ্চিমবাংলার বাইরে যেতে

উদ্বাস্তুদের মানসিক বাধা তবে এই বাধা খুব একটা যুক্তিবিরোধী তাও বলা যায় না। কারণ প্রত্যেক মানুষই চায় এমন জায়গায় বসবাস করতে যেখান থেকে সে তার নিজের সংস্কৃতি এবং অতীত ও ঐতিহ্যকে ধরে রাখতে পারে পশ্চিম বাংলার বাইরে গেলে তাদের এই সংস্কৃতিক ঐতিহ্য বিপন্ন হবার সম্ভাবনা ছিল। মূলত এই জন্যই পূর্বে যে সমস্ত মানুষকে বিহার, উড়িষ্যা বা ভারতের পশ্চিমী অন্যান্য অঞ্চলে পাঠানো হয়েছিল তারা আবার ফিরে আসে এবং পশ্চিমবঙ্গের উদ্বাস্তু সমস্যাকে আরো জটিল করে তোলে।

কথিত আছে যে ব্যতিক্রম নিয়মকে প্রমাণিত করে পশ্চিমবঙ্গের বাইরে অসফল পুনর্বাসনের ক্ষেত্রে ব্যতিক্রম দুটি জায়গায় লক্ষ করা যায়। প্রথমটি হলো উত্তর প্রদেশের নৈনিতাল জেলা এবং দ্বিতীয়টি হলো আন্দামান দ্বীপপুঞ্জ। দেশ বিভাজনের পরবর্তী সময়ে উত্তর প্রদেশের সরকার হিমালয় পাদদেশে অবস্থিত তরাই অঞ্চল কে অরণ্য মুক্ত করে কৃষি যোগ্য করবার একটি প্রকল্প গ্রহণ করে। এই অঞ্চলে তারা পাট চাষের সিদ্ধান্ত গ্রহণ করে পূর্ব বাংলার অন্যতম গুরুত্বপূর্ণ ছিল পাট এবং এই পাট চাষে বাঙালি ছিল সিদ্ধহস্ত। এই নতুন পাট চাষের জন্য যে বাঙালি দরকার হয় তার জন্য উত্তর প্রদেশ সরকার বাঙালি উদ্বাস্তুদের নির্বাচন করে তৎকালীন পশ্চিমবঙ্গের আশ্রয় শিবিরে এই ধরনের পাটচাষীদের অভাব ছিলনা। ডা: বিধানচন্দ্র রায়ের সহযোগিতায় পাট চাষীদের উত্তর প্রদেশের নৈনিতালের পাঠানোর ব্যবস্থা করা হয়। এই পরিকল্পনায় একটি বিশেষ সুবিধা ছিল যে উত্তর প্রদেশ সরকার যে বাঙ্গালীদের পুনর্বাসন দেয় সেখানে কেবল বাঙালি পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা হয় দুই দফায় এখানে প্রায় এক হাজার পরিবারের পুনর্বাসনের করা হয় এবং এখানে একটি বাঙালি উপনিবেশ গড়ে ওঠে, তাই পশ্চিমবঙ্গের চেনা পরিবেশের বাইরে হলেও এখানে একটি বাঙালি সমাজের প্রতিষ্ঠা হয় এই পরিবেশে বাঙালির সাংস্কৃতিক বোধ আর বিপন্ন হবার সম্ভাবনা দেখা দিল না।[৫৪]

পশ্চিমবঙ্গের বাইরে ডা: বিধানচন্দ্র রায় কর্তৃক গৃহীত পুনর্বাসন নীতির মধ্যে অন্যতম ছিল আন্দামান দ্বীপপুঞ্জ পরিকল্পনা, দেশভাগের পরবর্তী সময়ে ভারত সরকার দক্ষিণ আন্দামান পোর্ট ব্লেয়ার সংলগ্ন এলাকায় নতুন উপনিবেশ স্থাপনে উদ্যোগী হয় সেই সময় তদানীন্তন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ডা: বিধানচন্দ্র রায় ছিন্নমূল উদ্বাস্তুদের এখানে পুনর্বাসনের একটি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের নিকট পেশ করেন এবং তা গৃহীত হয়। সেই মোতাবেক প্রথমে প্রায় দুশো পরিবারকে পাঠানো হয়। কিন্তু যে সমস্ত মানুষকে নির্বাচন করা হয়েছিল, তারা সবাই ছিলেন অকৃষিজীবী অথচ এখানে দরকার ছিল কৃষিজীবী শ্রেণির পুনর্বাসন কিন্তু তা না হওয়ায় বেশিরভাগ মানুষ পুনরায় ফিরে আসে ফলে প্রথম পর্বের আন্দামান পরিকল্পনা ব্যর্থ হয়।

এর কিছুদিন পর পুনরায় পশ্চিমবঙ্গ সরকার আন্দামানে উদ্বাস্তু পুনর্বাসন এর জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করলে তা নাকচ হয়ে এই যুক্তিতে যে বাঙালি দূর দেশের উপনিবেশ গড়বার ক্ষমতা রাখে না। এর উত্তরে পশ্চিমবঙ্গ সরকারের পুনর্বাসন দপ্তর সুস্পষ্টভাবে জানায় যে নির্বাচনের ত্রুটির জন্য উদ্বাস্তু জনগণের অধিকাংশ সেই

সময় ফিরে আসে। কারণ মধ্যবিত্ত ও কৃষিজীবী যে সমস্ত বাঙালিদের পাঠানো হয়েছিল তারা ছিল কায়িক পরিশ্রমে অনভ্যস্ত। শ্রমজীবী ও কৃষিজীবী উদ্বাস্তুদের পাঠালে পুনর্বাসন প্রতিষ্ঠিত হবার সম্ভাবনা ছিল। কেন্দ্রীয় সরকার এই যুক্তিতে উড়িয়ে দিতে পারল না তবে এর সঙ্গে একটি অমানবিক শর্ত আরোপ করে যে, যে সমস্ত উদ্বাস্তুদের সেখানে পাঠানো হবে তাদের নিজস্ব অর্থে পুনর্বাসন করতে হবে এবং ভারত সরকার কোনরকম অর্থসাহায্য দেবেনা। পশ্চিমবঙ্গের পুনর্বাসন দপ্তরের মহাধ্যক্ষ হিরন্ময় বন্দ্যোপাধ্যায় এর বিরুদ্ধে একটি প্রতিবাদ পত্র লেখেন। "ভারত সরকার যদি বলেন যে এখানে যারা যাবে তাদের নিজেদের অর্থে পুনর্বাসন নিতে হবে তাহলে ধরে নিতে হবে যে তারা চান না, যে এখানে পূর্ব বাংলার উদ্বাস্তু গিয়ে বাস করুক। যারা নিজেদের ভিটে হতে বিতাড়িত হয়ে কপর্দক শূন্য হাতে সরকারের আশ্রয় শিবিরে আশ্রয় নিয়েছে, তারা যে নিজেদের অর্থে দূর দেশে গিয়এ পুনর্বাসনের সামর্থ্য রাখে তা কল্পনা করা দুঃসাধ্য।"[৫৫] এই তীব্র প্রতিবাদের ফলে ভারত সরকার পশ্চিমবঙ্গ সরকারের প্রস্তাব মেনে নেয় এবং সেই মোতাবেক ১৯৫০ সালে ৭২ টি এবং ১৯৫১ সালে ৩৮৪ টি পরিবারের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়।

দক্ষিণ আন্দামানে পুনর্বাসনের সুযোগ ছিল সীমিত তাই ঠিক হয় মধ্য আন্দামানের জঙ্গল পরিষ্কার করে উদ্বাস্তুদের পুনর্বাসন দেওয়া হবে তাই জঙ্গল পরিষ্কার এবং চাষ করবার জন্য সরঞ্জাম যেমন কোদাল, কাটারি, নিরান, শাবল, কাস্তে, নিরেন প্রভৃতি প্রতিটি পরিবারকে দেওয়া হত এছাড়া নিত্য ব্যবহার্য বাসন যেমন বালতি, হাড়ি, থালা, গ্লাস, ঝুড়ি প্রভৃতি দেওয়া হয় প্রতিটি পরিবারকে চাষের জন্য শাক, সবজির বীজ দেওয়া হতো, এছাড়া প্রতি পরিবারের প্রাপ্তবয়স্ক সমর্থ পুরুষ সদস্যকে বাটা কোম্পানির সহায়তায় একজোড়া ক্যাম্বিসের জুতো দেওয়া হয়। যা জঙ্গল পরিষ্কারে সহায়ক হয়েছিল।

উদ্বাস্তুদের চিত্তবিনোদনের জন্য একটি সংখ্যক উদ্বাস্তু পরিবারের দলকে একটি করে খোলও একজোড়া করে করতাল দেওয়া হত যাতে তারা নাম সংকীর্তন এর মাধ্যমে ভগবানের নাম করে মানসিক বল পায় এই সামান্য সরঞ্জাম দিয়ে প্রতিকূল পরিবেশ দ্বীপান্তরের ভয় ভীতি দূর করার অভিনব পদ্ধতি সত্যি প্রশংসনীয় ছিল।[৫৬]

পুনর্বাসন দপ্তর ও কেন্দ্রীয় সরকারের উদ্যোগে দফায় দফায় বেশকিছু পরিবারের স্থান সংকুলান আন্দামানে হয়েছিল ডা: বিধানচন্দ্র রায় এই উদ্বাস্তু পরিবারের প্রতি সহানুভূতিশীল ছিলেন এবং নিয়মিত খোঁজখবর রাখতেন পুনর্বাসনের সময় যাতে তারা স্থানীয় কর্তৃপক্ষের নিকট সাহায্য ও সহানুভূতিশীল আচরণ পায় তা নিশ্চিত করতে তিনি কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেন, একজন বাঙালি সিভিলিয়ান আন্দামানের কমিশনার নিযুক্ত করা হোক। তার প্রস্তাব অনুসারে এই কাজে শঙ্কর মৈত্রকে নিয়োগ করা হয়। পরে তার স্থলাভিষিক্ত হন অজয় কুমার ঘোষ। এছাড়া বহু বাঙালি অফিসারকে ডা: বিধানচন্দ্র রায় উদ্বাস্তুদের পুনর্বাসনের কাজে সহযোগিতা করার জন্য সেখানে পাঠাতে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেন। এদের সাহায্য ও সহযোগিতা এবং স্থানীয় কর্তৃপক্ষের

সহানুভূতি পেয়েছিলেন বাঙালি উদ্বাস্তু পরিবারগুলি।

নৈনিতাল, আন্দামান বাদে পশ্চিমবঙ্গের বাইরে আরেকটি জায়গায় ডা: বিধানচন্দ্র রায় কে উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য উদ্যোগ নিতে হয়েছিল সেটি হল বারাণসী। বারাণসীতে উদ্বাস্তু পুনর্বাসন এর পেছনে ছিল কিছুটা অনুরোধ এবং আধ্যাত্মিক ভাবনা। পশ্চিমবঙ্গের আশ্রয় শিবিরে বসবাসকারী উদ্বাস্তু পরিবারের প্রতি সমবেদনা জানাতে তৎকালীন রাষ্ট্রপতি ডা: রাজেন্দ্র প্রসাদ পশ্চিমবঙ্গে আসেন এবং ১৯৫০ খ্রিস্টাব্দে ৩০ শে অক্টোবর তাকে ধুবুলিয়া আশ্রয় শিবিরে পরিদর্শনে নিয়ে যাওয়া হয় সঙ্গে ছিলেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল মাননীয় শ্রী কৈলাসনাথ কাটজু, প্রেসিডেন্সি বিভাগের কমিশনার যতীন্দ্রনাথ তালুকদার, ভারত সরকারের পুনর্বাসন মন্ত্রকের পশ্চিমবঙ্গ শাখার ভারপ্রাপ্ত যুগ্মসচিব অবনী ভূষণ চট্টোপাধ্যায় এবং পশ্চিমবঙ্গ সরকারের পুনর্বাসন দপ্তরের মহাধ্যক্ষ হিরন্ময় বন্দ্যোপাধ্যায় প্রতিনিধি দলের আশ্রয় শিবির পরিদর্শন কালে কিছু অভিভাবকহীন বৃদ্ধা মহিলা হিরন্ময় বন্দ্যোপাধ্যায় এর কাছে বিনয়ের কাছে আবেদন জানায়, যে তারা বিধবা এবং বয়স্কা, দুর্দিনে আত্মীয়-স্বজন কর্তৃক পরিত্যক্তা। তাই ভরণপোষণের জন্য সরকারের দাখিন্যের ওপর সম্পূর্ণ নির্ভরশীল এই দুঃসময়ে তারা নিকট আত্মীয়ের কাছে অনাদৃত তাদের ইচ্ছা হলো এই যে তাদের জীবনের শেষ দিনগুলি বারাণসীতে কাটাবার জন্য ব্যবস্থা করা হোক হিন্দু আধ্যাত্মিক সংস্কারে বিশ্বাসী এই মহিলাদের মনে হয়েছিল বারাণসীতে দেহ ত্যাগ করতে পারাটা একটি বিশেষ সৌভাগ্যের তাই তারা এই আবেদন করে। ডা: বিধানচন্দ্র রায়ের কাছে এই প্রস্তাব হিরন্ময় বন্দ্যোপাধ্যায় লিখিত আকারে পেশ করেন। ডা: রায় অত্যন্ত তৎপরতার সাথে এই প্রস্তাবকে বাস্তবে রূপ দিতে উদ্যোগ গ্রহণ করেন। তিনি তদানীন্তন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী গোবিন্দ বল্লভ পন্থ কে বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করে একটি চিঠি লেখেন এবং ডাক্তার পন্থ ডা: বিধানচন্দ্র রায়ের প্রস্তাবে সাড়া দিয়ে বৃদ্ধা মহিলাদের থাকার ব্যবস্থা করলে, ১৯৫১ খ্রিস্টাব্দের ২রা ফেব্রুয়ারি তাদেরকে হাওড়া স্টেশন তেকে ট্রেনে করে বারাণসী পাঠাবার সিদ্ধান্ত গৃহীত হয় এবং কার্যকর হয়।[৫৭]

পশ্চিমবঙ্গ সরকার তথা ডা: বিধানচন্দ্র রায়ের উদ্বাস্তু সমস্যা মোকাবিলার বহুবিধ প্রচেষ্টার অন্যতম গুরুত্বপূর্ণ ও বিতর্কিত বিষয় হলো দণ্ডকারণ্য পরিকল্পনা। এ প্রসঙ্গে স্মরণীয় যে এই পরিকল্পনার উদ্ভবকারি ছিল তৎকালীন কেন্দ্রীয় সরকার তার সঙ্গে সাযুজ্য রাখতে পশ্চিমবঙ্গ সরকারকে এই পরিকল্পনার দোসর হতে হয়েছিল। ১৯৫৭-৫৮ সালে কেন্দ্রীয় সরকার উড়িষ্যা, মহারাষ্ট্র ও মধ্যপ্রদেশের বিরাট এলাকা নিয়ে গঠিত দণ্ডকারণ্য একটি উদ্বাস্তু পরিকল্পনা গ্রহণ করে ইতিমধ্যে ১৯৫৪ খ্রিস্টাব্দে পশ্চিমবঙ্গ সরকার পুনর্বাসন প্রক্রিয়া বদন্ধ করে দেওয়ায় পুনর্বাসন সংক্রান্ত সব দায়িত্ব কেন্দ্রীয় সরকারের ওপর বর্তায়। সেই সময় পশ্চিমবঙ্গে পুনর্বাসন প্রক্রিয়া সম্পন্ন হয়নি এই পরিপ্রেক্ষিতে ১৯৫৮ খ্রিস্টাব্দে দণ্ডকারণ্য পরিকল্পনা গ্রহণ করলে তাকে স্বাগত জানিয়ে বিধানসভায় কংগ্রেস নেতা বিজয় সিংহ নাহার এই পরিকল্পনাকে পুনর্বাসন সার্থক প্রয়াস হিসেবে চিহ্নিত করেন কংগ্রেস

সরকারের পক্ষ থেকে স্বাভাবিকভাবেই এই প্রস্তাবকে সমর্থন করে কিন্তু বিরোধীরা এই প্রস্তাবের বিরোধিতা করেন। কমিউনিস্ট নেতা জ্যোতি বসু অভিযোগ করেন যে পুনর্বাসন পরিকল্পনা সম্বন্ধে উদ্বাস্তুদের সঠিকভাবে অবহিত না করে তাদের অন্ধকারে রেখে এভাবে অনিশ্চিত জীবনের ঝুঁকি নিয়ে দণ্ডকারণ্য পাঠানো ঠিক নয়। তিনি দ্ব্যর্থহীনভাবে বলেন যে বাঙালি উদ্বাস্তুদের বাংলার বাইরে পাঠানো যাবে না এই নীতিতে বিশ্বাসী নন। ভালো বসতি ও জীবিকা অর্জনের সুযোগ থাকলে নিশ্চয়ই শরণার্থীদের বাইরে যেতে হবে তবে চটজলদি সিদ্ধান্তের মাধ্যমে যথাযথ পরিকল্পনা না করেই দণ্ডকারণ্য পাঠানোর সিদ্ধান্তের আপত্তি করেন বিরোধীরা।

এইভাবে বিরোধী দলের আপত্তি এবং UCRC-র নেতাদের আন্দোলনের ফলে দণ্ডকারণ্যের পুনর্বাসন প্রক্রিয়া বিলম্বিত হয় তা সত্ত্বেও ইতিমধ্যে কুড়ি হাজার উদ্বাস্তু পরিবারকে দণ্ডকারণ্যে পুনর্বাসনের জন্য পাঠানো হয়। পুনর্বাসন তো দূরের কথা নানা দুর্ভোগের মধ্যে দীর্ঘদিন তাদের অস্থায়ী শিবিরে থাকতে হয়। জমিনে জল সেচের ব্যবস্থা নেই এমনকি মাথার ওপর আচ্ছাদনেরও ব্যবস্থা ছিল না এমতাবস্থায় ডাক্তার রায় প্রফুল্ল চন্দ্র সেন ও অন্যান্য কয়েকজন মন্ত্রীসহ দণ্ডকারণ্য পরিদর্শনে যান। ডা: বিধানচন্দ্র রায় পুনর্বাসন দপ্তর এর অব্যবস্থায় খুবই ক্ষুব্ধ হন কিছুদিনের মধ্যে প্রধানমন্ত্রীর উপস্থিতিতে এই বৈঠকে দণ্ডকারণ্য ডেভেলপমেন্ট অথরিটি পুনর্গঠনের সিদ্ধান্ত নেওয়া হয় এবং পশ্চিমবঙ্গের মুখ্য সচিত ও ভারতের নির্বাচন কমিশনার সুকুমার সেন কে এই সংস্থার চেয়ারম্যান নিযুক্ত করা হয়। অবস্থার খানিকটা উন্নতি হয় কিন্তু বহুবিধ প্রতিবন্ধকতার পুনর্বাসন ব্যবস্থায় থেকে যায় শরণার্থীদের জীবন দুর্বিষহ হয়ে ওঠে। এই বাস্তব পরিস্থিতিকে অগ্রাহ্য করেই ডা: বিধানচন্দ্র রায়ের সরকার সেই সময় দমন-পীড়নের সাহায্যে বিভিন্ন উদ্বাস্তু ক্যাম্পের মানুষকে বাধ্য করতে চেষ্টা করে দণ্ডকারণ্য পাঠাতে যার ফলে ইউসিআরসি নেতৃত্বে উদ্বাস্তু আন্দোলন করে এবং ভবিষ্যতে জাতীয় কংগ্রেসের রাজনৈতিক দুরাবস্থার পথ প্রশস্ত করে।

সব বিশ্লেষণ করে বলা যায় যে দেশ ভাগ হয়েছিল কংগ্রেস ও মুসলিম লীগের উপরের তলার কিছু কায়েমি স্বার্থ সম্পন্ন মানুষের সিদ্ধান্তে এদের কেউ ছিলেন শারীরিকভাবে অসুস্থ আবার কেউ মানসিকভাবে ক্লান্ত কিন্তু দেশভাগের যন্ত্রণা সহ্য করতে হয়েছে দুই বাংলার সংখ্যালঘু সম্প্রদায়কে। বিপুল পরিমাণ মানুষকে পূর্ববঙ্গের নিজস্ব ভিটেমাটি ছেড়ে চলে আসতে হয়েছে এই মর্মান্তিক সিদ্ধান্তের জন্য এই বিপুল সংখ্যক মানুষের জন্য ত্রাণ ও পুনর্বাসন এর ব্যবস্থার ক্ষেত্রে যথাসাধ্য চেষ্টা করেছেন বাংলার রূপকার ডা: বিধানচন্দ্র রায় ত্রাণ ও পুনর্বাসন এর কিছু কিছু ক্ষেত্রে দুর্বলতা লক্ষ করা গেলেও কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণকে উপেক্ষা করে তিনি অসহায় মানুষের জন্য যা করেছেন বা করার চেষ্টা করেছেন তা সত্যিই প্রশংসার দাবি রাখে। তবে তার কাজের দুর্বলতার দিকগুলিকে তুলে ধরে পরবর্তীতে বামপন্থীরা পশ্চিমবঙ্গে নিজেদের ক্ষমতায় আসার ভিতকে শক্ত করেছিল সে বিষয়ে কোনো সন্দেহ নেই।

তথ্যসূত্র :

১. বন্দ্যোপাধ্যায়, সন্দীপ, ইতিহাসের দিকে ফিরে ছেচল্লিশের দাঙ্গা, রেডিক্যাল, কলকাতা, ২০১০, পৃ. ২২।

২. ঐ, পৃ. ২৩।

৩. সিংহ, যশোবন্ত, জিন্না ভারত দেশভাগ স্বাধীনতা,আনন্দ পাবলিশার্স,২০০৯,পৃ. ৩০৯।

৪. চ্যাটার্জি, জয়া, বাংলা ভাগ হল; হিন্দু সাম্প্রদায়িকতা ও দেশ বিভাগ ১৯৩২-১৯৪৭, এল অ্যালমা পাবলিকেশনস, কলকাতা, ২০০৩, পৃ. ২৭০।

৫. আনন্দবাজার পত্রিকা কর্তৃক সম্পাদিত, সাত দশক; সমকাল ও আনন্দবাজার, আনন্দ পাবলিশার্স, কলকাতা, ১৯৯৯, পৃ. ৭০।

৬. বন্দ্যোপাধ্যায়, সন্দীপ, ইতিহাসের দিকে ফিরে ছেচল্লিশের দাঙ্গা, রেডিক্যাল, কলকাতা, ২০১০, পৃ. ৪৬।

৭. ঐ, পৃ. ৪৬। ৮. ঐ, পৃ. ৪৭।

৯. সেনগুপ্ত, ড. নীতিশ, ডা. বিধান চন্দ্র রায় জীবন ও সময়কাল, দেজ পাবলিশিং, কলকাতা, ২০০৩, পৃ. ৭২।

১০. বন্দ্যোপাধ্যায়, শৈলেশকুমার, দাঙ্গার ইতিহাস, মিত্র ও ঘোষ পাবলিশার্স, কলকাতা, ১৩৯৯ বঙ্গাব্দ, পৃ. ৬৩।

১১. বন্দ্যোপাধ্যায়, সন্দীপ, পূর্বোক্ত গ্রন্থ, পৃ. ৬১।

১২. ঐ, পৃ. ১২।

১৩. সেনগুপ্ত, ড. নিলেন্দু, দেশভাগ ও ছিন্নমূল মানব, একুশ শতক পাবলিশার্স, কলকাতা, ২০১৯, পৃ. ২৩।

১৪. বন্দ্যোপাধ্যায়, শৈলেশকুমার, পূর্বোক্ত গ্রন্থ, পৃ. ৬৪।

১৫. সেনগুপ্ত, ড. নিলেন্দু, পূর্বোক্ত গ্রন্থ, পৃ. ২৪। ১৬. ঐ, পৃ. ২৬।

১৭. মুখোপাধ্যায়, সঞ্জয়, ভারতে ব্রিটিশ শাসনের অবসান, প্রস্তুতি ও পরিনতি ১৯৪৫-৪৭, প্রগ্রেসিভ পাবলিশার্স, কলকাতা, ২০০২, পৃ. ৮৩।

১৮. ঘোষ, বিনয়ভূষণ, দ্বিজাতিতত্ত্ব ও বাঙালি, গ্রন্থরশ্মি, কলকাতা, ১৯৯৪, পৃ. ৭৯।

১৯. বন্দ্যোপাধ্যায়, সন্দীপ, দেশভাগ দেশত্যাগ, অনুষ্টুপ, কলকাতা, ১৯৯৪, পৃ. ৪৪।

২০. ঐ, পৃ. ৭৬।

২১. সেনগুপ্ত, ড. নিলেন্দু, পূর্বোক্ত গ্রন্থ, পৃ. ১৯।

২২. ঐ, পৃ. ২৯। ২৩. ঐ, পৃ. ২৯।

২৪. চক্রবর্তী, প্রফুল্ল, প্রান্তিক মানব।

২৫. চক্রবর্তী, সরোজ, মুখ্যমন্ত্রীদের সঙ্গে; সুরাওইয়ারদি থেকে বিধানচন্দ্র পর্যন্ত; ১৯৪৭-১৯৬২, দে বুক স্টোর, কলকাতা, ১৯৭৭, পৃ. ২১।

২৬. গুহরায়, নগেন্দ্রকুমার, ডাক্তার বিধানরায়ের জীবন চরিত, ওরিয়েন্ট বুক কোম্পানি, কলকাতা, ১৯৫৭, পৃ. ১৯৮।

২৭. চক্রবর্তী, সরোজ, পূর্বোক্ত গ্রন্থ, পৃ. ২৪।

২৮. সেনগুপ্ত, ড. নিলেন্দু, বিধানচন্দ্র ও সমকাল, একুশ শতক পাবলিশার্স, কলকাতা, ২০১০, পৃ. ১৪৪-১৪৫।

২৯. বন্দ্যোপাধ্যায়, হিরন্ময়, ডা: বিধানচন্দ্র রায়ের সান্নিধ্যে, নবপত্র, কলকাতা, ১৩৮৮ বঙ্গাব্দ, পৃ. ২৬।

৩০. বন্দ্যোপাধ্যায়, হিরন্ময়, উদ্বাস্তু, দীপ প্রকাশন, কলকাতা, ১৯৭০, পৃ. ৫২।

৩১. বন্দ্যোপাধ্যায়, হিরন্ময়, ডা: বিধানচন্দ্র রায়ের সান্নিধ্যে, নবপত্র, কলকাতা, ১৩৮৮ বঙ্গাব্দ, পৃ. ২৮।

৩২. বন্দ্যোপাধ্যায়, হিরন্ময়, উদ্বাস্তু, দীপ প্রকাশন, কলকাতা, ১৯৭০, পৃ. ৫২।

৩৩. বন্দ্যোপাধ্যায়, হিরন্ময়, ডা: বিধানচন্দ্র রায়ের সান্নিধ্যে, নবপত্র, কলকাতা, ১৩৮৮ বঙ্গাব্দ, পৃ. ২৯।

৩৪. ঐ, পৃ. ২৩।

৩৫. সেনগুপ্ত, ড. নিলেন্দু, বিধানচন্দ্র ও সমকাল, একুশ শতক পাবলিশার্স, কলকাতা, ২০১০, পৃ. ১৪২।

৩৬. বন্দ্যোপাধ্যায়, হিরন্ময়, উদ্বাস্তু, দীপ প্রকাশন, কলকাতা, ১৯৭০, পৃ. ৬৯।

৩৭. ঐ, পৃ. ৭০-৭২। ৩৮. ঐ, পৃ. ৭৩। ৩৯. ঐ, পৃ. ৮৪।
৪০. ঐ, পৃ. ৮৪। ৪১. ঐ, পৃ. ৯১। ৪২. ঐ, পৃ. ১০৯।
৪৩. ঐ, পৃ. ১১৯। ৪৪. ঐ, পৃ. ১৩১-১৩২। ৪৫. ঐ, পৃ. ১৮৮-১৯০।

৪৬. বন্দ্যোপাধ্যায়, হিরন্ময়, ডা: বিধানচন্দ্র রায়ের সান্নিধ্যে, নবপত্র, কলকাতা, ১৩৮৮ বঙ্গাব্দ, পৃ. ৫৯-৬৩।

অভাবনীয় জাতীয় সংকট কখনো কখনো এমন এক ব্যক্তিত্বের আবির্ভাব অনিবার্য করে তোলে, যখন সেই ব্যক্তি হয়ে ওঠেন জাতির পরিত্রাতা। উনিশ শতকের সূচনায় বাংলার সমাজ-সংস্কৃতির এরকমই এক বিশেষ সংকটময় মুহূর্তে আবির্ভাব ঘটেছিল যুগপুরুষ রামমোহন রায়ের। বহুমুখী প্রতিভার অধিকারী এই মহান ব্যক্তিত্বকে কোনো একটি বিশেষ অভিধায় সীমায়িত করা সম্ভব নয়। তিনি একদিকে ছিলেন পণ্ডিত, মনীষী, চিন্তানায়ক, ধর্ম ও সমাজ-সংস্কারক; অন্যদিকে সমসাময়িক বাংলা সাহিত্য এবং সাময়িকপত্রের জগতে তাঁর ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ। অর্থাৎ সঙ্গতভাবেই একথা বলা যায় যে, তিনি ছিলেন এক আধারে বহুর সমাবেশ।

রামমোহনের ব্যক্তিজীবনের সংক্ষিপ্ত পরিচয় :

'আধুনিক ভারতের জনক' রামমোহন রায় ১৭৭২ খ্রিস্টাব্দে, মতান্তরে ১৭৭৪ খ্রিস্টাব্দে হুগলি জেলার রাধানগর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম রামকান্ত রায় এবং মাতা তারিণী দেবী। তাঁর পিতা ছিলেন নিষ্ঠাবান বৈষ্ণব আর মাতা ছিলেন একজন তেজস্বিনী, প্রখর বুদ্ধিমতী ও নিষ্ঠাবান নারী। রামমোহনদের কৌলিক উপাধি ছিল 'বন্দ্যোপাধ্যায়' তাঁর পূর্বপুরুষ রাজসরকারে কর্মসূত্রে 'রায়রায়ান' উপাধি প্রাপ্ত হয়েছিলেন।

রামমোহনের বাল্যশিক্ষা গ্রামের পাঠশালাতেই শুরু হয়েছিল। একইসঙ্গে তিনি অল্প বয়সেই আরবী-ফার্সী ভাষাতেও যথেষ্ট দক্ষতা অর্জন করেছিলেন এবং আরবী ভাষায় অ্যারিস্টটল ও ইউক্লিডের গ্রন্থে পাঠ করে তাঁর স্বাভাবিক প্রখর বুদ্ধিবৃত্তি আরও তীব্রতর ও মার্জিত রূপ লাভ করে। এই সময় কোরাণ এবং ফার্সি ভাষায় বিভিন্ন সুফী গ্রন্থ পাঠের ফলে সম্ভবত প্রচলিত ধর্মবিশ্বাসের মূল তাঁর মনে শিথিল হতে শুরু করেছিল এবং তিনিই 'একেশ্বরবাদ' ও 'নিরাকার ব্রহ্ম'-এ বিশ্বাসী হয়ে উঠেছিলেন।

চোদ্দ বছর বয়সে রামমোহনের সঙ্গে নন্দকুমার বিদ্যালংকার নামে এক সংস্কৃত-অধ্যাপকের সাক্ষাত হয়, যিনি পরবর্তীতে তন্ত্রসাধনায় সিদ্ধিলাভ করে হরিহরানন্দ অবধূত নামে খ্যাত হন। রামমোহন এঁর কাছেই সংস্কৃত ভাষা ও শাস্ত্র সম্পর্কে ব্যুৎপত্তি অর্জন করেছিলেন। পরবর্তীতে কাশিতে অবস্থানকালে বিভিন্ন হিন্দুশাস্ত্র অধ্যায়নের সঙ্গে সঙ্গে তিনি ইংরেজি ভাষা চর্চা শুরু করেন। তবে ডিগবী সাহেবের দেওয়ানীকালেই তাঁর ইংরেজি শিক্ষা যথার্থ অর্থে সম্পূর্ণতা পায়। হিন্দুশাস্ত্রের গভীর অধ্যয়ন এবং বাইবেল পাঠে রামমোহনের মনে একেশ্বরবাদী চিন্তা আরো দৃঢ় হয়। ১৮০৩ খ্রিস্টাব্দে রামমোহনের পিতা রামকান্ত রায়ের মৃত্যু হয়। পিতার মৃত্যুর পর বন্ধনহীন রামমোহন মুর্শিদাবাদ চলে যান এবং সেখানেই থাকাকালীন তিনি তাঁর প্রথম গ্রন্থ ফার্সী ভাষায় 'তুহফাতুল-মুয়াহীদিন' রচনা করেন। যার অর্থ— 'একেশ্বরবাদীদের প্রতি উপহার।'

(২)

রামমোহন প্রথম জীবনে নিজেদের বিষয়-সম্পত্তি দেখাশোনার কাজেই ব্যস্ত ছিলেন। পরবর্তীতে তিনি কলকাতায় কোম্পানির কাগজের ব্যবসা, সিবিলিয়ানদের টাকা ঋণ দেওয়া ইত্যাদি ব্যবসাও করেছিলেন। রামমোহন নয় বছর চাকরি করেছিলেন। এর মধ্যে অল্প কয়েকদিন ইষ্ট ইন্ডিয়া কোম্পানীর অধীনে এবং বেশির ভাগটাই ডিগবী সাহেবের অধীনে (যথাক্রমে রামগড়, ভাগলপুর ও রংপুরের কালেক্টার) দেওয়ান পদে নিযুক্ত ছিলেন। এই ডিগবী সাহেব প্রবল আত্মমর্যাদা সচেতন রামমোহনের প্রতি যথেষ্ট শ্রদ্ধাশীল ছিলেন। ১৮১৪ খ্রিঃ ডিগবী সাহেব বিলেতে ফিরে গেলে রামমোহনও দেওয়ানী কার্য থেকে অবসর গ্রহণ করেন এবং ঐ বছরই কলকাতায় চলে আসেন। এরপরই রামমোহনের জীবনে এক বিচিত্র ও কর্মব্যস্ত অধ্যায়ের সূচনা হয়।

রামমোহনের দীর্ঘদিন ইচ্ছা ছিল ইংল্যান্ড-গমন। অবশেষে ১৮৩০ খ্রিস্টাব্দের শেষভাগে দিল্লির তৎকালীন বাদশাহের পক্ষে বিলেতের পার্লামেন্টে তদ্বির করার জন্য বাদশাহ রামমোহন রায়কে 'রাজা' উপাধিতে ভূষিত করে বিলেত প্রেরণ করেন এবং ১৮৩৩ খ্রিস্টাব্দে ২৭ সেপ্টেম্বর লন্ডনের ব্রিষ্টলে রামমোহনের পরলোকপ্রাপ্তি ঘটে।

নবজাগরণের অগ্রদূত রামমোহন রায় :

ভারতবর্ষের বুকে ইংরেজ শাসন প্রতিষ্ঠার কিছুকাল পর কয়েকজন সহৃদয় ইংরেজ ব্যক্তির (জন ড্রিঙ্কওয়াটার বেথুন, ডেভিড হেয়ার প্রমুখ) ঐকান্তিক আগ্রহ ও প্রচেষ্টায় বাংলায় পাশ্চাত্য শিক্ষার সূচনা ও বিস্তার বাংলার সমাজ সংস্কৃতিতে এক সংকটময় পরিস্থিতির সৃষ্টি করেছিল। কারণ, এই সময় একদিকে যেমন পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত মুষ্টিমেয় নব্য যুবকের দল কেবলমাত্র সংস্কারমুক্ত বিশুদ্ধ জ্ঞানবাদের প্রতি অন্ধ-আনুগত্য স্বীকার করে ভারতীয় সনাতন সংস্কৃতির মূল বুনিয়াদকে আঘাত করতে উদ্যত হয়েছিলেন, অন্যদিকে তেমনি পাশ্চাত্য শিক্ষার সংস্পর্শ থেকে শত যোজন দূরে অবস্থিত আত্মবলহীন বৃহত্তর বাঙালি সমাজ, যারা কালের নিরিখে আধুনিক যুগের হলেও, সত্য অতীত মধ্যযুগীয় বর্বরতা এবং ধর্মান্ধতা তখনও তাদের মনে সমানভাবে জাগরুক। এরকমই এক সংকটময় মুহূর্তে পাশ্চাত্য শিক্ষার আলোকে আলোকিত তথা আধুনিক যুক্তিবাদ, বাস্তবচেতনা ও একেশ্বরবাদী ভাবনায় বিশ্বাসী বাংলা তথা ভারতবর্ষের নবজাগরণের আদিপুরুষ; ধীর-শান্ত অথচ দীপ্ত ও বলিষ্ঠ চরিত্র রামমোহন রায়ের আবির্ভাব।

বাংলায় 'রেনেসাঁস' বা 'নবজাগরণ'-এর সূচনালগ্নে রামমোহন রায়ের আবির্ভাব

ও বলিষ্ঠ কর্মোদ্যম ছিল বিশেষ তাৎপর্যপূর্ণ। রবীন্দ্রনাথ ঠাকুরের কথায়— "ভারতের চিত্ত সেদিন মনের অন্য নূতন করে উৎপাদন করতে পারছিল না, তার খেত ভরা ছিল আগাছা জঙ্গলে। সেই অজন্মার দিনে রামমোহন রায় জন্মেছিলেন সত্যের ক্ষুধা নিয়ে। ইতিহাসের প্রাণহীন আবর্জনায়— বাহ্যবিধির কৃত্রিমতায় কিছুতে তাঁকে তৃপ্ত করতে পারলে না। কোথা থেকে তিনি নিয়ে এলেন সেই জ্ঞানের আগ্রহে স্বভাবতঃ উৎসুক মন, যা সম্প্রদায়ের বিচিত্র বেড়া ভেঙে বেরোল, চারিদিকের মানুষ যা নিয়ে ভুলে আছে, তাতে তাঁর বিতৃষ্ণা হল। সে চাইল মোহমুক্ত বুদ্ধির সেই অবারিত আশ্রয়— যেখানে সকল মানুষের মিলন-তীর্থ।"

আধুনিক যুগের একটি অন্যতম বৈশিষ্ট্য হল, মানুষ হিসেবে মানুষের প্রকৃত সত্তার অনুসন্ধান। উদারহৃদয়-দীপ্তবুদ্ধি রামমোহন রায় মানুষের সেই প্রকৃত সত্তাটিকে অনুভব করতে সক্ষম হয়েছিলেন। তাই সমস্ত সংকীর্ণতার গণ্ডিকে তুচ্ছ করে মানব-মুক্তির প্রচেষ্টায় উদ্যোগী হয়েছিলেন। রবীন্দ্রনাথ ঠাকুর এই মানব-মুক্তির প্রেক্ষিতে ভারত-পথিক রামমোহনের আবির্ভাবের তাৎপর্য অপূর্ব ব্যাখ্যা দিয়ে লিখেছেন— "আমাদের ইতিহাসের আধুনিক পর্বের আরম্ভকালেই এসেছেন রামমোহন রায়। তখন এ যুগকে কি বিদেশী কি স্বদেশী কেউ স্পষ্ট করে চিনতে পারেনি। তিনিই সেদিন বুঝেছিলেন, এযুগের যে আহ্বান সে সুমহৎ ঐক্যের আহ্বান। তিনি জ্ঞানের আলোকে প্রদীপ্ত আপন উদার হৃদয় বিস্তার করে দেখিয়েছিলেন, সেখানে হিন্দু-মুসলমান খ্রিস্টান কারও স্থান সংকীর্ণতা নেই। তাঁর সেই হৃদয় ভারতেরই হৃদয়, তিনি ভারতের সত্য পরিচয় আপনার মধ্যে প্রকাশ করেছেন। ভারতের সত্য পরিচয় সেই মানুষ যে মানুষের মধ্যে সকল মানুষের সন্ধান আছে, স্বীকৃতি আছে।"

মানবমন্ত্রে দীক্ষিত উদার-হৃদয় রামমোহন সম্পর্কে রবীন্দ্রনাথকৃত উক্ত ব্যাখ্যার মধ্যে যে কোনো অতিরঞ্জন ছিল না, তা ব্রহ্মসভা প্রতিষ্ঠার উদ্দেশ্যে সম্পর্কে ঐ সভার 'ন্যাসপত্র' (Trust deed)-এ স্বয়ং রামমোহনের লেখা থেকেই স্পষ্ট হয়ে যায়। তিনি লিখেছেন—

"For a place of public meeting of all sorts and descriptions of people without distinction as shall behave and conduct themselves in an orderly, sober, religious and devout manner ... ."

"For the worship and adoration of all Eternal Unsearchable and Immutable Being who is the Author and Preserver of the Universe, but not under or by any other name, designation or title used for and applied to any particular being or beings by any man or set of men whatsoever."

রামমোহন রায়ের সুযোগ্য পৌরহিত্যে বাংলা তথা ভারতবর্ষের মানুষ সর্বপ্রথম নবজাগরণে আলোকে অভিষিক্ত হয়েছিল, একথা আজ সর্বজনবিদিত ও সর্বজনস্বীকৃত। সেজন্যই ইউরোপের সংস্কার আন্দোলনের পুরোধা-পুরুষ জণ উইক্লিফের সঙ্গে তুলনা করে তাঁকে বাংলা তথা ভারতের নবজাগরণের 'Morning Star' রূপে অভিহিত করা হয়।

এক্ষেত্রে উল্লেখ্য, রামমোহনের এই সংস্কার আন্দোলনের দ্যুতি শুধু বাংলা বা ভারতবর্ষকে না, সমগ্র প্রাচ্যকে উদ্বোধিত এবং উদ্ভাসিত করেছিল। কিছু কিছু ক্ষেত্রে পাশ্চাত্যের মানুষজনও তাঁর অসামান্য ব্যক্তিত্ব ও ভাবনার দ্বারা প্রভাবিত হয়েছিলেন।

ধর্মসংস্কারক রামমোহন ও তাঁর ধর্মমত :

(১)

পূর্বেই উল্লেখিত হয়েছে অসাধারণ প্রতিভা সম্পন্ন রামমোহন রায় খুব অল্প বয়সে আরবি ফারসি ও সংস্কৃত ভাষা এবং হিন্দু মুসলিম খৃষ্টান বৌদ্ধ ধর্ম শাস্ত্র অসাধারণ পাণ্ডিত্য অর্জন করেছিলেন। এই সকল ধর্মগ্রন্থ পাঠের ফলে তিনি 'একেশ্বরবাদী নিরাকার ব্রহ্মবাদ'-এর সমর্থক হয়ে ওঠেন। ১৮০৩ খ্রিস্টাব্দে তিনি বহুদেববাদের বিরুদ্ধে এবং একেশ্বরবাদের সমর্থনে ফার্সী ভাষায় "তুহফাতুল-মুয়াহীদিন" নামে একটি গ্রন্থও রচনা করেন। তবে কলকাতায় আসার পরই রামমোহনের ধর্মসংস্কার আন্দোলন প্রকৃত রূপ পায়।

এখানে উল্লেখ্য, কলকাতা আসার পূর্বে ডিগবী সাহেবের দেওয়ান হিসেবে রংপুরে কর্মরত থাকাকালীনই রামমোহনের ধর্মসংস্কার আন্দোলনের সূচনা হয়েছিল। সেখানে তিনি প্রত্যহ সন্ধ্যায় নিজ বাসভবনে বিভিন্ন ধর্মসম্প্রদায়ের মানুষের সঙ্গে ধর্ম আলোচনায় অংশ নিতেন এবং তাদের সকলের বাদবিতণ্ডা মনোযোগ সহকারে শোনার পর তার যথাসাধ্য মীমাংসা করার চেষ্টা করতেন। এখানেও তাঁর মূল অবলম্বন ছিল 'একেশ্বরবাদ'। শোনা যায় যে, তিনি এইসময় একেশ্বরবাদের স্বপক্ষে ফারসি ভাষায় বেশ কয়েকটি ক্ষুদ্র পুস্তক রচনা করেছিলেন এবং বেদান্ত দর্শনের অনুবাদ করেছিলেন। এর ফলস্বরূপ রংপুর আদালতে জজ সাহেবের দেওয়ান পদে অধিষ্ঠিত গণ্যমান্য গৌরীকান্ত ভট্টাচার্যের সঙ্গে রামমোহনের প্রতিদ্বন্দ্বিতায় চরমে পৌঁছেছিল এবং গৌরীকান্তবাবু রামমোহনের প্রচারিত মত খণ্ডনের জন্য 'জ্ঞানাঞ্জন' নামে একটি গ্রন্থ রচনা করেছিলেন।

বলাবাহুল্য রামমোহনের এই ধর্মসংস্কার আন্দোলনের উত্তাপ তাঁর আগমনের পূর্বেই কলকাতায় এসে পৌঁছেছিল। তাই ১৮১৪ খ্রিস্টাব্দে ডিগবী সাহেব বিলেত ফিরে যাবার পর রামমোহনও যখন দেওয়ান পদ থেকে অবসর নিয়ে কলকাতায় চলে আসেন, তখন কলকাতা ও তৎসন্নিহিত আঞ্চলের কিছু উদার, চিন্তাশীল ও সংস্কারপ্রয়াসী মানুষকে তাঁর আন্দোলনের সঙ্গি হিসেবে পেয়ে গেলেন। আবার কিছু বিষয়ী লোকও নিজ নিজ স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে পদস্থ ও ক্ষমতাশালী রামমোহনের ধর্ম আন্দোলনের সঙ্গে যুক্ত হয়েছিলেন। এঁদের সকলকে নিয়েই ১৮১৫ খ্রিস্টাব্দে তিনি তার মানিকতলার নিজস্ব ভবনে 'আত্মীয় সভা' প্রতিষ্ঠা করেন। পরে এটি বড়বাজারে বিহারীলাল চৌবের বাড়িতে স্থানান্তরিত হয়। এখানে সপ্তাহে একদিন বেদান্তধর্মের ব্যাখ্যা ও বিচার চলত।

স্বভাবতই এক্ষেত্রেও রামমোহনের পথ একেবারে নিষ্কণ্টক ছিল না। প্রতিপদে তাঁকে প্রাচীনপন্থী হিন্দুসমাজপতি এবং তাঁদের অন্ধ-অনুগামীদের দ্বারা প্রতিবন্ধকতা এবং কুরুচিকর আক্রমণের সম্মুখীন হতে হয়েছিল। কিন্তু কোনকিছুই যেমন রামমোহনকে তাঁর লক্ষ্য থেকে ভ্রষ্ট করতে পারেনি, তেমনি তিনি কখনই তাঁর সংযম ও রুচিশীলতা থেকেও

বিচ্যুত হননি। তিনি কখনও পুস্তক রচনা মাধ্যমে বিরোধীদের উপযুক্ত জবাব দেবার চেষ্টা করেছেন, আবার কখনও তাদের সঙ্গে সরাসরি তর্কযুদ্ধে অবতীর্ণ হয়ে উপযুক্ত যুক্তি দ্বারা দৃঢ়তার সঙ্গে নিজের মতকে প্রতিষ্ঠা করেছেন। বিহারীলাল চৌবের বাড়িতে 'আত্মীয়সভা' স্থানান্তরের কিছুদিনের মধ্যেই ১৮১৯ খ্রিস্টাব্দে রামমোহন রায় মাদ্রাজ থেকে কলকাতায় আগত বিখ্যাত হিন্দুপণ্ডিত সুব্রহ্মণ্য স্বামীর সঙ্গে এরকমই এক তর্কযুদ্ধে অবতীর্ণ হয়েছিলেন।

সুব্রহ্মণ্য স্বামী কলকাতায় আসার পর রামমোহনের প্রচারিত মতকে ভ্রান্ত বলে দাবী করেন এবং একইসঙ্গে তিনি গর্বের সঙ্গে দাবি করেন, বেদোক্ত প্রমাণ দ্বারা 'প্রতিমা পূজাই শ্রেষ্ঠ পূজা'— এই সত্য প্রতিষ্ঠা করবেন। স্বাভাবিকভাবেই এই তর্কযুদ্ধে সংবাদে প্রাচীনপন্থী হিন্দুসমাজ উজ্জীবিত হয়ে উঠেছিল। এমনকি হিন্দুসমাজপতি রাধাকান্তদেব স্বয়ং অন্যান্য পণ্ডিতদের সঙ্গে এই সভায় উপস্থিত ছিলেন। যদিও তুমুল শাস্ত্রীয় বাক্ যুদ্ধের পর সুব্রহ্মণ্য স্বামী রামমোহনের কাছে পরাজয় স্বীকার করতে বাধ্য হয়েছিলেন এবং রামমোহন কথিত নিরাকার ব্রহ্মোপসনাকেই শ্রেষ্ঠ উপাসনা বলে স্বীকৃতি জানিয়েছিলেন। তবে সুব্রহ্মণ্য স্বামীর এই পরাভব স্বীকারে শিকারে হিন্দু সমাজপতিদের মনোভাবে বিন্দুমাত্র পরিবর্তন ঘটেনি, বরং রামমোহনের প্রতি তাঁদের আগ্রহ আরো বেড়ে গেল। কিন্তু রামমোহন তাতে বিন্দুমাত্র বিচলিত না হয়ে পূর্ণ উদ্যমে তাঁর প্রচারকার্য চালিয়ে যেতে লাগলেন।

এইসময় রামমোহনের সঙ্গে প্রাচীনপন্থী হিন্দুদের দ্বন্দ্ব এমন পর্যায়ে পৌঁছে ছিল যে, ১৮১৭ খ্রিস্টাব্দে হিন্দু কলেজ প্রতিষ্ঠার পর শহরের গণ্যমান্য হিন্দুগণ রামমোহনের সঙ্গে কলেজ কমিটিতে কাজ করতে অস্বীকার করেছিলেন। মহতী হৃদয় রামমোহন বৃহত্তর স্বার্থে কলেজ কমিটি থেকে নিজের নাম প্রত্যাহার করে নিয়েছিলেন।

পরবর্তী আরও একটি ঘটনাও রামমোহনের প্রতি প্রাচীন পন্থীদের বিদ্বেষ আরও বাড়িয়ে তুলেছিল। ১৮২৩ খ্রিস্টাব্দে 'কমিটি অব্ পাবলিক ইনস্ট্রকশন' নামে একটি কমিটি স্থাপিত হয় এবং এই কমিটি তৎকালীন প্রাচ্যশিক্ষা-পন্থীদের পরামর্শে কলকাতায় একটি সংস্কৃত কলেজ স্থাপনের সিদ্ধান্ত নেয়। কিন্তু রামমোহন সরাসরি এই সিদ্ধান্তের বিরোধীতা করেন এবং তৎকালীন গভর্ণর জেনারেল লর্ড আমহার্স্টকে পত্র-মারফত বোঝানোর চেষ্টা করেন যে, ইংরেজি ভাষা ও পাশ্চাত্য বিজ্ঞান শিক্ষা ছাড়া ভারতীয়দের জাতীয় জীবনের উন্নতি সম্ভব নয়। স্বভাবতই এরপর প্রাচ্যপন্থী ও পাশ্চাত্যপন্থী দুটি দলের উদ্ভব হয় এবং উভয়ের বিরোধ চরম আকার নেয়। তবে একইসঙ্গে এই ঘটনা রামমোহনের শিক্ষাসংক্রান্ত দূরদর্শিতারও পরিচায়ক।

শুধু প্রাচীনপন্থী হিন্দুদেরই নয়, এই সময় রামমোহন খ্রিস্টান মিশনারীদেরও চক্ষুশূল হয়ে উঠেছিলেন। এর নির্দিষ্ট কয়েকটি কারণ ছিল।

প্রথমত, ইংল্যান্ড থেকে ভারতে আগত খ্রিস্টান মিশনারীদের মূল উদ্দেশ্য ছিল এদেশে খ্রিস্টান ধর্মের প্রচার ও ভারতীয়দের খ্রিস্টান ধর্মে ধর্মান্তরিত করা। কলকাতার নিকটবর্তী শ্রীরামপুর মিশন ও প্রেস প্রতিষ্ঠিত করে তাঁরা যখন মহোৎসাহে তাঁদের লক্ষ্যপূরণের উদ্যোগ-আয়োজনে ব্যাপৃত, ঠিক সে সময় তাঁদের সামনে প্রবল প্রতিবন্ধকরূপে হাজির হয়েছিলেন বলিষ্ঠ চিত্র রামমোহন রায়। মূলত রামমোহনের প্রবল প্রতিরোধের কারণেই হিন্দুধর্ম সেদিন তাঁর অস্তিত্ব রক্ষা করতে সক্ষম হয়েছিল। তাঁর এই অসাধারণ অবদানের সাক্ষ্য মেলে রবীন্দ্রনাথের লেখায়—

"কি সংকটের সময় তিনি (রামমোহন) জন্মিয়াছিলেন। তাঁহার একদিকে হিন্দু-সমাজের তটভূমি জীর্ণ হইয়া পড়িতেছিল, আর একদিকে বিদেশীয় সভ্যতা-সাগরের প্রচন্ড বন্যা বিদ্যুৎবেগে অগ্রসর হইতেছিল রামমোহন রায় তাঁহার অটল মহত্বে মাঝখানে আসিয়া দাঁড়াইলেন। তিনি যে বাঁধ নির্মাণ করিয়া দিলেন খ্রিস্টীয় বিপ্লব সেখানে আসিয়া প্রতিহত হইয়া গেল। সে সময় তাঁহার মহৎ লোক না জন্মাইলে একদিন বঙ্গদেশে হিন্দু-সমাজে এক অতি শোচনীয় মহাপ্লাবন উপস্থিত হইত।"

দ্বিতীয়তঃ উদারপ্রাণ রামমোহন রায় ১৮২০ খ্রিস্টাব্দে 'Precepts of Jesus – Guide to Peace and Happiness' নামে একটি পুস্তক প্রকাশ করেন। রামমোহনের এই কাজে প্রবল খ্রিস্টানবিদ্বেষী হিন্দুরা যেমন তাঁর প্রতি চরম রুষ্ট হয়েছিলেন, একইসঙ্গে খ্রিস্টান মিশনারীরাও তাঁর প্রতি অত্যন্ত ক্ষুব্ধ হয়েছিলেন। এই ক্রোধের কারণ ছিল, রামমোহন যিশুখ্রিস্টের উপদেশ সম্বলিত উক্ত গ্রন্থে খ্রিস্টের অলৌকিক বৃত্তান্তগুলি বাদ দিয়েছিলেন। শ্রীরামপুর ব্যাপটিস্ট মিশনের দুই অন্যতম প্রতিনিধি উইলিয়াম কেরি ও মার্শম্যান তাঁদের ইংরেজি সাপ্তাহিক পত্রিকা 'Friend of India'-য় এর তীব্র প্রতিবাদ জানিয়েছিলেন।

এরই পরিপ্রেক্ষিতে রামমোহন 'A Friend to Truth' ছদ্মনামে 'An Appeal to the Christian Public' (১৮২০) নামক আরও একটি পুস্তক রচনা করে উপযুক্ত যুক্তিসহ মার্শম্যানের ক্রোধ উপশমের চেষ্টা করলেন। কিন্তু তাতে কোন কাজ হলো না। এরপর রামমোহন 'Second Appeal' প্রকাশ করলেন। এতেও মার্শম্যান সন্তুষ্ট হলেন না। ইতিমধ্যে স্থিরচিত্র রামমোহন গ্রিক ও হিব্রু ভাষা শিক্ষা শুরু করেন এবং মূল হিব্রু বাইবেল থেকে দৃষ্টান্ত নিয়ে মার্শম্যানের ভ্রান্তি দূরীকরণের উদ্দেশ্যে ১৮২৩ খ্রিস্টাব্দে 'Final Appeal' রচনা করেন। এবার মার্শম্যান সাহেব পিছু হটতে বাধ্য হলেন। এই রচনার দৌলতে রামমোহনের পাণ্ডিত্যের খ্যাতি স্বদেশের সীমা অতিক্রম করে বিদেশেও ছড়িয়ে পড়েছিল।

তৃতীয়ত, আরো একটি ঘটনা মিশনারীদের রামমোহন-বিদ্বেষে ঘৃতাহূতি দিয়েছিল। এই সময় উইলিয়াম অ্যাডাম নামে এক খ্রিস্টান মিশনারি যুবক শ্রীরামপুর ব্যাপিটিস্ট মিশনে যোগদানের উদ্দেশ্যে ইংল্যান্ড থেকে কলকাতায় আসেন। কিন্তু রামমোহনের সঙ্গে সাক্ষাতের পরে তাঁর মনোবৃত্তি পরিবর্তিত হয়। এরপর রামমোহন অ্যাডাম এবং ইয়েটস্ নামক আর সাহেবের সহযোগিতায় যিশুখ্রিস্টের সুসমাচার বিষয়ক পুস্তকগুলির বাংলা ভাষায় অনুবাদের উদ্যোগ করেন। এই সময় খ্রীষ্টধর্মমত সম্পর্কে 'ত্রিত্ববাদী' অ্যাডাম ও

ইয়েটস্ সাহেবের সঙ্গে একেশ্বরবাদী রামমোহনের তর্ক-বিতর্ক চলত। একসময় ইয়েটস্ সাহেব বিরক্ত হয়ে রামমোহনের সঙ্গ ত্যাগ করলেন। অ্যাডাম কিন্তু তা করলেন না, বরং তিনি রামমোহনের একেশ্বরবাদী ভাবনায় অনুপ্রাণিত হয়ে খ্রিষ্টীয় ত্রিত্ববাদী গোঁড়া ভাবনাকে ত্যাগ করে ১৮২১ খ্রিস্টাব্দে 'একত্ববাদী' হয়ে উঠলেন। ইংরেজি সাপ্তাহিক 'Friend of India' এবং বাংলা 'সমাচার দর্পণ' পত্রিকায় শ্রীরামপুর মিশনারিরা অ্যাডাম ও রামমোহন উভয়কেই তীব্র আক্রমণ করলেন। তাঁরা অ্যাডাম সাহেবকে ব্যঙ্গ করে 'Fallen Adam' নাম দিলেন। এই ঘটনায় শুধু মিশনারিরা নয়, কলকাতায় ইংরেজদের মধ্যেও ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছিল। কলকাতার টাইটলর নামে এক সাহেব রামমোহনের বিরুদ্ধে লেখালেখি শুরু করেন। বলাবাহুল্য, রামমোহন উভয়পক্ষকেই যোগ্য জবাব দিয়েছিলেন।

যাইহোক, অ্যাডাম সাহেব ধর্মমত পরিবর্তনের পর কলকাতাতেই 'হরকরা' পত্রিকা অফিসের দোতালায় 'ইউনেটেরিয়ান সোসাইটি' নামে একটি সভা প্রতিষ্ঠা করেন। এর অনেক আগেই ১৮১৯ খ্রিঃ রামমোহন কিছু ব্যক্তিগত ও পারিবারিক সমস্যার কারণে 'আত্মীয় সভা' বন্ধ করে দিতে বাধ্য হয়েছিলেন। তাই অ্যাডাম সাহেবের প্রতিষ্ঠিত এই সভায় রামমোহন ও তাঁর সঙ্গীরাও আলোচনায় অংশ নিতেন। কিন্তু ১৮২৪ খ্রিঃ গোড়াতেই এই সভা বন্ধ হয়ে যায়। এরপরই দ্বারকানাথ ঠাকুর, মথুরানাথ মল্লিক, তারাচাঁদ চক্রবর্তী, চন্দ্রশেখর দেব প্রমূখের উৎসাহ ও সহযোগিতায় রামমোহন রায় চিৎপুর রোডের কমললোচন বসুর বাড়ি ভাড়া নিয়ে ১৮২৮ খ্রিস্টাব্দে ৬ই ভাদ্র 'ব্রহ্মসভা' স্থাপন করেন। ১৮৩০ খ্রিঃ ২৩ জানুয়ারি (১১ মাস) চিৎপুর রোডের পাশেই নির্মিত স্থায়ী সভাগৃহে 'ব্রহ্মসভা'-র কার্যের সূচনা হয়। এই সভায় পরবর্তীতে 'ব্রহ্মসমাজ' নামে পরিচিত হয়।

(৪)

এখন আসা যাক, রামমোহনের প্রকৃত ধর্মমত কী ছিল তার আলোচনায়। অষ্টাদশ শতকের ইউরোপের যুক্তিবাদ দ্বারা রামমোহন প্রভাবিত হয়েছিলেন, একথা সত্য এবং তার আভাস পাওয়া যায় তাঁর 'তুহফাতুল মুয়াহীদিন' গ্রন্থে। কিন্তু এর পরবর্তীতে রামমোহন যখনই কোনো গ্রন্থ রচনা বা বিচার করেছেন, তখন তিনি শাস্ত্রকেই একমাত্র প্রামাণ্য হিসেবে মান্যতা দিয়েছেন। কারণ, তিনি বিশ্বাস করতেন কোনো ধর্মশাস্ত্রই আপুরুষেয় অর্থাৎ অভ্রান্ত না হলে প্রত্যেক ধর্মশাস্ত্রের মধ্যেই পূর্বযুগ সঞ্চিত কিছু সত্য নিহত রয়েছে। তাই তিনি যখন যে ধর্মের মানুষের সঙ্গে শাস্ত্র বিচারে প্রবৃত্ত হতেন, তখন সেই ধর্মের শাস্ত্র থেকে দৃষ্টান্ত দিয়ে তিনি তাঁর মত প্রতিষ্ঠা করতেন।

রামমোহন রায় মন-প্রাণ ও জীবনচর্যায় ষোলো আনা খাঁটি হিন্দু ছিলেন এবং তিনি হিন্দুধর্মের প্রতি কতটা শ্রদ্ধাশীল ছিলেন, তাঁর নিজের কথাতেই স্পষ্ট— "আমার সমস্ত তর্ক-বিতর্কে আমি কখনো হিন্দুধর্মকে আক্রমণ করি নাই। উক্ত নামে যে বিকৃত ধর্ম এক্ষণে প্রচলিত তাহাই আমার আক্রমণের বিষয় ছিল।" এমনকি তিনি তাঁর মৃত্যুর পূর্বে ইংলন্ডীয় বন্ধুদের জানিয়েছিলেন, তাঁর অন্তেষ্টিক্রিয়া যেন খ্রিষ্টমতে না করা হয় এবং তাঁর এই অনুরোধ সশ্রদ্ধভাবে পালিত হয়েছিল। তাছাড়া রামমোহন যে ব্রহ্মসভা প্রতিষ্ঠা করেছিলেন, তা ছিল অসাম্প্রদায়িকভাবে এক ব্রহ্মের উপাসনাস্থল। হিন্দুধর্মে এ ধরনের উপসনালয় এর পূর্বে আর কখনো দেখা যায়নি। আসলে বৈচিত্র্যের দেশ ভারতবর্ষে রামমোহন এক সমন্বয়ের বার্তা দিতে চেয়েছিলেন। যা একই সঙ্গে তাঁর গভীর রাষ্ট্রচিন্তারও ইঙ্গিতবাহী।

তাই একথা নিশ্চিত ভাবে বলা যায় যে, রামমোহন সনাতন হিন্দুধর্মকে উপড়ে ফেলে নতুন কোন ধর্ম (ব্রাহ্মধর্ম) প্রতিষ্ঠার কথা কোনোদিন ভাবেননি, বরং হিন্দুধর্মের গোঁড়ামি অর্থাৎ বহুকাল ধরে সঞ্চিত অন্ধ-সংস্কাররূপে আবর্জনাগুলিকে দূর করে তার সংস্কার করতে চেয়েছিলেন; হিন্দুধর্মকে মানবতার পরিপোষক করে তুলতে চেয়েছিলেন। অর্থাৎ মানবধর্মই ছিল তাঁর মূল আরাধ্য।

সমাজ সংস্কারক রামমোহন :

বাংলা সমাজ-সংস্কার আন্দোলনের পুরোধা পুরুষ ছিলেন রামমোহন রায়। তাঁর সমাজ-সংস্কার আন্দোলনের মূল লক্ষ্য ছিল, তৎকালীন সমাজে অস্তিত্বহীন নারীর মর্যাদা প্রতিষ্ঠা এবং তাদের অধিকার সুনিশ্চিত করা। রামমোহন আদ্যন্ত নারীদের প্রতি শ্রদ্ধাশীল ছিলেন। এই নারী সমাজের উন্নতিকল্পে কৃত তাঁর অন্যতম কীর্তি ছিল 'সহমরণ' বা 'সতীদাহ প্রথা'-র রদ। ছোটোবেলায় স্বচক্ষে দেখা সহমরণের নৃশংসতা তাঁর হৃদয়ে যে গভীর ক্ষত তৈরি করেছিল, পরবর্তীতে সেই আমাতেই এই নির্মম প্রথা রদে উদারপ্রাণ রামমোহনকে শক্তি ও সাহস জুগিয়েছিল।

মৃত স্বামীর চিতায় নারীর সহমৃতা হওয়ার প্রথা প্রাচীনকাল থেকেই নাকি আমাদের দেশে প্রচলিত ছিল। ধর্ম ও পুণ্যের নামে নির্মম নিষ্ঠুরতার এক বিরলতম পরিদর্শন ছিল এই সতীদাহ প্রথা। রামমোহনের সময় এই নৃশংসতা ভয়াবহ আকার ধারণ করেছিল। নিত্যদিনই ভাগীরথীর দুই তীরে স্বামীর জ্বলন্ত চিতায় সতী হওয়ার নামে স্ত্রীকে হাত-পা বেঁধে নিক্ষেপের মাধ্যমে এরকম একাধিক নারকীয় হত্যালীলা সাধিত হত। সেই নারীদের আর্ত-চিৎকার সেখানে উপস্থিত কারো মনে বিন্দুমাত্র বেদনার সঞ্চার করত না; বরং তারা ঢাক-ঢোল-কাঁসরের উদ্দাম আওয়াজ সহযোগে মহোল্লাসে সতী হওয়ার দৃশ্য দর্শনে নিজেদের ধন্য করতেন। শুধু তাই নয়, কোন কারণে সতীদাহে বিঘ্ন ঘটলে, অর্থাৎ সতী-নারীটি চিতা থেকে পালানোর চেষ্টা করলে কিংবা চিতা ভেঙে গঙ্গার জলে পড়ে গেলে এদের পৈশাচিকতা চরমে পৌঁছত। সকলে মিলে সেই নারীর পিছু ধাওয়া করত এবং তার আকুল-আর্তি উপেক্ষা করে পৈশাচিক উল্লাসে তাকে পুনরায় জ্বলন্ত চিতায় নিক্ষেপ করা হত। গঙ্গায় পতিত নারীর ক্ষেত্রে নৌকো সহযোগে পিছু ধাওয়া করা হতো এবং অনেক সময় বৈঠার আঘাতে অর্ধমৃত বা মৃত অবস্থায় নারীটিকে চিতায় নিক্ষেপ করা হত। কবি সত্যেন্দ্রনাথ দত্ত তাঁর বিখ্যাত 'সহমরণ' কবিতায় এক মুসলমান যুবক মাঝির সহায়তায় গঙ্গাবক্ষে পতিত এরকমই এক সতীনারীর জীবনরক্ষার অনবদ্য কাহিনীকে রূপ দিয়েছিলেন। যাইহোক, আজকের দিনে এরকম এক পৈশাচিক প্রথার কথা ভেবেই আমাদের গা শিউরে ওঠে। রামমোহনের বলিষ্ঠ উদ্যমের কারণে এই নৃশংসতার

অবসান সম্ভব হয়েছিল।

তবে একথা ঠিক রামমোহনের পূর্বেই ব্রিটিশ প্রশাসনের দৃষ্টি এই নির্মম প্রথার ওপর পড়েছিল এবং তাঁরা সতীদাহ নিয়ন্ত্রণে কিছু উদ্যোগও নিয়েছিলেন। কিন্তু এক্ষেত্রে তাঁদের ভূমিকা খুব একটা সক্রিয় ছিল না। কারণ, ভারতবর্ষের শাসনক্ষমতা কায়েম করার পর প্রথমদিকে ব্রিটিশ শাসকবর্গ ভারতীয়দের ধর্মীয় ব্যাপারে কোনোরকম হস্তক্ষেপের সমর্থক ছিলেন না। ১৮০৫ খ্রিস্টাব্দে প্রথম এই প্রথা সম্পর্কে বিবেচনার জন্য গভর্নর-জেনারেলের তরফ থেকে তৎকালীন নিজামত আদালতে পত্র-মারফত আবেদন জানানো হয়। এরপর মাঝে মাঝে আলোচনা হলেও তার কিছু ফল হয়নি। অবশেষে ১৮১৭ খ্রিস্টাব্দে গভার্ণমেন্ট অফ ইন্ডিয়া-র তরফ থেকে নির্দেশ দেওয়া হয় যে, এবার থেকে সহমৃতা বিধবাকে আগে জেলা ম্যাজিস্ট্রেট বা পদস্থ কোনো রাজকর্মচারীর থেকে অনুমতিপত্র নিতে হবে। কিন্তু এই নির্দেশিকা প্রচারের সঙ্গে সঙ্গেই প্রাচীন হিন্দুসমাজের প্রবল বিরোধিতা শুরু করে। এইরকম এক সংঘাতময় পরিবেশে সতীদাহপ্রথা নিবারণের দৃঢ় সংকল্প নিয়ে রামমোহন রায় আবির্ভূত হলেন।

এর বেশ কয়েকবছর পর ১৮২৫ খ্রিস্টাব্দে কলকাতা নিকটবর্তী একস্থানে সতীদাহের নামে বীভৎস হত্যাকাণ্ডের ঘটনায় ইংরেজরা অত্যন্ত ক্ষুব্ধ হয়ে ওঠে। কিন্তু এক্ষেত্রেও তৎকালীন গভর্নর জেনারেল লর্ড আমহার্স্ট সতীদাহপ্রথা সম্পূর্ণরূপে নিষিদ্ধ করার সাহস দেখালেন না; তবে কিছু কঠোর নিয়ম প্রণয়ন করলেন। ১৮২৮ খ্রিস্টাব্দের জুলাই মাসে মহানুভব উইলিয়াম বেন্টিঙ্ক ভারতের গভর্ণর জেনারেল নিযুক্ত হওয়ার পরই সঠিক অর্থে সতীদাহপ্রথা নিবারণে সরকারি উদ্যোগ শুরু হয়। এর প্রায় এক দশক পূর্বেই রামমোহন রায় সতীদাহপ্রথা নিবারণ কল্পে জোরালো আন্দোলন শুরু করেছিলেন। স্বাভাবিকভাবেই এই ঘটনাকে কেন্দ্র করে প্রাচীনপন্থী হিন্দু সমাজের সঙ্গে তাঁর দ্বন্দ্ব চরমরূপ ধারণ করেছিলো। রামমোহন তাঁর স্বভাবসিদ্ধ ভঙ্গিতে কোনো কিছুর পরোয়া না করে কখনো সহমরণ-বিষয়ক গ্রন্থ রচনা করে, আবার কখনো তর্কযুদ্ধে অবতীর্ণ হয়ে নিজের মতকে প্রতিষ্ঠা করার সুদৃঢ় প্রচেষ্টা চালিয়ে গেছেন। শুধু তাই নয়, রামমোহন তাঁর অনুগামীদের নিয়ে একটি দল তৈরি করেছিলেন। কোনো সতীদাহের ঘটনার খবর পাওয়া মাত্রই রামমোহন স্বয়ং সেই দলের সঙ্গে ঘটনাস্থলে পৌঁছে যেতেন এবং তা রোধ করার চেষ্টা করতেন।

এহেন পরিস্থিতিতে গভর্ণর জেনারেল উইলিয়ম বেন্টিঙ্কের সঙ্গে রামমোহনের সাক্ষাত হয় এবং উভয়ের মধ্যে সৌহার্দ্য গড়ে ওঠে। এরপর রামমোহনের সঙ্গে আলোচনায় সতীদাহ সম্পর্কে হিন্দুশাস্ত্রের সমর্থন বিষয়ে সুনিশ্চিত হওয়ার পর এবং প্রশাসনিক সকল দিক নিখুঁতভাবে পর্যালোচনা করে দৃঢ়চেতা বেন্টিঙ্ক সাহেব সতীদাহ নামক নির্মম প্রথা রদে তৎপর হন। অবশেষে ১৮২৯ খ্রিস্টাব্দের ৪ ডিসেম্বর 'সতীদাহ নিবারণ আইন' কার্যকরী হয়।

(৩)

তবে এখানেই সবকিছু মিটে গেল, এমন ভাবনার কোনো কারণ নেই। প্রাচীন হিন্দু সমাজ পুনরায় এই আইনের বিরুদ্ধে গর্জে উঠল এবং তাঁরা সংঘবদ্ধভাবে গভর্ণর-জেনারেলের কাছে উক্ত আইন প্রত্যাহারের দাবি জানাল। অন্যদিকে রামমোহন ও তাঁর সহযোগিরা এই আইন যাতে কোনোভাবে প্রত্যাহৃত না হয়, তার আর্জি জানায়। প্রাচীন হিন্দু সমাজপতিরা এখানে বিশেষ সুবিধা হবে না বুঝতে পেরে চটজলদি 'ধর্মসভা' প্রতিষ্ঠা করে এবং বিলেতের পার্লামেন্টে আপিল করেন। জানা যায়, রামমোহনের বিলেত যাত্রার অন্যতম উদ্দেশ্য ছিল, 'সতীদাহ নিবারণ আইন' যাতে পাশ হয় তা সুনিশ্চিত করা। অবশেষে ১৮৩৩ খ্রিস্টাব্দে ১১ জুলাই হিন্দু ধর্মসভার আবেদনকে অগ্রাহ্য করে বিলেতের পার্লামেন্টে 'সতীদাহ নিবারণ আইন' পাশ হয়। রামমোহনের অক্লান্ত প্রচেষ্টায় বাংলার বুকে দীর্ঘকাল ধরে পাষাণের মতো চেপে বসে থাকা এক নির্মম প্রথার চির-অবসান সুনিশ্চিত হল।

রামমোহন রায় সতীদাহ নিবারণ ছাড়াও বহুবিবাহ ও বর্ণভেদ প্রথার বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলেছিলেন। একই সঙ্গে তিনি সে সময় প্রচলিত কন্যাপণ-এর তীব্র বিরোধিতা করেছিলেন। কারণ, অতিরিক্ত পণের লোভে বেশিরভাগ কন্যার পিতারা বহু বিবাহিত পুরুষের সঙ্গে, বৃদ্ধের সঙ্গে, এমন কি রুগ্ন-বিকলাঙ্গ পুরুষের সঙ্গে তাদের কন্যার বিবাহ দিতেন।

এছাড়া সমাজে নারী-পুরুষের সমানাধিকার, সর্বোপরি নারীরা যাতে স্বাধীনভাবে বাঁচতে পারেন তার জন্য স্বামীর মৃত্যুর পর তার সম্পত্তিতে স্ত্রীর অধিকার প্রতিষ্ঠার ব্যাপারেও তাঁর চেষ্টার ত্রুটি ছিল না। এভাবেই রামমোহন নারীসমাজের দুঃখ-দূরীকরণ এবং নারীসমাজের কল্যাণ সাধনে আজীবন ব্রতি ছিলেন।

এখানে উল্লেখ্য যে, রামমোহন নারী সমাজের কল্যাণ সাধনে এত কিছু করেছিলেন, নারীশিক্ষার প্রসারে তাঁর আগ্রহের অভাব নিয়ে কেউ কেউ প্রশ্ন তুলেছেন। এক্ষেত্রে বলতে হয়, তৎকালীন পুরুষতান্ত্রিক সমাজে যেখানে নারীর কোনো অস্তিত্বই ছিল না, নারীরা প্রতিপদে অবহেলিত, নিপীড়িত; রামমোহন সবার আগে নারীদের সেই অবহেলা-নিপীড়ন থেকে মুক্ত করতে চেয়েছিলেন। অসহায় নারীর দুঃখ-যন্ত্রণা সম্পর্কে হৃদয়হীন সমাজে দরদ বা অনুভূতির সঞ্চার করতে চেয়েছিলেন। এককথায়, নারীর অস্তিত্ব সম্পর্কে পুরুষ এবং নারী উভয়কে অবহিত করতে চেয়েছিলেন।

বাংলা সাহিত্যে রামমোহন :

বাংলা সাহিত্যের আধুনিক যুগের একেবারে সূচনালগ্নেই বলা যায়, ১৮১৫ খ্রিস্টাব্দে রামমোহন রায়ের আবির্ভাব। সেসময় বাংলা সাহিত্য দীর্ঘ পদ্যনির্ভরতা কাটিয়ে উঠে গদ্য ভাষাকে তার অঙ্গনে প্রবেশাধিকার দিয়েছে মাত্র। শ্রীরামপুর ব্যাপটিস্ট মিশনের (১৮০০ খ্রিঃ) মিশনারীদের দ্বারা এবং ফোর্টউইলিয়াম কলেজের (১৮০০ খ্রিঃ) পণ্ডিত গোষ্ঠীর দ্বারা খানকয়েক গদ্য পুস্তক রচিত ও মুদ্রিত হয়েছে। বাংলা গদ্যসাহিত্যের এই শৈশবলগ্নেই

রামমোহনের আবির্ভাব এবং তাঁর যা কিছু রচনা সবই গদ্যভাষায় রচিত।

তবে রামমোহন মূলতঃ তাঁর আধুনিক মননশীলতা চিন্তা-ভাবনা ও ধর্ম-সম্পর্কিত চিন্তা প্রকাশের মাধ্যমে ধর্ম ও সমাজ-সংস্কারের উদ্দেশ্যেই বাংলা গদ্যকে আশ্রয় করেছিলেন। সেই উদ্দেশ্যে তিনি কখনো প্রাচীন সংস্কৃত গ্রন্থের বাংলায় অনুবাদ করেছেন, আবার কখনো রক্ষণশীল প্রাচীন হিন্দুদের আক্রমণের প্রত্যুত্তরে বিতর্ক মূলক গ্রন্থ রচনার মধ্য দিয়ে নিজের তীক্ষ্ণ চিন্তাশক্তির পরিচয় দিয়েছেন। ১৮১৫-১৮৩০ খ্রিস্টাব্দের মধ্যে ছোটো-বড়ো মিলিয়ে রামমোহন প্রায় ত্রিশটি পুস্তক রচনা করেছিলেন। তাঁর এই রচনাগুলিকে মূলত দুটি শ্রেণিতে বিভক্ত করা যায়—

(১) অনুবাদমূলক রচনা — 'বেদান্তগ্রন্থ' (১৮১৫), 'বেদান্তসার' (১৮১৫), এবং বিভিন্ন উপনিষদের ('কেনোপনিষদ', 'ঈশোপনিষদ', 'কটোপনিষদ', 'মাণ্ডুকোপনিষদ', 'মুণ্ডকোপনিষদ' ইত্যাদি) অনুবাদ (১৮১৫-১৮১৯)।

(২) বিতর্কমূলক রনা — 'উৎসবানন্দ বিদ্যাবাগীশের সহিত বিচার' (১৮১৬), 'ভট্টাচার্যের সহিত বিচার' (১৮১৭), 'গোস্বামীর সহিত বিচার' (১৮১৭), 'সহমরণ বিষয়ক প্রবর্তক-নিবর্তক সম্বাদ' (১৮১৮), 'কবিতাকারের সহিত বিচার' (১৮২০), 'ব্রাহ্মণসেবধি' (১৮২১), 'পথ্যপ্রদান' (১৮২৩), 'পাদ্রী ও শিষ্য সম্বাদ' (১৮২৩), 'সহমরণ বিষয়ক প্রস্তাব' (১৮২৯) ইত্যাদি।

এছাড়া রামমোহন রায় 'গৌড়ীয় ব্যাকরণ' নামে একটি বাংলা ব্যাকরণ গ্রন্থ রচনা করেছিলেন।

আসলে সেইসময় ফোর্ট উইলিয়াম কলেজের পণ্ডিত গোষ্ঠীর দ্বারা খানকয়েক ছাত্রপাঠ্য-কথোপকথনমূলক গদ্য পুস্তক রচিত হলেও বাংলা গদ্য ভাষার কোনো আদর্শ কাঠামো গড়ে ওঠেনি। বাংলা গদ্যভাষার শক্তি ও সৌন্দর্য আবিষ্কার তো দূর, কেউ বাংলা ভাষায় মননশীলতা প্রকাশের উদ্যোগী হননি। রামমোহনই প্রথম বাংলা গদ্য ভাষার একটা কাঠামো গঠন করে তার ভারবহন ক্ষমতা বৃদ্ধি এবং বলিষ্ঠ স্বকীয়তা দানে উদ্যোগী হয়েছিলেন। এই সময় তিনি বুঝতে পেরেছিলেন, বাংলা ভাষার যথার্থ উন্নতির জন্য তার যথোপযুক্ত ব্যাকরণ প্রয়োজন। এইজন্য তিনি নিজেই প্রথম ইংরেজি ভাষায় একটি বাংলা ব্যাকরণ গ্রন্থ রচনা করেন এবং পরবর্তীতে বাঙালিদের গ্রহণযোগ্য করে 'গৌড়ীয় ব্যাকরণ' (১৮৩৩) নামে বাংলা ভাষায় অনুবাদ করেছিলেন। এটিই বাঙালির দ্বারা বাংলা ভাষায় রচিত প্রথম ব্যাকরণগ্রন্থ।

(২)

এখন আসা যাক বাংলা গদ্য সাহিত্যের সূচনালগ্নে আবির্ভূত রামমোহন রায়ের বাংলা গদ্য সাহিত্যের বিকাশে ভূমিকা বা অবদান কতটা ছিল, তার আলোচনায়। এ প্রসঙ্গে প্রথমেই বলতে হয়, রামমোহন রায় ছিলেন মূলতঃ চিন্তানায়ক, ধর্ম ও সমাজ-সংস্কারক এবং সে কারণেই তাঁকে লেখালেখির আশ্রয় নিতে হয়েছিল। সচেতনভাবে সাহিত্যসৃষ্টির কোন উদ্দেশ্য তাঁর ছিল না। কিন্তু নিজস্ব বক্তব্য প্রকাশ করতে গিয়ে এবং বিরুদ্ধবাদীদের আক্রমণের যোগ্য প্রত্যুত্তর দিতে গিয়ে তিনি বাংলা ভাষার দুর্বলতার সম্যকভাবে উপলব্ধি করতে পেরেছিলেন, তাই সচেতনভাবে বাংলা ভাষার উৎকর্ষ বৃদ্ধিতে প্রয়াসী হয়েছিলেন। রামমোহনই প্রথম বাংলা গদ্যকে যুক্তি-তর্ক-বিচার সমন্বিত আধুনিক মননশীলতা প্রকাশের যোগ্যতা দান করেছিলেন এবং বাংলা সাহিত্যে সর্বপ্রথম বিষয়-গৌরবী প্রবন্ধ তাঁর হাতেই সৃষ্টি হয়েছিল।

তবে রামমোহনের গদ্যভাষা সম্পর্কে সমালোচকদের কিছু অভিযোগ রয়েছে। তার মধ্যে অন্যতম দুটি হল— প্রথমত, ছেদ চিহ্নের ব্যবহার বিষয়ে রামমোহনের উদাসীনতা এবং দ্বিতীয়ত, রামমোহনে গদ্যে সরসতা, মাধুর্য ও শিল্পগুণের অভাব। সমালোচক প্রমথ চৌধুরী তাঁর (রামমোহন) রচনার আরো কিছু ত্রুটি নির্দেশ করে লিখেছেন— "তাঁহার অবলম্বিত রীতি যে বঙ্গসাহিত্যে গ্রাহ্য হয় নাই তাহার প্রধান কারণ, তিনি সংস্কৃত শাস্ত্রের ভাষ্যকারদিগের রচনা পদ্ধতি অনুসরণ করিয়া, তিনি সংস্কৃত শাস্ত্রের ভাষ্যকারদিগের রচনা পদ্ধতি অনুসরণ করিয়াছিলেন। এ গদ্য, আমরা যাহাকে modern prose বলি, তাহা নয়। পদে পদে পূর্বপক্ষকে প্রদক্ষিণ করিয়া অগ্রসর হওয়া আধুনিক গদ্যের প্রকৃতি নয়।" এ প্রসঙ্গে বলতে হয়, আসলে বিষয়বস্তুর কাঠিন্যই ছিল রামমোহনের গদ্যের নীরস ও মাধুর্যহীনতার প্রধান কারণ। তিনি যে সহজ-সরল গদ্য রচনায়ও সক্ষম ছিলেন, তা তাঁর ভক্তস্থানীয় কবি ঈশ্বরগুপ্তের কথায় স্পষ্টভাবে প্রকাশিত— "দেওয়ানজী জলের ন্যায় সহজ ভাষা লিখিতেন, তাহাতে কোন বিচার ও বিবাদ ঘটিত বিষয় লেখায় মনের অভিপ্রায় ও ভাবসকল অতি সহজে স্পষ্টরূপে প্রকাশ পাইত, এজন্য পাঠকের অনায়াসেই হৃদয়ঙ্গম করিতেন, কিন্তু সে লেখায় শব্দের বিশেষ পরিপাট্য ও তাদৃশ্য মিষ্টতা ছিল না।" অন্যদিকে প্রমথবাবুর সমালোচনার জবাবে পূর্বকথার পুনরাবৃত্তি করে বলতে হয়, বাংলা গদ্যভাষা বা সাহিত্যের বিকাশ-সাধন রামমোহনের প্রাথমিক লক্ষ্য ছিল না; তাঁর প্রাথমিক লক্ষ্য ছিল ধর্ম ও সমাজ সংস্কার। সেই সূত্রেই নিজের বক্তব্যকে সঠিকভাবে প্রকাশ করতে তিনি বাংলা গদ্যের একটা চলনসই কাঠামো নির্মাণ করে নিয়েছিলেন।

(৩)

এখানে আর একটি বিষয় উল্লেখ্য, অনেকেই রামমোহন রায়কে 'বাংলা গদ্যের জনক' বলে অভিহিত করেছেন। কিন্তু তাঁদের এই অভিমতের যথার্থতা নিয়ে বিতর্কের অবকাশ রয়েছে। কারণ, রামমোহনের পূর্বেই শ্রীরামপুর মিশনারি এবং ফোর্টউইলিয়াম কলেজের পণ্ডিতদের দ্বারা বাংলা গদ্য চর্চার সূচনা ঘটে গিয়েছিল। তাই রামমোহনকে 'বাংলা গদ্যের জনক' না বলে, 'বাংলা গদ্যের প্রথম সংস্কারক' বলাটাই যুক্তিযুক্ত বলে মনে হয়।

আলোচনার শেষে একথা বলা যায় যে, বাংলা সাহিত্যিক গদ্য গড়ে তোলার প্রয়াস রামমোহনের রচনার মধ্যে না থাকলেও, ধর্ম ও সমাজ-সংস্কারক রামমোহন নিজের সংগ্রামী ব্যক্তিত্বের তীব্রতা দিয়ে বাংলা গদ্যের শরীরী একটি স্বতন্ত্র 'স্টাইল' সঞ্চারে সক্ষম হয়েছিলেন। এজন্যই রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছিলেন— "রামমোহন বঙ্গসাহিত্যকে গ্রানিটস্তরের

উপর স্থাপন করিয়া নিমজ্জন দশা হইতে উন্নত করিয়া তুলিয়াছিলেন।"

এছাড়া রামমোহন রায়ের রচিত 'ব্রহ্মসংগীত'গুলি তাঁর সৃষ্টিশীলতার আর এক অনন্য নিদর্শন। এই সংগীতগুলিতে 'একেশ্বরবাদ' এবং 'নিরাকার ব্রহ্মের' প্রতি তাঁর ঐকান্তিক বিশ্বাস ও ভক্তির প্রকাশ ঘটেছে।

বাংলা সাময়িকপত্রের জগতে রামমোহন :

বাংলা গদ্যসাহিত্যের মতোই বাংলা সাময়িকপত্রের একেবারে সূচনালগ্নে ঠিক একইভাবে সাময়িকপত্র-জগতে ধর্ম ও সমাজ-সংস্কারক রামমোহন রায়ের আবির্ভাব। তাঁর উদ্যোগে প্রকাশিত 'ব্রাহ্মণসেবধি' (সেপ্টেম্বর, ১৮২৯) ও 'সম্বাদ কৌমুদী' (ডিসেম্বর, ১৮২১) ছিল সেই সময়ের দুটি উল্লেখযোগ্য পত্রিকা।

(১)

শ্রীরামপুর ব্যাপটিস্ট মিশন ও প্রেসের উদ্যোগে এবং জন ক্লার্ক মার্শম্যানের সম্পাদনায় ১৮১৮ খ্রিঃ এপ্রিল মাসে বাংলা ভাষায় মুদ্রিত প্রথম সাময়িকপত্র 'দিগদর্শন' আত্মপ্রকাশ করে। এটি ছিল একটি মাসিক পত্রিকা। এর মাসখানেকের মধ্যে ১৮১৮ খ্রিঃ ২৩শে মার্শম্যানের সম্পাদনাতেই শ্রীরামপুর মিশন থেকে সাপ্তাহিক বাংলা সাময়িকপত্র 'সমাচার দর্পণ' প্রকাশিত হয়।

এই 'সমাচার দর্পণ' পত্রিকাতে ১৮২১ খ্রীঃ ১৪ জুলাই "কোন বিজ্ঞ ব্যক্তি দূর দেশ হইতে কয়েক প্রশ্ন সম্বলিত" একটি চিঠি প্রকাশিত হয়। তীক্ষ্ণবুদ্ধি রামমোহন রায় বুঝতে পারেন, উক্ত চিঠির প্রশ্নগুলির মাধ্যমে শ্রীরামপুর মিশনারিরা আসলে হিন্দুধর্মকে আক্রমণ করতে চেয়েছেন এবং তিনি এই অন্যায় আক্রমণের উপযুক্ত জবাব দেওয়া উচিত বলে মনে করলেন। তবে রামমোহন সরাসরি নিজের নামে নয়, তাঁর পণ্ডিত শিবপ্রসাদ শর্মার ছদ্মনামে চিঠিতে উক্ত হিন্দু ধর্ম-সম্পর্কিত প্রশ্নগুলির উত্তর 'সমাচার দর্পণ'-এর কর্তৃপক্ষের কাছে প্রেরণ করলেন। কিন্তু রামমোহন-প্রদত্ত সেই উত্তর 'সমাচার দর্পণ' পত্রিকার ছাপা হলো না।

কিন্তু দৃঢ়চিত্ত রামমোহনও ছাড়বার পাত্র ছিলেন না। তিনি নিজস্ব উদ্যোগে ১৮২১ খ্রিঃ সেপ্টেম্বর মাসে শিবপ্রসাদ শর্মার নামে 'ব্রাহ্মণ সেবধি' ও 'Brahmanical Magazine' পত্রিকা প্রকাশ করেন। পত্রিকাটি বাংলা এবং ইংরেজি উভয় ভাষাতেই প্রকাশিত হত। এর এক পৃষ্ঠায় বাংলা এবং অপর পৃষ্ঠে ইংরেজি অনুবাদ থাকত। এই পত্রিকার প্রকৃত প্রকাশক যে রামমোহন রায় ছিলেন, তা 'সমাচার চন্দ্রিকা'-র সম্পাদক ভবাণীচরণ বন্দ্যোপাধ্যায় কথাতেই স্পষ্ট —

"...সহমরণ রহিত বিষয়ে তাঁহাকে (রামমোহন রায়কে) ইংরেজি সমাচারপত্র-প্রকাশকেরা প্রশংসা দিতেছেন তাহাতে আমরা দুঃখিত নহি... তিনি ব্রাহ্মণীকেল মেকজিন অর্থাৎ ব্রাহ্মণসেবধি প্রভৃতি গ্রন্থ করিয়া মিসনারি প্রভৃতি খ্রীষ্টিয়ানের দিগের নিকট অনেক প্রশংসা পাইয়াছিলেন...।"

তবে 'ব্রাহ্মণ সেবধি'-র খুব বেশিদিন নয় পত্রিকাটির মাত্র প্রথম তিন সংখ্যার সন্ধান পাওয়া গিয়েছে। অনুমান করা হয়, এরপর আর কোনো সংখ্যা প্রকাশিত হয়নি। এরমধ্যে প্রথম দুই সংখ্যায় প্রকাশিত হয়েছিল, 'সমাচার দর্পণ' পত্রিকায় প্রকাশিত চিঠিতে কৃত প্রশ্ন এবং রামমোহন-প্রদত্ত তার উত্তরসমূহ।

(২)

খ্রীষ্টান মিশনারীদের দ্বারা হিন্দুধর্ম ও শাস্ত্রের প্রতি অন্যায় আক্রমণ এবং হিন্দু সমাজের প্রতি তীব্র কটাক্ষের উপযুক্ত জবাব দেওয়ার উদ্দেশ্যেই ১৮২১ খিস্টাব্দে ৪ ডিসেম্বর 'সম্বাদ কৌমুদী' পত্রিকার প্রথম আত্মপ্রকাশ ঘটেছিল। যদিও এই পত্রিকার প্রতিষ্ঠাতা ও সম্পাদক ছিলেন কলকাতার কলুটোলা নিবাসী তারাচাঁদ দত্ত ও ভবাণীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়গণ, কিন্তু একথা কারোই অজ্ঞাত নয় যে, 'সম্বাদ কৌমুদী' পত্রিকা সম্পাদনার ব্যাপারে রামমোহন রায়ের সক্রিয় ভূমিকা ছিল এবং তিনিই ছিলেন এর প্রধান লেখক।

পত্রিকাটির মোট পৃষ্ঠা সংখ্যা ছিল ৮টি এবং প্রত্যেক সংখ্যায় পত্রিকার শিরোভাগে নিম্নলিখিত শ্লোকটি মুদ্রিত হত —

"দর্পণে বদনং ভীতি দীপেন নিকটস্থিতং।
রবিণা ভুবনং তপ্তং কৌমুদ্যা শীতলং জগৎ।।"

পত্রিকাটি প্রথমে প্রতি মঙ্গলবারে এবং ১৬তম সংখ্যা থেকে মঙ্গলবারের পরিবর্তে প্রতি শনিবারে প্রকাশিত হত। ১৮৩০ খ্রিঃ থেকে 'সম্বাদ কৌমুদী' দ্বিসাপ্তাহিক পত্রিকায় পরিণত হয়। অর্থাৎ প্রতি সপ্তাহে দুদিন প্রকাশিত হত।

পত্রিকাটির লক্ষণীয় বৈশিষ্ট্য হল, রামমোহনের ধর্ম ও সমাজ সম্পর্কিত মতবাদ প্রচার ও প্রতিষ্ঠা এর মূল উদ্দেশ্য হলেও, একইসঙ্গে এতে রাজনীতি, লোকশিক্ষা, নীতিশিক্ষা বিষয়ক বিভিন্ন প্রবন্ধ ও গল্প, এমনকি দেশবিদেশের নানান সংবাদ প্রকাশিত হত। আসলে ধর্ম-সংক্রান্ত আক্রমণের জবাব দেওয়া পত্রিকাটির প্রাথমিক লক্ষ্য ছিল ঠিকই, কিন্তু এর বৃহত্তর উদ্দেশ্য ছিল লোকহিত সাধন।

সম্বাদ 'কৌমুদী'-তে যুক্তিনিষ্ঠ প্রবন্ধ প্রকাশিত দ্বারা রামমোহন একদিকে যেমন মিশনারীদের হিন্দুধর্ম সম্পর্কে অপপ্রচার বন্ধ করতে উদ্যোগী হয়েছিলেন, অন্যদিকে তেমনি প্রাচীনপন্থী হিন্দুসমাজপতি ও পণ্ডিতদের বিভিন্ন অন্ধ সংস্কারের প্রতি, বিশেষ করে সহমরণের মতো নির্মম প্রথার প্রতি সমর্থনের তীব্র সমালোচনা শুরু করেছিলেন। রক্ষণশীল ভবাণীচরণ বন্দ্যোপাধ্যায় হিন্দুসমাজ ও সংস্কারের প্রতি রামমোহনের আক্রমণকে মেনে নিতে পারলেন না। উভয়ের মতবিরোধ চরমে উঠল এবং 'সম্বাদ কৌমুদী'-র ত্রয়োদশ সংখ্যা প্রকাশের পর ভবাণীচরণবাবু পত্রিকার সঙ্গে সবরকম সম্পর্ক ত্যাগ করলেন। শুধু তাই নয়, তিনি ১৮২২ খ্রিঃ ৫ মার্চ রক্ষণশীল হিন্দু সমাজের মুখপাত্র রূপে নিজস্ব সম্পাদনায় 'সমাচার চন্দ্রিকা' পত্রিকা প্রকাশ করলেন। স্বাভাবিকভাবেই পত্রিকা মারফৎ একদা সহযোগী ভবাণীচরনের সঙ্গে রামমোহনের মতাদর্শগত বিরোধ প্রবল আকার ধারণ করেছিল।

যাইহোক, রামমোহন রায়ের বাংলা গ্রন্থাবলীর সম্পাদক রাজনারায়ণ বসু 'সংবাদ কৌমুদী' পত্রিকার প্রশংসা করে লিখেছিলেন–

"এই সংবাদ-কৌমুদীতে জ্ঞান-বিজ্ঞান এবং ঐতিহাসিক তত্ত্ব সমন্বিত যে সকল লোকোপকারী বিষয় লিখিত হইয়াছে, তদ্দ্বারা প্রতীতি হইবে যে, রামমোহন রায় যে কেবল ধর্ম ও রাজনীতি বিষয়ে লিখিতে পারিতেন তাহা নহে; জ্ঞানগর্ভ অমিশ্র সাহিত্য রচনাতেও তাঁহার নৈপুণ্য ছিল। রামমোহন রায় গদ্য রচনার বৈয়াকরণিক নিয়ম প্রথম নির্ধারণ করাতে এবং কৌমুদীতে এই সকল প্রবন্ধ লেখাতে তাঁহাকে বর্তমান গদ্য-সাহিত্যের সৃষ্টিকর্তা বলিতে হইবে।"

শ্রদ্ধেয় রাজনারায়ণবাবুর উদ্ধৃতি মন্তব্যটি একইসঙ্গে বাংলা গদ্য সাহিত্যে রামমোহনের অবদান ও অবস্থান নির্দেশকও বটে।

এছাড়া রামমোহন রায় ১৮২২ খ্রিঃ ফার্সী ভাষায় 'মিরাৎ-উল-আখবার' নামে একটি সাপ্তাহিক সংবাদপত্র প্রকাশ করেছিলেন। শিক্ষিত ও বিশিষ্ট সমাজের জন্য প্রকাশিত এই পত্রিকাটিতে রামমোহন নির্দ্বিধায় ইউরোপের রাজনীতি, ভারতে ব্রিটিশ সরকারের বিভিন্ন ত্রুটি-বিচ্যুতি নিয়ে আলোচনা করতেন। আয়ারল্যান্ডের দুরবস্থার কথা, গ্রীসের জাগরণের মতো বিষয়গুলিও এতে সমানভাবে আলোচিত হত। আর একটি গুরুত্বপূর্ণ বিষয় হল, সমগ্র ভারতবর্ষে ফার্সী সংবাদপত্রের সর্বপ্রথম সম্পাদক ছিলেন রামমোহন রায় এবং ভারতবর্ষের বাইরে পারস্যেও 'মিরাৎ-উল-আখবার' সমান জনপ্রিয় ছিল। তবে সরকারি নিষেধাজ্ঞার কারণে পত্রিকাটি বেশিদিন স্থায়ী হয়নি।

ইতিকথন :

রাজা রামমোহন রায়ের বহুমুখী প্রতিভা ও বিচিত্র কর্মকাণ্ডের বিশ্লেষণে একথা স্পষ্ট যে, বাংলায় নবজাগরণের উষারুণ প্রত্যুষে তাঁর মতো একজন দৃঢ়প্রতিজ্ঞ, স্থিরচিত্ত ও বলিষ্ঠ চরিত্র মহামানবের আবির্ভাব ছিল অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বস্তুতঃ রামমোহনের আধুনিক যুক্তিবাদ ও মননশীলতার সঞ্জীবনী স্পর্শেই সর্বপ্রথম দীর্ঘকাল যাবৎ অন্ধবিশ্বাস ও সংস্কারে অভ্যস্ত আত্মজ্ঞান এবং আত্মবলহীন বাঙালির মুক্তি সূচিত হয়েছিল। তবে তাঁর এই মনের মুক্তির আন্তরিক প্রয়াস শুধুমাত্র বাংলা বা বাঙালি সমাজের মধ্যে সীমাবদ্ধ ছিল না; জাতীয় ক্ষেত্রেও তিনিই সর্বপ্রথম জনসাধারণের অধিকার সম্পর্কে দেশবাসীকে সচেতন করে তুলেছিলেন। একই সঙ্গে ন্যায় ও সত্যের উপাসক রামমোহন সরকারের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে নির্দেশ দিতেও দ্বিধা করেননি। এমনকি ১৮২৩ খ্রিস্টাব্দে তৎকালীন গভর্ণর জেনারেল লর্ড আমহার্স্ট কর্তৃক জারিকৃত প্রেস অর্ডিন্যান্সেরও তিনি তীব্র বিরোধিতা করেছিলেন। এজন্যই যথার্থ অর্থে রামমোহন রায় ছিলেন "ভারতের প্রথম আধুনিক মানুষ"।

তথ্যসূত্র :

১. পাল, বিপিনচন্দ্র; নবযুগের বাংলা, চিরায়ত প্রকাশন, কলকাতা, শ্রাবণ ১৪১৯।

২. মুখোপাধ্যায়, শক্তিসাধন, ইতালীয় রেনেসাঁসের আলোকে বাংলার রেনেসাঁস, প্রগ্রেসিভ পাবলিশার্স, কলকাতা, অক্টোবর ২০০০।
৩. রায়, আলোক; উনিশ শতক, প্রমা, কলকাতা, ২০১৫।
৪. গুহ, রণজিৎ; দয়াঃ রামমোহন রায় ও আমাদের আধুনিকতা, তালপাতা, কলকাতা, ২০০৭।
৫. ভট্টাচার্য, প্রদ্যুম্ন, রামমোহন ও বাংলা গদ্য, বারোমাস, এপ্রিল, কলকাতা ১৯৯০।
৬. মুখোপাধ্যায়, প্রভাতকুমার; রামমোহন ও তৎকালীন সমাজ ও সাহিত্য, বিশ্বভারতী, কলকাতা, ১৩৭৯।
৭. দাস, যোগানন্দ, রামমোহন ও ব্রাহ্ম আন্দোলন বা বাংলার জাতীয় ইতিহাসের মূল ভূমিকা, সাধারণ ব্রাহ্ম সমাজ, কলকাতা, ২০০৩।
৮. ঘোষ, অনিল চন্দ্র; বাংলার ঋষি, প্রেসিডেন্সী লাইব্রেরী, কোলকাতা, ২০০৮।
৯. শাস্ত্রী, শিবনাথ; রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ, নিউ এজ পাবলিশার্স প্রাঃলিঃ, কোলকাতা, ২০০৩।
১০. চৌধুরী, সুবোধ; সাহিত্যিকা, কোলকাতা, ২০০৯।
১১. ভট্টাচার্য, পরেশচন্দ্র; সমগ্র বাংলা সাহিত্যের পরিচয়, জয় দুর্গা লাইব্রেরী, কোলকাতা, ২০০৮।
১২. Majumdar, Ramesh Chandra, On Rammohan Roy, Calcutta, Asiatic Society, 1972.
১৩. Joshi, V.C, (Ed.) Rammohan Roy and the process of Modernization in India, New Delhi, 1975.
১৪. Sarkar, Sumit, Rammohan Roy and the Break with the Path.
১৫. Majumdar, J.K; Raja Rammohan Roy and Progressive Movements in India, a selection from records, 1775-1188, Calcutta, Art Press, 1941.
১৬. Majumdar, B.B. History of Political Thought from Rammohan to Dayananda, Calcutta, Bookland, 1967.
১৭. Kumar, Ravinder, Essays in the Social History of Modern India, Oxford University Press, 1983.
১৮. Guha, Ramachandra; Makers of Modern India, Penguin Viking, New Delhi, 2010.

Our Research Publication

Universe International Journal of Interdisciplinary Research



UNIVERSE
INTERNATIONAL
JOURNAL OF
INTERDISCIPLINARY
RESEARCH

ISSN : 2582-6417

www.uijir.com

(Peer Reviewed Referred Journal)
(c) UIJIR/ISSN (O) : 2582-6417
JULY 2021/ Vol. 2 Issue 2
IMPACT FACTOR - 2.2

Universe International Journal of Interdisciplinary Research
(Peer Reviewed Refereed Journal)

© UIJIR | ISSN (O) – 2582-6417
JULY 2021 | Vol. 2 Issue 2
www.uijir.com

SWAMI VIVEKANANDA WAS A REVOLUTIONARY THINKER AND AN EDUCATIONIST DREAMER...

Author's Name: Dr. Sukla Bhattacharyya

Affiliation: *Department of Education, Purbasthali College, Dist-Burdwan, West Bengal, India*

E-Mail: sukwbsu@gmail.com

DOI No. – 08.2020-25662434

Abstract

Swami Vivekananda was a great revolutionary thinker as his thought was fully scientific and he Was completely free from superstitions. He wanted to eradicate poverty in India through science and technology. Though he was proud of the Indian past for developing mathematics, geometry, and inventing the digit Zero. But in spite of that he wanted western science and technology. Moreover, Swamiji was flattered by the west for being very laborious and spread the ideas of Vedanta in the West. At the same time he wanted the synthesis of Individualism and Socialism in his educational thought. Though he was a great Vedantic sage, he was highly influenced by the Islamic culture. Vedanta philosophy propagated the idea of equality. He thought that a new Culture should be born through intermingling of Hindu and Muslim culture. Swamiji's sole opinion was equalization. He accepted the socialist theory, thus we can follow the synthesis of Individualism and Socialism in most of Swamiji's educational teachings. He could not deafer from shudrahood and nationhood. He was highly ambitious about India being the leading nation building a new society in the world. He aimed towards scientific, technical, moral and physical education as well as religious education for the regeneration of the masses.

Keywords: *Science Technology, Swami, Western Materialism*

INTRODUCTION

In the19th Century a galaxy of great men were born in India; undoubtedly Swamiji was one of the foremost among them. Swamiji welcomed western materialism, particularly science and technology. He wanted to combine Indian spirituality with western materialism. He said that he wanted western science coupled with Vedanta.

Swamiji said: The end of all education, all training should be man-making. He further says: Education is not the amount of information that is put into your brain so that it can run riots there undigested to all your life. Through education we must put our emphasis on Life-building, man-making, character-making, assimilation of ideas. He opined that, Education should lay proper emphasis on creativity, originality and excellence. Vedanta was the main part of thinking for Vivekananda which had no conflict with science and technology. He wanted the poverty free India through Science & technology. Though he was proud of the Indian past for developing mathematics, geometry, and inventing the digit Zero. But in spite of that he wanted western science and technology. Moreover, Swamiji was flattered by the west for being very laborious and spread the ideas of Vedanta in the West. Here we follow the same ideas between Tagore and Swami Vivekananda. : "DIBE R NIBE/ MILABE MILIBE / JABE NA FIRE /". According to Swami Vivekananda the study of technology should not, however, be one-sided. It is to be supplemented by the study of humanities, including philosophy and religion.

Swami Vivekananda opined that wisdom, civilization and arts that accumulated in the heart of the social body during the Brahmin and supremacies of Kshatriya are being diffused in all directions by the arteries of commoners in the different market places of the Vaishya. But for



Journal of Gender Studies

ISSN: (Print) (Online) Journal homepage: https://www.tandfonline.com/loi/cjgs20

‘Resistance can come only from theatre’: an interview with A. Mangai

Soumya Mohan Ghosh

To cite this article: Soumya Mohan Ghosh (2021): ‘Resistance can come only from theatre’: an interview with A. Mangai, Journal of Gender Studies, DOI: 10.1080/09589236.2021.2014307

To link to this article: https://doi.org/10.1080/09589236.2021.2014307

Published online: 12 Dec 2021.

Submit your article to this journal

Article views: 31

View related articles

View Crossmark data

Full Terms & Conditions of access and use can be found at
https://www.tandfonline.com/action/journalInformation?journalCode=cjgs20

JOURNAL OF GENDER STUDIES
https://doi.org/10.1080/09589236.2021.2014307

FORUM

‘Resistance can come only from theatre’: an interview with A. Mangai

Soumya Mohan Ghosh

Department of English, Purbasthali College (Affiliated to University of Burdwan), Parulia, India

ABSTRACT
Dr. Padma Venkataraman, alias A. Mangai, is an Indian academic, activist, actor, playwright, and a director. This conversation with her draws on the interface between feminism and theatre in the Indian context. It refers to Mangai’s dramatic and critical oeuvre, primarily focusing on the prominent directorial ventures, such as *Pacha Mannu* (New Earth, 1996), *Aanmai o Aanmai* (Macho o Macho, 2010), *Vakkumoolam* (Testimony, 2013), along with the critical study on Indian feminist theatre, titled *Acting Up: Gender and Theatre in India, 1979 onwards* (2015). She candidly talks about women’s participation in a genre dominated by men, the aesthetics of the street theatre, the Dravidian movement’s gendered discourse, patriarchal indifference towards women’s works, feminist dramaturgy, and sustenance of theatre.

ARTICLE HISTORY
Received 18 October 2021
Accepted 29 November 2021

KEYWORDS
Gender; performance; theatre; Indian feminist theatre

Note on the interviewee

Dr. Padma Venkataraman, alias A. Mangai, is an academic, activist, actor, playwright, and a director, who served as a Professor of English at Stella Maris College, Chennai, Tamil Nadu (India). She is one of the founder members of several theatrical associations, such as Shakthi,[1] Palkalai Arangam (University Theatre), Chennai Kalai Kuzhu (Chennai Cultural Troupe), Voicing Silence,[2] and Marappachi.[3] Recipient of the Fulbright Fellowship twice for her academic work on gender and theatre, Mangai’s journey as a theatre activist began with the All India Democratic Women’s Association (AIDWA) and Progressive Writers’ Association (PWA). She focuses on creating awareness by taking up issues of gender-based oppression and sexual violence in and around Tamil Nadu, India. She has highlighted the alarming issue of female infanticide/foeticide through the plays *Yaar Kutravali?* (Who is Guilty?, 1986), *Karpathin Kural* (Cry of the Womb), *Thoppuzh Kodi* (Umbilical Cord), and *Pacha Mannu* (New Earth, 1996). Performed in the year 1986 as part of AIDWA, *Yaar Kutravali?* delves into society’s understanding of the girl-child and female foeticide. *Karpathin Kural*, which was performed with expresses hope for a better future. *Thoppuzh Kodi* provides the female foetus a voice to support its mother. Performed by Voicing Silence, *Pacha Mannu* facilitates Mangai’s purpose of consciousness-raising on the one hand, by investigating the age-old traditions which devalue women, and by presenting multiple solutions, promoting post-performance debate/discussion on the other.

Mangai’s *Pani-t-thee* (Frozen Fire, 2005) explores the performative aspect of sex/ gender by revisiting the character of Amba/ Shikhandi[4] from the celebrated Indian epic, the *Mahabharata*. Mixing the different genres of *koothu*[5] and *isai natakam*,[6] Mangai’s play looks at Amba/ Shikhandi through a feminist lens to provide the mythic Amba a voice hitherto absent. *Aanmai o Aanmai*

CONTACT Soumya Mohan Ghosh ✉ soumya.rkmv@gmail.com Purbasthali College (Affiliated to University of Burdwan), Parulia West Bengal, 713513 India

© 2021 Informa UK Limited, trading as Taylor & Francis Group

(Macho o Macho, 2010) critiques the Dravidian movement[7] of Tamil Nadu from a feminist perspective. *Vakkumoolam* (Testimony, 2013) draws on Ariel Dorfman's *Death and the Maiden* and the real-life incident of Nagamma[8] to explore corruption, sexual violence, and the struggle for justice. Her other notable plays include *Mauna-k-Kural, Avvai, Vellavi, Karuppi* (Dark Woman), *Manimekalai, Sudalaiamma*. Her recent online (Zoom) play *Siripputhaan Varudhu* (One Can Only laugh, 2020) deals with black lives matter, domestic violence, sexual violence, migrant workers, and democratic protest. The play, a finalist at 'The Good Theatre Festival' organized by The Red Carpet International Theatre in the year 2021, 'made spectators face up to realities, harsh as they may be, and begin the arduous, yet essential, process of healing through the truth rather than bypassing it by disassociation – disassociation from ourselves, our bodies, society, and the world around us' (Arasu, 2021, para. 15).

With a view to exchanging ideas among fellow theatre artists and strengthening solidarity between women theatre practitioners, Mangai invited women theatre artists from all over India to be part of the Kulavai festival in 1996, 1997, 1999, 2002, and 2003. In her critical study, *Acting Up: Gender and Theatre in India, 1979 onwards* (2015), she juxtaposes the perspectives of an academic with those of a professional theatre artist (having personal experience of theatrical activism of more than four decades) to investigate the convergence of gender and theatre in India from the late 1970s. She forcefully advocates for the recognition of feminist theatre in India by analysing the works of prominent women theatre artists as professing feminism through their works.

Mangai practices collaborative theatre as opposed to the traditional (phallocentric) notion of absolute authorship as she describes the process of conception of the play *Pacha Mannu* in the following lines:

> The production process of the plays challenges conventional definitions of playwright, director, actors and audience. This mode of evolving the play departs from conventional definitions of compartmentalised roles assigned to the writer, actor, director, etc. (Mangai, 1998, p. WS70)

Most of her plays are characterized by open-endedness, impromptu improvisations, post-performance discussions which often surpass the length of the actual performance, minimum to no props that intend to transform, following Augusto Boal,[9] the spectators into spect-actors for resisting the patriarchal culture of sexual domination of women.

Note on the interviewer

Soumya Mohan Ghosh (http://orcid.org/0000-0002-1240-813X) completed his M.A. in English and Comparative Literature at Pondicherry University, Puducherry and received his Ph.D. from Indian Institute of Technology (Indian School of Mines), Dhanbad, Jharkhand, India. Previously, he taught at J. R. S. College Jamalpur, a constituent unit of Munger University. Presently, he is an Assistant Professor and Head, Department of English at Purbasthali College (affiliated to University of Burdwan), West Bengal. His research papers have been published in many international journals. He co-edited the book *Problematics of Gender Discourse: Perspectives on Masculinism and Feminism*. He can be reached at soumya.rkmv@gmail.com.

This interview was conducted over a period of six years from September 2015 to October 2021 at the residence of A. Mangai, Chennai, Tamil Nadu, India as well as through email.

বইটির এক বড় অংশ জুড়ে আছে যুদ্ধের পর যে যুদ্ধ তার কথা। আর এই যুদ্ধে পাশে পাবার মতো মানুষ সেদিন খুব কম জনই ছিলেন।নিজের জীবনের নিরন্তর সংগ্রাম পার হবার পর সৈয়দা জাহানারা যে অভিজ্ঞতার কথা তুলে ধরলেন সেখানে আছে নিজেকে ছাড়িয়ে এক বৃহৎ পরিপ্রেক্ষিতে লড়াইয়ের কথা।আমরা জানি মুক্তিযুদ্ধ সমাজের অন্দরে প্রবেশ করেছিল। পাক সেনাদের নির্মম অত্যাচারের শিকার হয়েছিলেন বহু মহিলা। যুদ্ধ পরবর্তীকালে যেসব মেয়েরা বেঁচে রইল তাদের ঠিকানা কোথায় হবে-তারা যখন পুনরায় স্বামী বা মা-বাবার ঠিকানা থেকে বিতাড়িত হল তখন তাদের আশ্রয় দেবে কে-তাদের জীবিকার সন্ধান দেবে কে-এই প্রশ্নগুলি সেদিন ক্ষতচিহ্নের মতো বাংলাদেশের সমাজজীবনে ঘোরাফেরা করেছিল। যে ক-জন মানুষ সেদিন তাদের পাশে এগিয়ে এসেছিলেন তাঁদের মধ্যে অন্যতম হলেন সৈয়দা জাহানারা। এই সংগ্রামের কাহিনিও তিনি তুলে ধরছেন তাঁর লেখায়,যার মধ্য দিয়ে আমরা সেদিনের সেই কথা যেন জানতে পারি।

লেখকের কথায়''এদিকে যুদ্ধ শেষ হবার পর সমাজের মধ্যে আরেক যুদ্ধ শুরু হয়ে গেল।''[৬] খান সেনাদের ক্যাম্প থেকে জীবিত ফিরে আসা নিরাশ্রয় মহিলাদের পুনর্বাসন দেওয়ার জন্য সেদিন লড়াই করতে হয়েছিল। মহিলাদের শিক্ষা

দেওয়া,তাদের আশ্রয় দেওয়া,বিভিন্ন কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া প্রভৃতি সব বিষয়েই সৈয়দা জাহানারার প্রয়াস বাংলাদেশের এই ভয়ঙ্কর পরিস্থিতিতে মনে রাখার মতো।

এইভাবে যে জীবন শুরু হয়েছিল পশ্চিমবঙ্গের হাওড়া জেলায়, মা-বাবা, ভাই-বোনের সংসারে-পরবর্তীকালে সেই জীবনই এগিয়ে গেছে বিচিত্র অভিজ্ঞতার মধ্য দিয়ে। জীবনের চরম প্রতিকূলতার মধ্যে একদিকে যেমন নিজের দেশ থেকে বারংবার বিতাড়িত হয়েছেন, আবার অন্যদিকে নিজেকেও উন্নীত করেছেন শিক্ষার মধ্য দিয়ে। বিপর্যয়ের মধ্যেই আর্থিক স্বাধীনতা অর্জন করেছেন। নিজের পরিবারকে এগিয়ে নিয়ে গেছেন। কিন্তু সেখানেই শেষ হয়নি, সমাজ কল্যাণেও এগিয়ে এসেছেন। এইভাবে এই বইয়ের মধ্যে তিনি যেমন একদিকে নিজের অভিজ্ঞতাকে জানিয়ে গেছেন তেমনি সমৃদ্ধ করেছেন পাঠকদেরও। আমরা উপলব্ধি করতে পেরেছি এক বিশেষ সময়কে। আর এখানেই বইটির গুরুত্ব।

এরপর ভিন্ন ধরণের দুটি সৃষ্টির প্রসঙ্গে আসব। একটি চলচ্চিত্র আর একটি উপন্যাস। প্রখ্যাত উর্দু লেখক ইসমত চুঘতাই-এর গল্প অবলম্বনে চলচ্চিত্রটি রূপায়িত করেন এম.এস.সাথ্যু। চলচ্চিত্রটির নাম 'গরম হাওয়া'।আর উপন্যাসটি হল হাসান আজিজুল হক-এর লেখা 'আগুনপাখি'।দুটি লেখাতেই আছে ভারত থেকে ইসলাম ধর্মাবলম্বীব্যক্তির ভারত ছেড়ে না যাবার সিদ্ধান্ত গ্রহণের ঘটনা। এই দুটি সৃষ্টির সমগ্র পরিকল্পনায় আছে এক ধরনের স্বাতন্ত্র্য। রাষ্ট্রের সমাজের এবং সম্প্রদায়ের যাবতীয় অনুশাসন যখন নির্দেশ করছে দেশত্যাগের অভিমুখ তখন ব্যক্তি-মানুষ সহসা আমূল বিচলিত হয় স্বভূমির বন্ধন ছিন্ন করে রাষ্ট্রীয় অনুশাসনে স্থিরিকৃত ভিন্ন দেশকে নতুন করে নিজের দেশ বলে মেনে নেবার বাধ্যবাধকতায়। রাষ্ট্র ও ব্যক্তির সংঘাতে মানব হৃদয়ের নাভীমূল থেকে উঠে আসা এক আশ্চর্য প্রতিবাদ এই দুটি সৃষ্টিতে প্রমূর্ত হয়েছে যার মূল কথাটি হল মানুষ কোনো সাম্প্রদায়িক গোষ্ঠীভুক্ত শৃঙ্খলিত মানুষ নয়। সে স্বাধীন দেশের এবং স্বাধীন হৃদয়ের অধিকারী এক ব্যক্তি-মানুষ।

১৯৪৭ খ্রিস্টাব্দ। একইসঙ্গে স্বাধীনতা ও দেশবিভাগ। দেশভাগের কারণে সেইসময় ভারতের বহু মুসলমান যেমন পূর্ব-পাকিস্তান তথা বাংলাদেশে চলে যায় আবার অন্যদিকে বাংলাদেশেরও বহু হিন্দু ভারতে চলে আসে। নিজের দেশ থেকে বিতাড়িত হওয়ার যন্ত্রণা উভয় ধর্মের এবং উভয় দেশের মানুষেরাই ভোগ করে। কিন্তু বেশিরভাগ ক্ষেত্রেই আমাদের হাতে যে সমস্ত লেখা আসে সেখানে বাংলাদেশ থেকে ভারতে আসার ঘটনাই বেশি। এরই এক ব্যতিক্রম চিত্র ধরা পড়ে ১৯৭৩ খ্রিস্টাব্দে

মুক্তিপ্রাপ্ত এম.এস.সাথ্যু পরিচালিত ‘গরম হাওয়া’ চলচ্চিত্রে। গল্পকার ইসমত চুঘতাই-এর গল্প অবলম্বনে এটি নির্মিত। দেশবিভাগ ভারতে অবস্থিত একটি মুসলিম পরিবারের জীবনকে কীভাবে বিপর্যস্ত করেছিল তারই যেন বাস্তব চিত্র। ইসমত চুঘতাই-এর গল্পটি কিছুটা একপেশে। সেলিম ও তার পুত্র পাকিস্তানে যেতে চায় না। কিন্তু ভারতে প্রতিপদে প্রত্যেকের কাছে তারা অসহযোগিতার সম্মুখীন হচ্ছে। এই চিত্রও সর্বদাই সমান সত্য নয়। কখনই কেউই তাদের সহায়তা করতে এগিয়ে আসেননি- এইভাবে গল্পটি যদি চিত্রিত করা হয় তাতে বিশ্বাসযোগ্যতা থাকে না। এবং গল্পের ভারসাম্যও কিছুটা ব্যাহত হয়। ইসমত চুঘতাইয়ের গল্পটি ঠিক তাই-ই হয়েছে। একপাক্ষিক নির্যাতনের বর্ণনা গল্পটির যথার্থ সহমর্মিতা আকর্ষণ করতে পারেনি। অবশ্য সমস্যাটির স্বরূপ তিনি যথার্থভাবেই দেখিয়েছেন। সবচেয়ে বড় কথা এই ছোটো গল্পটিতে একজন ভারতীয় মুসলিমের ভারতকেই স্বদেশ বলে গ্রহণ করার স্বাভাবিক দেশপ্রেম প্রতিষ্ঠিত হয়েছে। আমাদের মনে পড়ে ইসমত চুঘতাই ভারতকেই স্বদেশ বলে গ্রহণ করেছিলেন। সাদাত হাসান মান্টো দেশভাগের পরবর্তীকালে পাকিস্তানে চলে গেলে তিনি বারবার তাঁকে ভারতে ফিরে আসার অনুরোধও জানিয়েছিলেন।

সবশেষে যে উপন্যাসটি আলোচনা আমরা করতে চলেছি তার নাম ‘আগুনপাখি’। ২০০৬ খ্রিস্টাব্দে প্রকাশিত।বঙ্গবিভাজনের পশ্চাৎপটে লেখা। লেখক হাসান আজিজুল হক।হাসান আজিজুল হকের জন্ম ১৯৩৯ খ্রিস্টাব্দের ২রা ফেব্রুয়ারি,পশ্চিমবঙ্গের বর্ধমান জেলায়। ১৯৪৭ খ্রিস্টাব্দে হিন্দু-মুসলিম নির্বিশেষে বাঙালির জীবনে একইসঙ্গে ঘটে দেশভাগ ও স্বাধীনতা। এই দেশবিভাগজনিত অনুভূতিকে জীবন্ত করেছেন তাঁদের লেখায়। তবে বেশিরভাগক্ষেত্রে বাংলাদেশ থেকে ছেড়ে আসা মানুষের কথা আমরা লেখালেখির মধ্যে পাই। ভারত ছেড়ে চলে যাওয়া একটি মুসলিম পরিবার এবং সেই পরিবারের এক গৃহবধূর কাহিনিই হল এই উপন্যাস। পরিবারের সকলে চলে গেলেও গৃহবধূটি একা ভারতে থেকে যায়। ধীরে ধীরে গড়ে ওঠা তার পরিবার,তার বাবা-মা, স্বামী, শাশুড়ি, ননদ, ছেলে, মেয়ে, সকলকে জড়িয়ে তার যে অনুভূতি তা তার নিজের কথাতেই লিখিত।

উপন্যাসটি শুরু হয়েছে ঐ মেয়েটির কথা দিয়েই। তার পরিবারে ছিল বাবা মা ও ভাই।আকস্মিকভাবেই একদিন তার মা মারা যায়। তারপর সেই ভাই হয় তার সর্বক্ষণের সঙ্গী। একদিন বাবা বিয়ে করে নতুন মা ঘরে নিয়ে আসলে পুনরায় তাদের সংসারে শান্তি ফিরে আসে।সৎ-মা তাকে মায়ের অভাব ভুলিয়ে দেয়।কয়েক বছর পর আঠাশ বছরের এক যুবকের সঙ্গে তার বিবাহ হয়। নতুন সংসারে গিয়ে মেয়েটির

নতুন অনুভূতির পুঙ্খানুপুঙ্খ বর্ণনা আছে। স্বামীটি রাশভারী। প্রয়োজনের অতিরিক্ত কোনো কথাতেই তার ভীষণ আপত্তি। নতুন বৌকে প্রথমেই নিয়ে যাওয়া হয় গ্রামের হিন্দু জমিদারের বাড়িতে। জমিদার বাড়ির কর্তামা তাকে গা ভর্তি গয়না দিয়ে সাজিয়ে দেয়। হিন্দু ও মুসলিমদের মধ্যে কোনো ব্যবধান সেই সময়েও দেখা দেয়নি।

এই পরিবারের মধ্যে নতুন বৌয়ের স্বামীই ছিল বিচক্ষণ,বুদ্ধিমান ও কর্মপটু। তারই হাত ধরে সংসারের উন্নতি চলতে থাকে। একের পর এক জমি কেনা হয়।অতিথি অভ্যাগত দাস-দাসীতে সংসার পরিপূর্ণ হয়ে উঠতে থাকে। আবার এরই মাঝে একদিন স্বামী তার স্ত্রীকে জানায় যে রায়বাড়ির সমস্ত সম্পত্তি নিলামে উঠবে। নতুন বৌয়ের সমস্ত গয়না বিক্রি করে দিলেই এই জমির টাকা উঠে আসবে। স্বামীর এই প্রস্তাবে প্রথমে আপত্তি থাকলেও পরে সে তা মেনেও নেয়। শ্বশুরবাড়ির জমি সম্পত্তি বাড়তে থাকে।ইতোমধ্যে নতুন বৌয়ের সন্তানাদি হয়।

এরপরেই ধীরে ধীরে ইতিহাসের পটপরিবর্তন ঘটতে থাকে।দেখা দেয় প্রবল দুর্ভিক্ষ। যে পরিবারে আছে প্রচুর জমি তাদের মড়াইয়ের ধানও ফুরিয়ে যেতে থাকে। মানুষের পরবার কাপড়ও সেইসব দিনে পাওয়া যেত না। এক চরম সঙ্কটের মধ্যে দিন কাটতে থাকে।একদিন নতুন বৌয়ের স্বামী শহর থেকে লরি করে চাল আনলে বাড়ির সবাই আবার খেতে পায়। অর্থনৈতিক কাঠামো ভেঙে যাওয়ার সঙ্গে সঙ্গে পারিবারিক ঐক্য ভেঙে যেতে থাকে। আর এই ভাঙনের টের পেয়েই নতুন বৌয়ের স্বামী একদিন সবাইয়ের বিষয়-সম্পত্তি সবাইকে বুঝিয়ে দিয়ে সকলকে আলাদা করে দেয়।

দুর্ভিক্ষের পরিস্থিতি কাটিয়ে ওঠার পরেই শুরু হয় হিন্দু-মুসলিম দাঙ্গা। কোনোদিন শোনা যায় কোনো মুসলিমকে কেউ মেরে ফেলেছে আবার কোনোদিন শোনা যায় মুসলিমরা কোনো হিন্দুকে মেরে ফেলেছে।দ্রুত পরিস্থিতি অন্যরকম হতে থাকে। রায় বাড়ির একমাত্র ছেলেকে কুপিয়ে মারা হয়। পুত্র হারানোর ব্যথা সব মায়েরই একপ্রকার। এরপর বহু মুসলিম ভারত ছেড়ে বাংলাদেশ চলে যেতে থাকে। আর এই পরিস্থিতিতেই এতদিনের পরিচিত নির্বিবাদী নতুন বৌ হয়ে যায় অন্যরকম। কারণ পরিবারের এই ভাঙনে সে সকলের সঙ্গে একমতে আসতে পারে না। যে কোনোদিন জেদ করেনি, প্রতিবাদ করেনি এমনকি নিজের জন্য কোনোদিন কিছু ভাবেনি তাকেই আজ তার স্বামী পুত্র মেয়েরা এই ভারত ছেড়ে চলে যাবার জন্য রাজি করাতে পারেনি। কারণ তাকে কেউ বোঝাতে পারেনি মুসলমানেদের জন্য কেন একটা দেশ হয়েছে। কেন শুধু মুসলমান বলে এই দেশটা আর তার নয়।তাকে কেউ বোঝাতে পারেনি

ছেলেমেয়েরা অন্য জায়গায় গেলে তাকে কেন সেখানে যেতে হবে। স্বামী যেতে পারে সেটা তার সিদ্ধান্ত। কারণ সে,''খুবই আপন মানুষ, জানের মানুষ কিন্তুক আলাদা মানুষ।''[৭] তাই কোনো অবস্থাতেই সবাই তাকে ছেড়ে গেলেও সে ভারত ত্যাগ করে না। এ যেন দেশবিভাগের বিরুদ্ধে এক নারীর নীরব কিন্তু জোড়ালো প্রতিবাদ।

আরও কিছু কিছু এ জাতীয় রচনা আছে কিন্তু নির্বাচিত দৃষ্টান্তগুলোর মধ্যে থেকে যে কথাটি আমরা বলতে চাইছি তা হল রাষ্ট্রের সীমান্তরেখা এবং ধর্মের সাম্প্রদায়িক বিভাজনে মানুষ বিপন্ন হয়ে স্বদেশভূমি ত্যাগ করতে বাধ্য হয় অনেকসময় কিন্তু মানুষের মনের দেশ একটাই, সেই স্বভূমির বস্তুত কোনো বিভাজন হয় না। ভারত এবং পাকিস্তান,হিন্দু এবং মুসলমান ইত্যাদি বিভাজন উপরিতলেরর সত্য কিন্তু অন্তরতলে ভারতীয় উপমহাদেশ মানুষের মনের মধ্যে এক ও অবিচ্ছিন্ন হয়ে আজও বিরাজ করে।

সূত্র নির্দেশ

১. তসলিমা নাসরীন,'লজ্জা', আনন্দ পাবলিকেশন, ৪৫, বেনিয়াটোলা লেন,কলকাতা-৭০০০০৯, প্রথম প্রকাশ ১৯৯৩, পৃষ্ঠা-৪৬

২. সুনন্দা সিকদার,'দয়াময়ীর কথা', গাঙচিল, 'মাটির বাড়ি, ওঙ্কার পাক, খোলাবাজার, কলকাতা-৭০০১১১, প্রথম প্রকাশ-জানুয়ারি ২০০৮, পৃষ্ঠা-১২

৩. সৈয়দা জাহানারা, 'ঠিকানা', বেঙ্গল পাবলিকেশন্স লিমিটেড, বেঙ্গল সেন্টার, প্লট-২, সিভিল এভিয়েশন,নিউ এয়ারপোট রোড, খিলক্ষেত, ঢাকা ১২২৯, বাংলাদেশ, প্রথম প্রকাশ ডিসেম্বর ২০১৩, মুখবন্ধ থেকে গৃহীত

৪. সৈয়দা জাহানারা, 'ঠিকানা', পূর্বোক্ত -৬৪

৫. সৈয়দা জাহানারা, 'ঠিকানা', পূর্বোক্ত, পৃ-৬৪

৬. সৈয়দা জাহানারা, 'ঠিকানা', পূর্বোক্ত, পৃ-৮২

৭. হাসান আজিজুল হক, জাতীয় সাহিত্য প্রকাশ, ৬৭ প্যারীদাস রোড, ঢাকা ১১০০, প্রথম প্রকাশ, ফেব্রুয়ারি ২০০৭, পৃ-৪৮৮



ISSN: 2320-5598

লোকস্বর

Peer Reviewed Research Journal

দশম বর্ষ, ২০তম বিশেষ সংখ্যা, মে, ২০২২

দেশভাগ : সাহিত্য, সমাজ-সংস্কৃতি, ইতিহাসের প্রেক্ষিতে

লোকস্বর

Peer-Reviewed Research Journal
10th Year, Partition Special Issue, May 2022

দেশভাগ বিশেষ সংখ্যা

দেশভাগ : সাহিত্য, সমাজ-সংস্কৃতি, ইতিহাসের প্রেক্ষিতে

সম্পাদক
ড. সুকান্ত মুখোপাধ্যায়

কার্য-নির্বাহী সম্পাদক
ড. মনোজ মণ্ডল

বিশেষ সম্পাদকমণ্ডলী
ড. শান্তনু দলাই, ড. তারকনাথ চট্টোপাধ্যায়, প্রদ্যোত বিশ্বাস, ড. আশিস কুমার সাহু, ড. নবনীতা বসু, ড. প্রণব বর্মণ, ড. নির্মাল্য মণ্ডল, ড. গোপা বিশ্বাস, রচনা রায়

লোকস্বর
মরালী প্রকাশনী
ঝিলপাড় রোড, বাকসাড়া, হাওড়া-৭১১১১০

Lokoswar
A Peer-Reviewed Research Journal
ISSN : 2320-5598
Edited by Dr. Sukanta Mukhopadhay (Editor) & Dr. Manoj Mandal (Executive Editor),
10th Year, Partition Special Issue, May 2022
Rs. 1000/-
Mobile-9339590771
Mobile- 9830432239
Journal Office Address : Rammohan Apartment, 19, Rammohan Mukherjee Lane, Shibpur, Howrah-2
e-mail : lokoswarjounal@gmail.com
Website : www.lokoswar.com

প্রকাশ
দশম বর্ষ, দেশভাগ বিশেষ সংখ্যা
২৮শে মে, ২০২২

বর্ণ প্রতিস্থাপন ও প্রকাশক
Marali Prakasani
Jhilpar Road, Baksara, Howrah-711110
Mobile- 9339590771

মূল্য : ১০০০ টাকা

সূচি

দেশ বিভাগ নিয়ে গল্প উপন্যাস • ড. বরুণকুমার চক্রবর্তী ১১
জটায়ু : লোকায়ত ও পুরাণের রূপকল্পে দেশভাগের গল্প • অধ্যাপক ড. তপনকুমার বিশ্বাস ১৭
বাংলা উপন্যাসে দেশভাগের তিন আখ্যান :
গড় শ্রীখণ্ড, নীলকণ্ঠ পাখির খোঁজে ও আগুনপাখি • ড. সৌরেন বন্দ্যোপাধ্যায় ২৫
দাঙ্গা এবং দেশভাগের স্মৃতির আলোকে বাংলা সাহিত্য • অনুপম দাস ৪৭
দেশভাগের শিকার ও যন্ত্রণা : নীলকণ্ঠ পাখির খোঁজে • ড. সঞ্জয় রায় ৫৭
'অলীক নৌকোর যাত্রী' – ছিন্নমূলের স্বপ্নযাপন • প্রীতম চক্রবর্ত্তী ৬৫
দেশভাগের প্রেক্ষিতে গোত্রান্তর ও সমাজেতিহাসের বিকল্প পাঠ • ফণিভূষণ মণ্ডল ৭৫
দেশভাগের প্রেক্ষিতে স্বপ্নময় চক্রবর্তীর 'বাস্তুকথা' • সঞ্জয় মালিক ৮৯
দেশভাগকেন্দ্রিক বাংলা
কথাসাহিত্যের ধারায় সোহারাবের 'গাঙ বাঘিনি' উপন্যাস • দীপঙ্কর আরশ ৯৭
দেশভাগের মর্মান্তিক পরিণতি : নদিয়া জেলার অভিবাসিত অধিবাসী • রবীন সরকার ১০৫
খোয়াবনামা উপন্যাসে দেশভাগ ও তৎকালীন লোকায়ত সমাজ • ড. আনসার আলি ১১
দেশভাগ সমস্যা : প্রসঙ্গ সসীমকুমারের গল্প • ড. বিশ্বজিৎ পোদ্দার ১২৩
আফসার আমেদের 'খণ্ডবিখণ্ড' উপন্যাস :
দেশান্তরিত নারীর জীবনসংগ্রাম ও বইপাড়ার শ্রমিকজীবনের আখ্যান • সোনালী দাস ১৩৪
দেশভাগ : প্রফুল্ল রায়ের
আন্দামান পর্যায়ের কথাসাহিত্যে বিপন্ন জনজীবন • সুব্রত মণ্ডল ১৪৪
দেশভাগ ও বাঙালি বাস্তুহারা নারী • মেঘমিত্রা বিশ্বাস ১৫৬
দেশভাগ ও নারীত্বের
অবমাননার আলেখ্য : প্রফুল্ল রায়ের 'কেয়াপাতার নৌকো' • ঝুমা নস্কর ভান্ডারী ১৬৫
দেশভাগের আলোকে ও 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে
অতীন বন্দ্যোপাধ্যায়ের জীবন ও মনন • আশুতোষ বালা ১৭৭
দেশভাগ : পরিকল্পনাহীনতা ও তার পরিণতি • অজয় ঘোষ ১৮৮
দেশভাগ : ছিন্নমূল সমাজ ও নারী • স্বস্তিকা বিশ্বাস ১৯৭
পশ্চিমবঙ্গের ভৌমিক পুনর্বাসনের উপর
দেশভাগ ও উদ্বাস্তু প্রভাব : নদিয়া জেলার অভিজ্ঞতা • ড. সুদীপ্ত সাধুখাঁ ২০৪
বাংলা ভাগ : প্রসঙ্গ হিন্দু-মুসলিম বিভাজন • শিল্পী পাঁজা ২১৫
মান্টোর (নির্বাচিত তিনটি)
ছোটগল্প : প্রেক্ষাপট 'দেশভাগ' • রানু বিশ্বাস ২২২
কেন এই বিদ্বেষ -রক্তপাত • ড. তাপস সাহা ২২৯
বাংলার লোকসংস্কৃতিতে উদ্বাস্তু সমস্যা • সাগর সিমলান্দী ২৪১
হাসান আজিজুল হকের ছোটগল্প : প্রসঙ্গ দেশভাগ ও তৎকালীন সমাজ • ড. দেবলীনা দেবনাথ ২৪৯
স্বাধীনতা-উত্তর পশ্চিমবঙ্গে নমঃশূদ্রদের সমস্যা ও
সংগ্রামের ইতিহাস (১৯৪৭-১৯৫৯) : একটি ঐতিহাসিক পর্যালোচনা • সঞ্জয় বাগচী ২৬২

দাঙ্গা এবং দেশভাগের স্মৃতির আলোকে বাংলা সাহিত্য

অনুপম দাস
সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ, পূর্বস্থলী কলেজ, পূর্ব বর্ধমান

সারাংশ : প্রত্যক্ষ সংগ্রাম দিবসের পরবর্তী সময়ে বাংলা তথা ভারতবর্ষের রাজনীতি এক ভিন্নখাতে বইতে শুরু করে। সেই সময় ভারতবর্ষ এবং পাকিস্তান দুই রাষ্ট্রের জন্ম ছিল কেবলমাত্র সময়ের অপেক্ষা। এর পরবর্তী সময়ে যে বিপুল দাঙ্গা এবং হানাহানি হয় তার চরম পরিণতি হলো ১৯৪৭ এর ১৫ই আগস্ট ভারত ও পাকিস্তান নামক ধর্মের ভিত্তিতে দুটি পৃথক রাষ্ট্রের সৃষ্টি। হিন্দু ও মুসলমান ধর্মের ভিত্তিতে দুটি দেশ সৃষ্টি হওয়ায় পূর্ব বাংলা থেকে পশ্চিমবাংলায় এবং প্রকারান্তরে পশ্চিমবাংলা থেকে পূর্ব বাংলায় বিপুল পরিমাণ মানুষের নিজ বাসভূমি ছাড়ার প্রক্রিয়া বা অভিবাসন শুরু হয়। যার ফলশ্রুতি হল সংখ্যালঘু সম্প্রদায়ের উদ্বাস্তু হওয়া। স্বাভাবিক ভাবেই গৃহহীন এই সমস্ত মানুষের জীবনযাত্রায় আসে এক বিরাট পরিবর্তন। দীর্ঘ সময় মানুষকে কাটাতে হয়েছে অনিদ্রা, অনাহার এবং উদ্বাস্তু হয়ে। স্বাভাবিকভাবেই এর বিরূপ প্রভাব পড়তে শুরু করে সমাজের অন্যান্য ক্ষেত্রেও, সাহিত্যও তার ব্যতিক্রম ছিল না। দেশভাগের দুর্দিনের এই স্মৃতি ধরা পড়েছে বিভিন্ন সাহিত্যিকের লেখনীতে। অতীন বন্দ্যোপাধ্যায়, জ্যোতির্ময়ী দেবী, দক্ষিণারঞ্জন বসু, প্রফুল্ল রায়, কালিপ্রসাদ মুখার্জী প্রমুখের রচনাতে এক মর্মস্পর্শী এবং বেদনাদায়ক স্মৃতি ধরা পড়েছে। স্মৃতি সুখের এবং দুঃখের দুরকমই হতে পারে। কিন্তু নিজের পিতৃ-পুরুষের ভিটেমাটি ছেড়ে গৃহহীন হওয়ার স্মৃতি সর্বদাই দুঃখকেই স্মরণ করায়। বর্তমান নিবন্ধে সেই কালজয়ী লেখকদের স্মৃতির আলোকে বাংলা সাহিত্যের উপর দেশভাগের স্মৃতির প্রভাব বিশ্লেষণ করার চেষ্টা করা হয়েছে।

সূচক শব্দ : দাঙ্গা, দেশভাগ, ধর্ম, উদ্বাস্তু, বাংলা সাহিত্য, স্মৃতি।

মূল আলোচনা

ভারতবর্ষকে ব্রিটিশ শাসন থেকে মুক্ত করার জন্য যে আন্দোলন সুদীর্ঘ নব্বই বছর ধরে সাধারণ মানুষেরা চালিয়ে আসছিল 'দেশভাগ' তা নিমেষে নিরর্থক করে দিয়েছিল। অনেকে ভেবেছিলেন দেশভাগ সাময়িক ঘটনা। তাই ভিটেমাটি ছাড়ার আগে পূর্ব এবং পশ্চিম পাকিস্তানের অনেকেই তাদের বাসনপত্র, সামান্য সোনাদানা মাটির তলায় পুঁতে রেখে চলে এসেছিল ভারতভূমিতে। তখনও তারা বুঝতে পারেনি যে তাদের আর ফেরা হবে না, আক্ষেপ করে কাটাতে হবে বাকিটা জীবন। দেশভাগের পর মুহূর্তেই যে সমস্যাটি স্বাধীন ভারতের ইতিহাসে সর্ববৃহৎ আকারে দেখা দিয়েছিল তা হল শরণার্থী সমস্যা। কেবলমাত্র পশ্চিম পাকিস্তান থেকেই আট মিলিয়ন মানুষ আশ্রয়ের খোঁজে এদেশে এসেছিলেন। এদেশের বহু মানুষও পশ্চিম পাকিস্তানে আশ্রয়ের খোঁজে পাড়ি দিয়েছিলেন। দেশ যে ধর্মের ভিত্তিতে ভাগ হয়েছিল হিন্দু-মুসলিম আদান-প্রদানই ছিল তার সবচেয়ে প্রকৃষ্ট প্রমাণ। বাংলা ও পাঞ্জাবের মানুষেরা বিশ্ববাসীর কাছে এক দেশের নাগরিক হিসাবে পরিচিত হতে চাইলেও তা সম্ভব হয়ে ওঠেনি জাতিবিদ্বেষ ও বিভিন্ন রাজনৈতিক কারণের জন্য। জীবন নয়, ধর্মই আসল পরিচয় হয়ে দাঁড়িয়েছিল মানুষের কাছে। স্যার সিরিল রেডক্লিফ নামক যে অভিশপ্ত কালো রেখাটি টেনেছিলেন তা জমির উপর নয়, হিন্দু ও মুসলিমদের মধ্যে দিয়েই টেনেছিলেন। রাতারাতি দাগের এপার-ওপার হয়ে গেল ভারত-পাকিস্তান অথবা হিন্দু-মুসলিম। যারা নিজেদের ভারতীয় ভাবত সকালে ঘুম থেকে উঠে জানল যে, সে পাকিস্তানি হয়ে গেছে। এভাবেই তারা নিজভূমে পরবাসী হয়ে উঠেছিলেন। জমি একই রইলো, মানুষ একই রইলো অথচ বদলে গেল তার ঠিকানা পরিচয়। অবশেষে ১৯৪৭ সালের ৫ই জুলাই ব্রিটিশ পার্লামেন্টে ভারতীয় স্বাধীনতা আইন পাশ হল এবং যথারীতি ১৪ আগস্ট মধ্যরাতে স্বাধীন হল দেশ আর শুরু হল শরণার্থীদের ঢল, এক নতুন অধ্যায়।

সারা পৃথিবী জুড়েই এই পারাপার ঘটে চলেছে, সুপ্রাচীন কাল থেকে বর্তমান সময় পর্যন্ত। যতদিন ধর্মীয় বিদ্বেষ, জাতিভেদ থাকবে ততদিন হিন্দু, মুসলিম, খ্রিস্টান, বৌদ্ধ, জৈনদের মধ্যে সীমান্ত পারাপার চলবে। ভারত ইতিহাসেও এর ব্যতিক্রম ঘটেনি। শুধু দেশভাগ নয় সেই সাথে শুরু হয়েছিল নতুন আশ্রয়ের খোঁজ, খাদ্যের সংস্থান করা, কর্মের খোঁজ করা, মোট কথা বেঁচে থাকার উপায় বা পথ অনুসন্ধান করা। দেশভাগের ফলে মানুষের জীবনে চরম দুঃখ, দুর্দশা ঘনিয়ে এসেছিল আকাশের কালো মেঘের মতন। বৃষ্টির পর আকাশের মেঘ কেটে যায়, কিন্তু দেশভাগের ফলে যে কালো মেঘ সাধারণ মানুষের জীবনে এসেছিল তার স্মৃতি আজও রয়ে গেছে মানব মনে। এই স্মৃতিগুলিকেই লেখক-লেখিকারা দিয়েছেন সাহিত্যের রূপ। খুন, জখম, ধর্ষণ, গণহত্যা, গৃহত্যাগ, গৃহপোড়ন হয়ে গিয়েছিল অতি সাধারণ ঘটনা। বিভিন্ন সামাজিক ঘটনা থেকে সাহিত্যের বিষয়বস্তু লেখক-লেখিকারা নির্বাচিত করে থাকেন। সেখানে দেশভাগের মত এত বড় একটি বিষয় যা সাধারণ মানুষের দুঃখ-দুর্দশার বাস্তব ঘটনা, তা সাহিত্যে জায়গাটা পেয়ে যাবে কোথায়? এই সাহিত্যগুলিকে দেশভাগের ইতিহাসের এক একটি দলিল বলা যেতে পারে। দেশভাগ যে কতটা মর্মান্তিক ছিল তা বিভিন্ন রচনা থেকে জানা যায়। যেমন - খুশবন্ত সিং-এর 'ট্রেন টু পাকিস্তান', প্রফুল্ল চক্রবর্ত্তীর 'দি মার্জিনাল ম্যান', হিরন্ময় চক্রবর্ত্তীর 'উদ্বাস্তু' থেকে এ বিষয়ে অবগত হওয়া যায়। সাধারণ মানুষ কী চরম দুঃখ-দুর্দশার মধ্য দিয়ে নিজেদের জীবনকে খাদ্যহীন, বস্ত্রহীন, আশ্রয়হীন পরিস্থিতির মধ্য দিয়ে বয়ে নিয়ে গিয়েছিল, সাহিত্য তা সুস্পষ্টভাবে তুলে ধরেছে। সে জন্যই সাহিত্যকে সমাজের দর্পণ বলা হয়ে থাকে। যে দর্পণে দেখা যায় বাস্তব সমাজ, সমাজের বাস্তব ঘটনা, ঘটনা থেকে উদ্ভূত পরিস্থিতি এবং পরিস্থিতি থেকে গৃহীত শিক্ষাকে। ব্যক্তি বিশেষে দৃষ্টিভঙ্গি বদলে যায় তাই বিভিন্ন ব্যক্তির বিভিন্ন সাহিত্যকেই উল্লেখ করা যেতে পারে দেশভাগের সাথে সম্পর্ক রেখে অথবা দেশভাগের ফলে উদ্ভূত পরিস্থিতির সাথে সম্পর্ক রেখে। তাই সাহিত্যই একমাত্র পথ স্মৃতিচারণার।

কথাসাহিত্যিক অতীন বন্দ্যোপাধ্যায়ের বাস্তবতা দিয়ে তৈরি বিখ্যাত দেশভাগ সম্পর্কিত উপন্যাস 'নীলকণ্ঠ পাখির খোঁজে' বিশেষ উল্লেখের দাবি রাখে। উপন্যাসটি দুটি খণ্ডে বিভক্ত। প্রথমটিতে বর্ণনা আছে ১৯৩৪ থেকে ১৯৫২ সাল পর্যন্ত। দ্বিতীয়টিতে ঔপন্যাসিক ১৯৭১ কে বর্ণনা করেছেন। উপন্যাসটির প্রধান চরিত্র সোনা। সোনা তার বাবা, মা, কাকা, কাকিমার সঙ্গে এদেশে চলে এসেছে। এদেশে চলে আসার প্রাকমুহূর্তে সে অর্জুন গাছের কাণ্ডে তার পাগল জ্যাঠামশাইয়ের অবগতির জন্য ধারালো ছুরি দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে লিখে গেছে ''জ্যাঠামশাই, আমরা হিন্দুস্তানে চলিয়া গিয়াছি, ইতি সোনা''। অর্থাৎ সোনা যে তার পাগল জ্যাঠামশাইয়ের জন্য চিন্তিত, তার পরিচয় এখান থেকে পাওয়া যায়। আমরা যেমন আমাদের আপনজনের জন্য চিন্তিত হই সেই চিন্তার কথাই ধরা পড়েছে উপন্যাসটিতে। সেই সাথে ধরা পড়েছে দেশভাগের ফলে স্থানান্তরিত হওয়ার প্রমাণ। দেশের প্রতি মানুষের যে কত টান হতে পারে তার প্রমাণ পাওয়া যায় এখান থেকে।

দেশভাগের ফলে যে দাঙ্গা-হাঙ্গামা, ধর্ষণ, খুনের মত অপ্রত্যাশিত ঘটনা ঘটে

তারও উল্লেখ আছে উপন্যাসটিতে। উপন্যাসটির নামকরণ চমৎকার করেছেন অতীন বন্দ্যোপাধ্যায়। সোনা, মণীন্দ্রনাথ উপন্যাসটিতে যে পাখির খোঁজ করে বেড়ায় সে পাখির খোঁজ আমরা নিত্য করি, নিরন্তর করি। আসলে সুখের খোঁজ করাই নীলকণ্ঠ পাখির খোঁজ করা। যাইহোক উপন্যাসটি তার বিষয়বস্তু নিয়ে এতটাই সমৃদ্ধ যে সেটি বারোটি ভারতীয় ভাষায় অনূদিত হয়েছে। ধীরগতির উপন্যাস হলেও স্মৃতিচারণের জন্য অন্যতম সেরা অতীন বন্দোপাধ্যায়ের এই উপন্যাসটি। তাঁর লেখা 'মানুষের ঘরবাড়ি' (১৯৭৮) ও সবিশেষ উল্লেখযোগ্য তাঁর বিষয়বস্তুর জন্য।

প্রতিবছরের মতো এবছরও পুজোর ছুটিতে বাড়িতে চলেছে নীলু। যে দিনটার জন্য তারা দিন গুনতো মামাতো, পিসতুতো ভাইবোনেরা মিলে। ''আর তিনশো পঁয়ত্রিশ দিন, তিনশো চৌত্রিশ, তেত্রিশ, বত্রিশ এমনি করে গুনতে গুনতে কদিনের মধ্যে এই খেলাটা থেমে যায় একদিন, কিন্তু তবু ভাবনাটা মাঝে মাঝেই ঝলসে ওঠে হঠাৎ : কবে যাব রে বাড়ি? দেখি তো ক্যালেন্ডারে কত দিন আর বাকি।'' জন্মভূমিতে এবং মাতৃভূমিতে ফেরার যে প্রবল আকাঙ্ক্ষা তা নীলু চরিত্রের মাধ্যমে শঙ্খ ঘোষ তাঁর 'সুপুরিবনের সারি' উপন্যাসে তুলে ধরেছেন। শুধুমাত্র নীলু নয়, নীলুর মত হাজার হাজার কৃষক ফিরতে চায় তার মাতৃভূমিতে কিন্তু পারে নার। কারণ 'দেশ' ভাগ হয়ে গেছে। নীলুদের গ্রামটা হয়ে গেছে এখন অন্য একটা দেশ। সদ্য সদ্য দেশভাগ হওয়ার ফলে সাধারণ মানুষেরা কিভাবে তাদের গ্রাম ও মাতৃভূমি থেকে আলাদা হয়ে গিয়েছিল, তা বছর চোদ্দর নীলুর মাধ্যমেই ঔপন্যাসিক দেখিয়েছেন। ষষ্ঠীর দিন গ্রামে ফিরে নীলু হারুন-এর কাছে শোনে 'এয়া তো আর তোগো দ্যাশ না, তোরা তো অ্যাহোন অইন্য দ্যাশের লোক।' কথাটি শুনে চমকে ওঠে নীলু, যে দেশে সে জন্ম নিয়েছে, বড় হয়েছে, তার এত স্মৃতি জড়িয়ে আছে, আজ সে গ্রামটি একটা অন্য দেশ হয়ে গিয়েছে; আর তার চেনা পরিচিত লোকজনই তাকে পর করে দিয়ে বলছে এটা তোর দেশ নয়। এভাবেই দেশভাগ মানুষের থেকে তার স্মৃতি, আবেগ এবং গ্রামকে ভাগ করে দিয়েছে। কত শত মানুষ তার গ্রাম, জন্মভূমি থেকে আলাদা হয়ে গেছে দেশভাগের ফলে, সেকথাই জানা যায় রচনাটি থেকে। কাছের মানুষ এখন আর কাছে নয়, সেকথাই নীলুর 'ফুলমামি' লিখেছেন–

''ভালো লাগে না মন।
সকাল থেকে বুকের ভিতর
কেন যে এমন।
কেবলই করে ভয়
এত যে লোক এত যে জন

আমরা কি কেউ নয়।''

সদ্য সদ্য স্বাধীন হওয়া দেশে কী কী প্রাথমিক সমস্যা দেখা দিয়েছিল পীড়িত মানুষদের জীবনে, কী করে মানুষ তার গ্রাম থেকে, তার জন্মভূমি থেকে আলাদা হয়ে গিয়েছিল 'সুপুরিবনের সারি' তারই প্রমাণ। কেন্দ্রীয় চরিত্র নীলু আবার ফিরতে চায় তার গ্রামে। এই আক্ষেপ নিয়ে তাকে ছাড়তে হয় তার নিজের গ্রাম। ভাবনাগুলি এভাবে ধরা পড়েছে তাঁর উপন্যাসটিতে।

জ্যোতির্ময়ী দেবী দেশভাগ চিত্রণ করেছেন 'এপার গঙ্গা ওপার গঙ্গা' (১৯৬৮) উপন্যাসটির মাধ্যমে। দেশভাগই উপন্যাসটির প্রেক্ষাপট। দেশভাগের ফলে নারী চরিত্র কি দুর্বিসহ পরিস্থিতির মধ্য দিয়ে প্রবাহিত হয়েছিল ঔপন্যাসিক বিশেষত সেটাই দেখাতে চেয়েছেন। দেশভাগের ফলে স্থান বিশেষে আমরা দেখতে পেয়েছি মেয়েরা নির্যাতিত, ধর্ষিত হচ্ছে। নারী অত্যাচারের কাহিনি যেমন চোখে পড়ে, তেমনি এক ধর্মের মানুষ অন্য ধর্মের মানুষকে আশ্রয় দিয়েছে, রক্ষা করেছে নারীর জীবন ও সম্মান তাও চোখে পড়ে। উপন্যাসটি নারীদের কেন্দ্র করে আবর্তিত। সুতারা দত্তের জীবন সংগ্রামের মধ্য দিয়ে তিনি নারীদের অসহায়তার নির্মম কাহিনি ফুটিয়ে তুলেছেন। উপন্যাসটিতে দেখা যায় কোন এক দাঙ্গায় হিন্দু সমাজের মেয়ে সুতারা আশ্রয়হীন হয়ে যায় মুসলমানদের দ্বারা। আবার অন্য এক গোষ্ঠীর মুসলমান পিতাই সুতারাকে নিজের মেয়ের মত করে আশ্রয় দিয়েছেন। অথচ তার নিজের হিন্দু সমাজ তাকে আর ফিরিয়ে নেয়নি মুসলমানের সংস্পর্শে আসার কারণে। ইতিহাসের থেকে প্রমাণ নিয়ে সাকিনা, মইনুদ্দিন বলে যে রাজস্থানের রাজকন্যারা মোগল বাদশাহের বেগম হয়েছেন, আবার বাদশাজাদাদের মা-ও হয়েছেন। এই উদাহরণ দেখিয়ে আসলে ঔপন্যাসিক সকল ধর্মের মানুষকে এক করতে চেয়েছেন। তাই তিনি বলেছেন যে গঙ্গার এপার-ওপারের সব মেয়েরাই এক জাতের, তাদের মধ্যে হিন্দু-মুসলিম কোন পার্থক্য নেই।

প্রমোদ সুতারাকে আপন করে পাওয়ার ইচ্ছে প্রকাশ করলে সে জানায় তার দীর্ঘদিন মুসলিম আশ্রয়ে থাকার কথা। প্রত্যুত্তরে প্রমোদ দৃঢ়কণ্ঠে বলে– 'হ্যাঁ, তুমি তোমার কাকা সাহেবের ঘরে ছিলে, আমি জানি। তার চেয়ে মহৎ লোক আর কেউ তখন সেখানে ছিল না তোমার কাছে, তাও জানি।' অর্থাৎ প্রমোদ বোঝাতে চাইছেন বিপদের দিনে যে আশ্রয় দিয়েছেন তার কাছে ধর্ম বড় নয়, মানবিকতাই বড় অর্থাৎ মানুষ মানুষের জন্য একথাই প্রকাশ পায় তার বক্তব্যে। 'এপার গঙ্গা ওপার গঙ্গা' আমাদের সেই পাঠই দেয়।

দেশভাগকে সাহিত্যের মাধ্যমে দক্ষিণারঞ্জন বসু বর্ণনা করেছেন তাঁর বিখ্যাত 'ছেড়ে আসা গ্রাম' গ্রন্থে। এইগ্রন্থে পূর্ববঙ্গের আঠেরোটি জেলার চৌষট্টিটি গ্রাম থেকে সাধারণ মানুষের জন্মভূমি ছেড়ে আসার কাহিনি বর্ণনা করা হয়েছে। গ্রন্থটি প্রকাশিত হওয়ার সাথে সাথে তৎকালীন পাকিস্তান সরকার সেটি বন্ধ করে দিয়েছিল তাদের স্বার্থে আঘাত লাগার কারণে। গ্রন্থটির সূচনাতেই দেখা যায় লেখকের বন্ধু তাদের উভয়েরই জন্মস্থান থেকে ফিরে এসেছে এবং সে তার বন্ধুর জন্য এখানে পরম সম্পদ এনেছে। বন্ধুটি লেখককে জিজ্ঞাসা করে জানতে চায় যে, সে কি এনেছে? লেখক ভাবেন কিন্তু বলতে পারেন না। শেষে সকলকে অবাক করে দিয়ে বন্ধুটি লেখকের হাতে তুলে দেয় এককৌটো মাটি। লেখক আমাদের অবগত করেন যে, সেটি তার পিতৃপিতামহের আশীষ জড়ানো 'বসু বাড়ির ভিটে'-র মাটি। এ মাটি তার মা। এ মাটি তার কাছে অমূল্য এক সম্পদ। লেখকের দৃষ্টি ঝাপসা হয়ে আসে সেই পরম সম্পদ পেয়ে। এ মাটি তাকে মনে করিয়ে দেয় তাঁর গ্রাম বিক্রমপুরের কথা, মনে করিয়ে দেয় ছেলেবেলার কথা। তাঁর মনে পড়ে যায়, ঘরে ঘরে সাঁকো, এ বাড়ি ও বাড়ি যেতে আসতে নৌকো, বর্ষার জলে কাগজের নৌকো ভাসিয়ে দেওয়া, কলার মোচা, উঠোনে ছোটো ছোটো মাছের খেলে যাওয়া, সন্ধ্যা হতেই পাটখেতে, ধানখেতে বঁড়শি পেতে আসার হিড়িক ইত্যাদি কত শত পূর্বস্মৃতি। এখান থেকেই বোঝা যায় তাঁর গ্রামের প্রতি, আজ যেটা অন্য একটা দেশ হয়ে গেছে, কত ভালোবাসা, কত টান। দেশভাগের শিকার হয়ে যারা চলে এসেছেন তারা প্রত্যেকেই সেই টান অনুভব করেন। পূর্ববঙ্গ আজ আমাদের পাশেরই দেশ, পাশেরই গ্রাম। তবুও খেয়াল খুশি মতো যাওয়া যায় না, কেবলমাত্র দেশভাগের জন্য। লেখক বিক্রমপুরের সেই গ্রামের সঙ্গে নিজের নাড়ির যোগ অনুভব করেন।

লেখক ছোটবেলায় দেখেছেন যে, সেসময় দুর্গাপুজোয় মুসলমানরা হিন্দুদের সমান পুজোয় মেতে উঠতো। হিন্দুদের মত তারাও পুজো উপলক্ষ্যে নতুন নতুন পোশাক পরিধান করতো। মেয়েরা পাড়ায় পাড়ায় ঘুরে ঘুরে প্রতিমা দেখতো। নানা রঙের লুঙ্গি পরে মুসলিমরা যোগ দিত 'রামচন্দ্র' কিংবা 'হরিশচন্দ্র' পালার যাত্রার আসরে। হিন্দুর মতোই যাত্রা দেখে তারা সমানভাবে হেসেছে, কেঁদেছে। এভাবেই উৎসবগুলি হয়ে উঠেছিল সবার উৎসব, সকলের উৎসব এবং সর্বজনীন উৎসব। কিন্তু দেশভাগ কেবল উৎসবগুলিকেই ভাগ করেনি, ভাগ করে দিয়েছে সেই হাসি-কান্নাগুলোকে, সেই একাত্মবোধকে, যা ধরা যায় না, ছোঁয়া যায় না, কেবল মনের গভীর থেকে অনুভব করা যায়। তখনকার দিনে বিভিন্ন জায়গায় গানের আসর

বসতো। ছেলে-বুড়ো সকলেই সাক্ষী থাকতো সেই গানের। মতি সাধু গান বাঁধতো–

''সর্ব অঙ্গ খেয়ো রে কাক
না রাখিয়ো বাকি,
কৃষ্ণ দরশন লাগি
রেখো দুটি আঁখি।''

গ্রন্থকার জন্ম থেকে যৌবন অবধি যেদেশে কাটিয়েছেন সেদেশ তাকে ছাড়তে হয়েছে, যার সাথে জড়িয়ে আছে তার নানা স্মৃতি। লেখকের স্মৃতিগুলির মত অন্যান্য সাধারণ মানুষের কথাই গ্রন্থে তুলে ধরেছেন গ্রন্থকার। লেখকের কিংবা সাধারণ মানুষের কোন দোষ ছিল না তবুও ছাড়তে হয়েছে গ্রাম, ছাড়তে হয়েছে দেশ, আক্ষেপটা যেন সেখানেই লুকিয়ে। রাগের থেকে বেশি মানুষ কষ্টের স্মৃতিকেই অনুভব করেন। সে ছবি ধরা পড়ে 'ছেড়ে আসা গ্রাম'-এ।

প্রফুল্ল রায়ের 'কেয়া পাতার নৌকো' ১৯৪৭ সালের দেশভাগের পরিপ্রেক্ষিতে রচিত একটি অনবদ্য উপন্যাস। উপন্যাসটিতে দেখা যায় ছেঁচল্লিশের দাঙ্গার পরে সামাজিক পরিস্থিতি ক্রমশ অবনতির দিকে অগ্রসর হয়। কানে আসতে থাকে জাতিবিদ্বেষমূলক স্লোগান– 'লড়কে লেঙ্গে পাকিস্তান', এর পাল্টা স্লোগান হিসাবে শোনা যায় বন্দেমাতরম্ (মা-কে বন্দনা করা)। তৎকালীন পূর্ববাংলায় হিন্দু-মুসলিম সহোদর ভাই হয়েই থাকতে চেয়েছিল তার প্রমাণও উপন্যাসটিতে পাওয়া যায়। দেখা যায় যে, মোতাহার হোসেন বিস্ময়ের সুরে বলেন– ''শেষ পর্যন্ত মুসলিম লিগ আর জিন্নারই তা হলে জয় হল!'' উত্তরে হেমনাথ মাথা নেড়ে বলেন– ''তাই তো দেখছি।'' মোতাহার সাহেব আরও বলেন– ''এত মানুষ জেল খাটল, হাজার হাজার সোনার ছেলে প্রাণ দিল! না হেমদা, এ আমরা চাই নি, এ আমরা চাই নি।'' ''সারা জীবন একতার কথা বলে শেষে কিনা দ্বি-জাতি দ্বি-জাতি তত্ত্বের বিষ গিলতে হল!'' একথাও শোনা যায় মোতাহার সাহেবের গলায়। দেশভাগের পরিনাম যে বা যারা আন্দাজ করতে পারেননি তারা যে গোষ্ঠীরই মানুষ হোন না কেন, নিজ গোষ্ঠীর সাথেই সকলে থাকতে চেয়েছিলেন। তাই পাকিস্তান যে আলাদা একটা রাষ্ট্র হোক এমন একজন সমর্থকের গলায় শোনা যায়– ''পাকিস্তান হইয়া গ্যাছে। যা চাইছিলাম তা পাইছি।'' যারা আলাদা থাকতে চেয়েছিল, তারা তাদের ব্যবস্থা দেশভাগের মাধ্যমে করে নিয়েছিল। হিন্দু-মুসলিম সকলেই একসাথে মিলেমিশে থাকতে চেয়েছিল কিন্তু এই চাওয়া থেকে অন্য একদল হিন্দু-মুসলিম যারা চেয়েছিল দেশভাগ, তাদের চাওয়াটা এতটাই তীব্র ও শক্তিশালী ছিল যে, তার সাথে রাজনৈতিক হাওয়া ও জিন্নার 'টু নেশন থিওরি' মিলে যাওয়ায় দেশভাগের দলেরই জয় ঘটে। দেশভাগ যে

হিন্দু-মুসলিম সমস্যার সমাধান ঘটিয়েছিল তা কিন্তু নয়, যদি সমাধানই হত তাহলে মোতাহার হোসেন সাহেবের গলায় শোনা যেত না যে– ''সমাধানই যদি হয়ে যাবে, হাজার হাজার মানুষ ইস্ট পাকিস্তান ছেড়ে চলে যাচ্ছে কেন?'' আগুন দিয়ে গ্রামের পর গ্রাম পুড়িয়ে দেওয়া, চোখের সামনে থেকে ফসল কেটে নেওয়া ইত্যাদি কত অত্যাচারের জ্বালায় যে কত মানুষ ভিটেমাটি ছেড়ে চলে গিয়েছে তার হিসাব নেই, সেইসব ছবিও ধরা পড়ে রচনাটিতে, যুগলের পূর্ব পাকিস্তান থেকে কলকাতাতে চলে আসার ঘটনায়। দেশভাগের কারণে কতরকম অত্যাচারের শিকার যে হতে হয়েছে তা অত্যন্ত রোমাঞ্চকর। কারোর চালে আগুন লাগিয়ে দেওয়া হয়েছে, সন্ধ্যা হলেই ঘরের চালে ঢিল পড়া, দেশত্যাগের জন্য বেনামা চিঠি পাওয়া ইত্যাদি কত শত ঘটনা দেশভাগের ফলে ঘটেছে, তার বাস্তব উদাহরণ পাওয়া যায় উপন্যাসটিতে। শুধু কি তাই, দেশভাগের কারণে ইস্ট পাকিস্তানে মুসলিমরা কী সুকৌশলে হিন্দুদের থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল তাও দেখা যায় মজিদ মিঞার আচরণে। যে মজিদ প্রতি সাপ্তাহেই হেমনাথের বাড়িতে আসতো সে আর আসে না। দেশভাগের সাথে সাথেই এভাবেই বেড়ে যায় হিন্দু-মুসলিমদের একাত্মবোধের দূরত্ব। হেমনাথ ও মোতাহার হোসেন 'পিস্ কমিটি' গঠন করেও ঠেকাতে পারেননি দেশভাগের ভাঙন।

তিন পর্বে বিভক্ত উপন্যাসটিতে প্রফুল্ল রায় দেশভাগের যে মর্ম বিদারক ঘটনা আমাদের অঙ্গুলি নির্দেশ করে দেখিয়েছেন তা আমাদের স্মৃতিকে পুনরায় স্মরণ করিয়ে দেয়। রচনাটি শেষ হয় হৃদয়ভগ্না ঝিনুকের নিরুদ্দেশ দিয়ে। যে কিনা দিনের পর দিন ধর্ষিত হয় দেশভাগের সময়কালে। চরম মুহূর্তে খেয়া বন্ধ হয়ে যাওয়া, বা চললেও জিনিস-পত্রাদির লুঠপাঠ হয়ে যাওয়া, না খেতে পেয়ে প্রাণ দেওয়া ইতাদি বাস্তবিক ঘটনাগুলো দাগ কেটে রয়ে আছে দেশভাগ নামক স্মৃতিতে। রচনাটি বৃহৎ আকারের হলেও দেশভাগের স্মৃতি নিয়ে রচিত হওয়ায় বর্তমান সমাজকে অবগত করে চলেছে। তাই স্মৃতিচারণার অন্যতম প্রধান উপাখ্যান হিসাবে 'কেয়া পাতার নৌকো' বিশেষ উল্লেখযোগ্য।

সাহিত্যের জ্ঞানের আলোকে দেশভাগের মতো বিষয়কে অতি স্বল্প পরিসরে আলোচনা করলে তা অসম্পূর্ণ থেকে যায়। তাই আরো কিছু রচনার উল্লেখ করতেই হয়। ইতিমধ্যে উল্লিখিত গ্রন্থ, উপন্যাস ব্যতীত আরো অনেক সাহিত্য রচিত হয়েছে, যার বিষয়বস্তু দেশভাগ। যার মধ্যে ধরা পড়েছে দেশভাগের বিভিন্ন বাস্তব চিত্র। এমনই কয়েকটি রচনা হলো কালিপ্রসাদ মুখার্জীর 'শেকড়ের সন্ধানে', মনিকুন্তলা সেনের 'সেদিনের কথা', মহাশ্বেতা দেবীর 'আঁধার মানিক', সুনীল গঙ্গোপাধ্যায়ের 'অর্ধেক জীবন', 'পূর্ব-পশ্চিম', মানিক বন্দ্যোপাধ্যায়ের 'স্বাধীনতার স্বাদ' ইত্যাদি। দেশভাগের ছবি কেবল গল্প-উপন্যাসেই নয়, জীবনানন্দ দাশের '১৯৪৬-৪৭', জয় গোস্বামীর নন্দর মা, শঙ্খ ঘোষের দেশহীন এবং দেশান্তর ইত্যাদি বহু কবিতায়ও পাওয়া যায়। দেশভাগকে কেন্দ্র করে লেখা সুনীল গঙ্গোপাধ্যায় 'একটা গাছতলায় দাঁড়িয়ে' কবিতাটি এ বিষয়ে খুবই প্রাসঙ্গিক। কবি দেশভাগ নিয়ে আক্ষেপ করে বলেছেন–

> ''...এতগুলো শতাব্দী গড়িয়ে গেল, মানুষ তবু ছেলেমানুষ থেকে গেল
> কিছুতেই বড় হতে চায় না
> এখনো বুঝল না যে 'আকাশ' শব্দটার মানে
> চট্টগ্রাম কিংবা বাঁকুড়া জেলার আকাশ নয়
> মানুষ শব্দটাকে কোন কাঁটাতারের বেড়া নেই...''

কেবলমাত্র ভারত নয়, পৃথিবীর ইতিহাসে সুবৃহৎ ভারতের কারণে এত বিপুল সংখ্যক মানুষ পারাপারের ঘটনা আর দুটি নেই। ভূখন্ড ভাগ নয়, হিন্দু-মুসলিমকে ভাগ করাই ছিল দেশভাগের উদ্দেশ্য। যে বিপুল উদ্বাস্তুর ঢল এপার বাংলায়, ওপার বাংলায় দৃষ্টিত হয় তা ছিল অত্যন্ত দুঃখের। যে দায়ী ছিল না তাকেই দেশ ছাড়তে হয়েছিল, যে দায়ী ছিল তাকে নয়। তাই মাটি নামক 'মা' থেকে আলাদা হবার যন্ত্রণা সে বুঝতে পারেনি। সে যন্ত্রণারই ছবি পাওয়া যায় বিভিন্ন স্মৃতি সাহিত্যে। যা ইতিমধ্যেই উল্লেখিত হয়েছে। এপার বাংলা, ওপার বাংলা দুই বাংলার মানুষেরাই পড়তো রবীন্দ্রনাথকে, পড়তো কাজী নজরুল ইসলামকে। দেশভাগের কারণে তারাও হয়ে গেল ভিন্ন ভিন্ন মানুষের, ভিন্ন ভিন্ন দেশের। তাই দেশভাগ মানে রবীন্দ্রনাথকে ভাগ, দেশভাগ মানে কাজী নজরুল ইসলামকে ভাগ। তবুও মানুষ ভুলতে পারে না অতীত স্মৃতিকে। আর তাই তারা তাদের ভাবনা চিন্তার মাধ্যমে পৌঁছে যায় তারা যে গ্রামে বড় হয়েছে, যে গ্রামের সাথে তাদের বহু স্মৃতি জড়িয়ে আছে, সেই গ্রামে। তাদের আটকাতে পারে না কোন মানুষ, কোন আইন, কোন কাঁটাতারের বেড়া।

তথ্যসূত্র

১. শেখর বন্দ্যোপাধ্যায়, পলাশী থেকে পার্টিশান, ওরিয়েন্ট পাবলিকেশন, ২০১৬
২. শ্রীদেবজ্যোতি রায়, কেন উদ্বাস্তু হতে হল, তৃতীয় সংস্করণ, ২০১২
৩. সেমন্তি ঘোষ, সম্পাদনা, দেশভাগ স্মৃতি ও স্তব্ধতা, গাঙচিল, ২০১৬

৪. [illegible] সরকার, বাংলা উপন্যাসের দেশভাগ ও দেশত্যাগ, অরুণা প্রকাশন, [illegible]

৫. অতীন বন্দ্যোপাধ্যায়, নীলকণ্ঠ পাখির খোঁজে, করুণা প্রকাশনী, ২০০৮

৬. শঙ্খ ঘোষ, সুপুরিবনের সারি, অরুণা প্রকাশনী, কলকাতা ৬

৭. জ্যোতির্ময়ী দেবী, এপার গঙ্গা ওপার গঙ্গা, রচনা সংকলন, প্রথম খণ্ড, দেশ প্রকাশনী, ১৯৯১

৮. দক্ষিণারঞ্জন বসু, ছেড়ে আসা গ্রাম, পারুল প্রকাশনী, ২০১৭

৯. প্রফুল্ল রায়, কেয়া পাতার নৌকো, দে'জ প্রকাশনা

১০. মনন কুমার মণ্ডল, পার্টিশন সাহিত্য দেশ-কাল-স্মৃতি, গাঙচিল, কলকাতা

১১. সুনীল গঙ্গোপাধ্যায়, কবিতা সমগ্র ৩, আনন্দ পাবলিশার্স, কলকাতা ৯

১২. সুবোধ কুমার মুখোপাধ্যায়, আধুনিক ভারত পলাশী থেকে নেহেরু ১৭৫৭-১৯৬৪, প্রগতিশীল প্রকাশক, ২০১৬

১৩. Bipan Chandra, India's Struggle for Independents 1857-1947, Penguin Random House India, 2016

দেশভাগের শিকার ও যন্ত্রণা : নী

ড. সঞ্জয় রা
রিসার্চ অ্যাসিসট্যান্ট, রবীন্দ্রভ

সারাংশ : ছিন্নমূল, উদ্বাস্তু মানুষের জীবনয
প্রখ্যাত ঔপন্যাসিক অতীন বন্দ্যোপাধ্যায়ের '
অবিভক্ত ভারতবর্ষের এক সম্ভ্রান্ত পরিবারের
কী অবস্থা হয়েছিল তাই হল উপন্যাসটির মূল
কয়েকটি উপকাহিনির মধ্য দিয়ে দ্বিখণ্ডিত
সম্প্রদায়ের মানুষের অস্তিত্ব সংকটের কথা ব
অতীশ দীপঙ্কর ভৌমিকের প্রবহমান জীবন
শ্রেণির মানুষের কথা উঠে এসেছে। এছাড়া
আনাগোনায় উপন্যাসটি একটি সার্থক দেশ
দলিল হয়ে উঠেছে। বর্তমান গবেষণাপত্রে
উপন্যাসে দেশভাগের ফলে মানুষ কীভাবে
শিকার হয়েছেন এবং তাদের যন্ত্রণার মূ
অন্বেষণ করার প্রয়াস দেখিয়েছেন।

মূল শব্দ : আর্থসামাজিক-রাজনৈতিক অব
চরিত্র বিশ্লেষণ,অস্তিত্ব সংকট।

মূল আ

বাস্তুচ্যুত মানুষের দুর্দশার অন্ত নেই।
পোষ্যপ্রাণী, পুকুর ভর্তি মাছ আর পর্যাপ্ত প
কিন্তু এক নিমেষেই রাজনৈতিক বিভাজন
সর্বহারা হয়ে, হয়ে পড়ল নিঃস্ব, রিক্ত। এর
এবং 'রিফুউজি' নামে। যে-সমস্ত মানুষের



'এবং মহুয়া' – বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (UGC-CARE list- 2022, In Arts & Humanities Group sl. no. 79 page 32/106, In Indian Language sl. no. 226 page 95/106) অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত।

এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৪ তম বর্ষ, ১৫০ সংখ্যা, মে, ২০২২

সম্পাদক

ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন
গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

U.G.C. - CARE List 2022 approved journal. (In Arts & Humanities Group sl no. 79 page 37/106, in Indian Language Group sl no.236 page 95 /106)

EBONG MOHUA

Bengali Language, Literature, Culture and Research based
Refereed with Peer Review Journal

24th Year, 150 Volume
May, 2022
Published By
K. K. Prakashan
Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.
DTP and Printed By
K.K.Prakashan
Cover Designed By
Kohinoorkanti Bera

Communication :
Dr. Madanmohan Bera, Editor.
Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.
Mob.-9153177653
Email- madanmohanbera51@gmail.com /
kohinoor bera @ gmail.com
Rs 500

১৩.কারা জগতের কথাকার : জরাসন্ধ
:: শাহ্ নাজ সাহিন..........৮৩
১৪.নদীয়া জেলার শিক্ষা ব্যবস্থা ও সামাজিক প্রভাব (বিংশ শতাব্দী)
:: ইন্দ্রাণী দত্ত..........৯৯
১৫.নারীর সৃষ্টিশীলতা ও অবস্থান
:: কাকলী রাউৎ (রায়)..........১০৪
১৬.বাংলার একজন গুরুত্বপূর্ণ আধুনিক ছাপাই চিত্র শিল্পীর অবদান
:: জয়ন্ত নস্কর..........১১৬
১৭.জন্ম সার্ধ-দ্বিশত বৎসরে রাজা রামমোহন রায় একটি শ্রদ্ধাঞ্জলি
:: গৌরব রায়..........১২৭
১৮.নদীর বহুবাচকতা : নির্বাচিত রবীন্দ্র আখ্যানে
:: ড. পীরুপদ মালিক..........১৩২
১৯.সহজ পাঠ : শিশুশিক্ষায় কল্পনা থেকে বাস্তবের অনাবিল আনন্দ
:: সুব্রত মণ্ডল..........১৩৮
২০.রাষ্ট্রের প্রাসঙ্গিকতায় কৌটিল্যের সপ্তাঙ্গ মতবাদের প্রয়োজনীয়তা
:: নিত্যানন্দ রায়..........১৪৮
২১.রবীন্দ্রসঙ্গীতে শব্দ ও ধ্বনি : বাক প্রতিমার অলৌকিক দীপ্তি
:: সুতৃপ্তা মণ্ডল..........১৫৪
২২.ছায়ারেখা অতিক্রম : ভারতে নারী, শিক্ষা এবং রাষ্ট্র কল্যাণ নীতি
:: শুক্লা ভট্টাচার্য..........১৬৬
২৩.ভগীরথ মিশ্রের উপন্যাস 'চারণভূমি' এবং লৌকিক
বৃত্তিগত ভাষার পরিচয়
:: পিউ চক্রবর্তী..........১৭৫
২৪.শূদ্রের ব্রাহ্মণত্বে উত্তরণে বীরেশ্বর বিবেকানন্দ
:: ড. তারক নাথ জাঁতুয়া..........১৮৭
২৫.ভারতীয় শাস্ত্রীয় যন্ত্রসঙ্গীত — 'সেতার'
:: ড. চৈতালী মান্ডি..........১৯৭
২৬.সব্যসাচী বনফুল : একটি সমীক্ষা
:: ড. সুশান্তকুমার দোলই..........২০২
২৭.জ্ঞানের পূতস্বরূপের তত্ত্বেষণা
:: ড. শঙ্কর চ্যাটার্জী..........২০৭
২৮.আজকের আটপৌরে জীবনকৌশলে যোগদর্শনের ভূমিকা
:: ড. কৃষ্ণ ধীবর..........২১৫

ছায়ারেখা অতিক্রম :
ভারতে নারী, শিক্ষা এবং রাষ্ট্র কল্যাণ নীতি

শুক্লা ভট্টাচার্য

1 দেশের সার্বিক উন্নতির ক্ষেত্রে নারীদের অবদান অপরিসীম। মহিলারাই তাদের শিশুদের সুন্দর ভাবে গড়ে তোলার মধ্যে দিয়ে ভবিষ্যতে দেশেকে অগ্রগতি ও সমৃদ্ধির পথে নিয়ে যেতে সাহায্য করে। তার জন্য প্রয়োজন নারী শিক্ষার উপযুক্ত বিস্তার। প্রাচীন ও মধ্যযুগের ভারতে সামাজিক সত্তা হিসাবে মেয়েদের নাগরিকত্বের কোন আইন ছিল না। আইনের চোখে তাদের মর্যাদা ছিল নীচের দিকে।

2 ব্রিটিশদের হাতে ক্রমান্বয়ে এদেশের শিল্প ধ্বংশের ফলে ভারত হয়ে পড়েছিল খুবই দরিদ্র একটি ভূখন্ড। কেম্ব্রিজের ইতিহাসবিদ অ্যাঙ্গাস ম্যাডিসনের লেখালেখিতে দেখা যায়, সারা বিশ্বের মোট আয়ে ভারতের অংশ ছিল ১৭০০ সালে ২২.৬ শতাংশ (ইউরোপের ২৩.৩ শতাংশের প্রায় সমান)। ১৯৫২ সালে দাড়ায় ৩.৮ শতাংশ।

3 অর্থনৈতিক স্বদেশীর ভাবনাটা এসেছিল উনিশ শতকের দ্বিতীয়ার্ধে। দাদাভাই নৌরজি, এম.জি-রানাডে, রমেশচন্দ্র দত্ত প্রভৃতি পন্ডিতদের রচনার মধ্যে দিয়ে। তাদের লেখালেখির কল্যাণে পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর কাছে ঔপনিবেশিক শোষণের ছবিটা স্পষ্ট হয়ে গিয়েছিল। অর্থনৈতিক স্বদেশির প্রবক্তাদের মধ্যে অন্যতম ছিলেন গোপাল হরি দেশমুখ/ ১৮৪৯ সালে এই অর্থনৈতিক স্বদেশির স্বপক্ষে তিনি জোরদার বক্তব্য পেশ করেছিলেন। তবে তার এ তত্ত্বকে হাতে কলমে প্রয়োগের কৃতিত্ব ছিল পাঞ্জাবের আর্যসমাজের কলেজ পড়ুয়াদের।

4 পশ্চিমা জগতের সঙ্গে ভারতের আন্তর্জাতিক সম্পর্ক আমাদের অর্থনৈতিক উন্নয়নের গোড়ার দিককার পরিকল্পনা স্থির করে দিয়েছিল যে কোনও উন্নয়ণ কর্মসূচীতে বেশি বিদেশি মুদ্রা ঢালা যাবে না। মার্কিন যুক্তরাষ্ট্র এবং ব্রিটেনের মত অর্থনৈতিক শক্তিধর দেশের সঙ্গে ভারতের রাজনৈতিক সম্পর্ক মধুর ছিল না। এর ফলে সাবেক সোভিয়েত রাশিয়ার সঙ্গে অর্থনৈতিক এবং রাজনৈতিক সম্পর্ক গাঢ় হয়ে ওঠে। টাকা-রুবল বিনিময় কর্মসূচীর সাহায্যে চায়ের মত ভারতীয় পন্য পাঠিয়ে আমদানী করা হত অপরিশোধিত তেলের মত অত্যাবশ্যাক জিনিসপত্র।

5 নারী শিক্ষার ক্ষেত্রে ব্রাহ্ম সমাজ (১৮২৮) প্রার্থনা সমাজ (১৮৬৭) আর্য সমাজ (১৮৭৫) এদের অবদান বিশেষ ভাবে স্মরণীয়। তবে চিরাচরিত ভারতে মেয়েদের শিক্ষার সতীদাহ প্রথার বিরোধিতা আইনে পরিণত হয় (১৮২৯)।

খোয়াই

ISSN 2319 - 8389, Vol 51, Issue 51

KHOAI
Peer-Reviewed Journal
Art and Humanities
Tri-Annual Journal

সংখ্যা ৫১ : ২৫ বৈশাখ, ১৪৩০
শান্তিনিকেতন

ISSN 2319 - 8389, Vol 51, Issue 51

KHOAI
Peer-Reviewed Journal
Art and Humanities
Tri-Annual Journal

খোয়াই

সাহিত্য ও সংস্কৃতি মূলক সংকলন

সম্পাদক

কিশোর ভট্টাচার্য

সংখ্যা ৫১ : ২৫ বৈশাখ, ১৪৩০
শান্তিনিকেতন

সূচিপত্র

ঐতিহ্যের উদ্ধার ও দীনেশচন্দ্র সেন
ড. অমিত দে ৯

শান্তিনিকেতনের রবীন্দ্রনৃত্যে বেশভূষা
কোয়েল মুখার্জী ১৭

রাজা রামমোহন রায় : সৃষ্টির বহুস্বর
দীপায়ন প্রামাণিক ২২

শেষের কবিতা উপন্যাসে সৌন্দর্যতত্ত্ব
ড. পিন্টু রায়চৌধুরী ৩২

জলসংকট ও রবীন্দ্রনাথের দূরদর্শিতা
পিয়াসী রায় ৫২

সুধন্বা দেববর্মার 'হাচুক খুরিঅ' উপন্যাসে তিপরা জনজাতি : একটি সমীক্ষা
বিপ্লব দেববর্মা ৫৯

রাসরজনী ও গোপীগণের কৃষ্ণ বিরহ
রূপালী দাস ৬৫

নজরুল ইসলামের উপন্যাস ও সমকালীন বাংলা কথাসাহিত্য
ড. লিপিকা ঘোষাল ৬৯

বাংলা সাহিত্যে প্রথম মহিলা কবি চন্দ্রাবতী
ড. শচীন্দ্রনাথ বালা ৭৯

"শুকনো পাতা ঝরা ফুলের খেলা" : রবীন্দ্রনাথের বসন্তের গানের একটি অনন্য অনুষঙ্গ
শুভঙ্কর মণ্ডল ৮৭

ব্রহ্মসংগীতে মাতৃচেতনার বিবর্তন : স্বদেশমাতৃকা ব্রহ্মমাতৃকারই প্রতিমুখ
সুচন্দ্রা মৈত্র ৯৫

আগ্রা গায়নশৈলীতে ধ্রুপদাঙ্গের প্রভাব— একটি বিশ্লেষণাত্মক আলোচনা
সুপ্রিয়া চক্রবর্তী ১০২

নজরুল ইসলামের উপন্যাস ও সমকালীন বাংলা কথাসাহিত্য

ড. লিপিকা ঘোষাল

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, পূর্বস্থলী কলেজ, পারুলিয়া, পূর্ব-বর্ধমান

কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬) বাংলা সাহিত্যে প্রধানত কবি রূপেই জনপ্রিয়। তবে একইসঙ্গে তাঁর সমকালে কথাসাহিত্যিক রূপেও তিনি পরিচিত ছিলেন। বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়েছে তাঁর গল্প ও উপন্যাস। বস্তুত তাঁর প্রথম প্রকাশিত রচনা একটি ছোটোগল্প। নজরুলের একাধিক কবিতা ও গানের পাশাপাশি তাঁর উপন্যাস ও ছোটোগল্পগুলি রাখলে লেখক নজরুলের ব্যক্তিমনকে একটু অন্যভাবে অনুভব করা যায়। ভারতের পরাধীনতার যন্ত্রণা যেমন তিনি দেখেছিলেন তেমনই অনুভব করেছিলেন সমাজের নানাপ্রকার অসাম্য, হিন্দু-মুসলিম সাম্প্রদায়িক বিভেদ। সাম্যবাদে বিশ্বাসী নজরুল সর্বহারাদের যন্ত্রণা অনুভব করে বিদ্রোহী হতে চেয়েছেন। সব বন্ধনকে অস্বীকার করে এক বৃহতের আহ্বানে ছুটে যেতেও তিনি ছিলেন উৎসুক। অন্তরের প্রেমিক সত্তাকে তিনি যেমন উপেক্ষা করতে পারেননি তেমনই আবার প্রেমের বন্ধন ছিন্ন করতেও তাঁর দ্বিধা জাগেনি। নজরুলের লেখক সত্তার মধ্যে যে এই বন্ধন ও মুক্তির লড়াই ছিল তা আমরা তাঁর লেখা গল্প-উপন্যাসগুলি পড়লেই বুঝতে পারি।

বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে ১৮৯৯ খ্রিস্টাব্দের ২৪ মে কাজী নজরুল ইসলামের জন্ম। শৈশব থেকেই অত্যন্ত দারিদ্র্যের মধ্যে তাঁর দিন কাটে। লেটোর দলে গান গেয়ে তাঁকে দিন কাটাতে হয়। এর মধ্যেই শুরু হয় পড়াশোনা। কিন্তু এন্ট্রান্স পরীক্ষার কয়েকদিন আগে আকস্মিকভাবে তিনি ভারতীয় সেনাবাহিনীর উনপঞ্চাশ নম্বর বেঙ্গলি রেজিমেন্টে যোগ দেন। তবে সেখানেও তাঁর লেখালেখির অভ্যাস ছিল। এরপর সেনাবাহিনীর কাজ ছেড়ে তিনি কলকাতায় আসেন এবং কলকাতার লেখক ও পত্র-পত্রিকার সঙ্গে পরিচিত হন। ১৯২২ খ্রিস্টাব্দে তাঁর প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা'প্রকাশিত হয়। এরপর লেখেন 'দোলনচাঁপা', 'বিষের বাঁশী', 'ভাঙার গান', 'ছায়ানট', 'সাম্যবাদী' প্রভৃতি কাবগ্রন্থ। ১৯২৭ খ্রিস্টাব্দে প্রকাশিত হয় প্রথম উপন্যাস 'বাঁধনহারা'। এরপর ১৯৩০ খ্রিস্টাব্দে 'মৃত্যুক্ষুধা'ও ১৯৩১ খ্রিস্টাব্দে প্রকাশিত হয় 'কুহেলিকা'। তাঁর উল্লেখযোগ্য গল্পগ্রন্থগুলি হল 'ব্যথার দান' (১৯২২), 'রিক্তের বেদন' (১৯২৫), 'শিউলি মালা' (১৯৩১)। তবে তাঁর বিদ্রোহী সত্তা ও তাঁর প্রেমিক সত্তা যেন তাঁর সমগ্র লেখার মধ্যে মিলিত হয়ে আছে।

নজরুলের প্রথম উপন্যাস 'বাঁধনহারা' (১৯২৭)। উপন্যাসটি 'মোসলেম ভারত' পত্রিকায় প্রথম বর্ষের প্রথম সংখ্যা থেকে প্রকাশিত হতে শুরু করে। আঙ্গিক এবং ভাবনা দু'দিক থেকেই উপন্যাসটি অভিনব। সমগ্র উপন্যাসটি পত্রের আকারে রচিত। নজরুলের নিজের ব্যক্তিগত জীবন ও ব্যক্তিগত মনন হাত ধরাধরি করে আছে এই উপন্যাসে। প্রায় একই প্রকার ভাবনার প্রতিফলন ঘটেছে তাঁর 'ব্যথার দান'ও 'হেনা' গল্পতেও।

প্রথম মহাযুদ্ধের সমকালে চারটি মুসলিম পরিবার এই উপন্যাসের কাহিনিতে আছে। অত্যন্ত ধনী না হলেও পরিবারগুলি দারিদ্রপীড়িতও নয়। সাধারণ মধ্যবিত্ত এবং সেই সময়ের হিসেবে যথেষ্ট আলোকপ্রাপ্ত তারা। সেইসময়ে দাঁড়িয়ে উপন্যাসে আমরা যে মুসলিম সমাজকে দেখেছি নজরুল সেক্ষেত্রে বিশেষ ব্যতিক্রমী। ধর্মের গোঁড়ামি, অশিক্ষার অন্ধকার, এইসব পরিবার ও চরিত্রে নেই। পরিবারের ছেলেগুলি কলেজে পড়েছে। এমনকি মেয়েরাও পড়াশোনা করেছে। সাধারণ পর্দা রাখলেও মেয়েদের ক্ষেত্রে অবরোধের কোনো বাড়াবাড়ি নেই। বরং বাড়িতে ব্রাহ্ম মহিলাকে শিক্ষিকা রেখে তারা পড়াশোনা করেন। ব্রাহ্ম সমাজের সঙ্গে মুসলিম সমাজের তুলনা করতেও তাঁরা দ্বিধা করেননি—

> “এঁদের মধ্যে ছোঁয়াচে রোগ বা ছুঁৎমার্গের ব্যামো নেই; কোনো সঙ্কীর্ণতা, ধর্ম বিদ্বেষ,
> বেহুদা বিধি বন্ধনও নেই। আজ বিশ্বমানব যা চায়, সেই উদারতা সরলতা সমপ্রাণতা
> যেন এর বাইরে ভিতরে ওতপ্রোতভাবে জড়ানো রয়েছে।”[১]

ব্রাহ্ম সমাজের এই মুক্ত উদার প্রগতিশীল ভাবনার প্রকাশ আমরা রবীন্দ্রনাথ (‘গোরা’, ‘নৌকাডুবি’) ও শরৎচন্দ্রের (‘গৃহদাহ’) উপন্যাসেও দেখেছি। সেখানে আনেকসময় ব্রাহ্ম মহিলারা সমাজে হিন্দুদের দ্বারা সমালোচিতও হয়েছেন। কিন্তু এই উপন্যাসে মুসলিম সমাজের মহিলারা একজন শিক্ষিত উদার ব্রাহ্ম মহিলাকে পথ প্রদর্শক হিসাবে ভাবছেন। নিজের সমাজের অন্ধকার দিকগুলি তাঁদের কাছে স্পষ্ট। তাই নিজের সমাজের বিশ্লেষণ করতে তাঁরা পারেন।

এই উপন্যাসে যে পরিবার ও চরিত্ররা আছেন তাঁরা হলেন, এক. নূরুল হুদা ও তার মা রকিয়া। দুই. মাহবুবা নামে এই কিশোরী ও তার মা আয়েশা। এই মাহবুবা নূরুলকে ভালোবাসে এবং নূরুলও তাকে ভালোবাসে। আর এই ভালোবাসার বন্ধন ছিন্ন করেই নূরুল হুদা যুদ্ধক্ষেত্রে চলে যায়। উপন্যাসের আদ্যন্ত এর জন্য আছে দীর্ঘশ্বাস। তিন. রবিয়ল, তার স্ত্রী রাবেয়া ও বোন সোফিয়া। নূরুল হুদার বন্ধু রবিয়ল। রাবেয়ার সঙ্গে নূরুলের আছে এক সহজ সরল আন্তরিক সম্পর্ক। অসংকোচেই তাদের মধ্যে পত্রালাপের মাধ্যমে মনের কথার আদানপ্রদান হয়। মুসলিম সমাজে এমনকি হিন্দু সমাজেও একজন মেয়ে ও পুরুষের এমন নির্ভেজাল হৃদ্যতার সম্পর্ক ছিল অত্যন্ত বিরল। একজন আলোচক সঠিক বলেছেন— “এই সম্পর্কটি রক্ষণশীল পরিবারে বিশ শতকের দ্বিতীয়-তৃতীয় দশকে খুব সুলভ ছিল না। মুসলমান বা হিন্দু কোনো পরিবারেই।”[২] চার নূরুলের এক বন্ধু মনুয়র। সম্পর্কে সে রবিয়লের স্ত্রী রাবেয়ার ভাই। রবিয়লের বোন সুফিয়ার সঙ্গে তার বিবাহের ঠিক হয়।এই মুসলিম পরিবারের বাইরে আছে এক ব্রাহ্ম যুবতী। সে গ্রাজুয়েট। ব্রাহ্ম বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষয়িত্রী। তার আসল নাম রুবি। কিন্তু সকলের কাছে সে ‘সাহসিকা’। বিবাহে অনিচ্ছুক, প্রগতিশীল মনের মহিলা সে। তার কাছে সকলেই মনের সঙ্কট সমস্যা সমাধানের অনুভূতির কথা জানিয়েছেন।

এই উপন্যাসে মুসলিম সমাজের ধর্মের যে রক্ষণশীলতা, মোল্লা-মৌলবিদের যে দৌরাত্ম্য, নারীর প্রতি অত্যাচারের যে ছবি, তার কোনো প্রতিফলন নেই। আমাদের ভাবতে অবাক লাগে যে পরবর্তীকালে লেখা সৈয়দ ওয়ালীউল্লাহ্-এর ‘লালসালু’ (১৯৪৮), শওকত ওসমান-এর ‘জননী’ (১৯৬১), কিংবা আবু ইসহাক-এর ‘সূর্য দীঘল বাড়ি’ (১৯৫৫) প্রভৃতি উপন্যাসে আমরা মুসলিম সমাজের ধর্মের যে ভয়ঙ্কর ছবি দেখি তার কোনোরূপ আভাস আমরা তার আগে লেখা নজরুলের উপন্যাসে পাই না। নজরুলের উপন্যাসের চরিত্ররা শিক্ষিত, মুক্তমনা, এমনকি পত্র-পত্রিকাতে কবিতা, গল্প লেখাতেও তারা পারদর্শী।

এখানে একমাত্র মাহবুবা চরিত্রে কিছু সঙ্কট তৈরি হয়েছে। তাও নূরুল হুদা তার প্রণয়কে প্রত্যাখ্যান করে যুদ্ধক্ষেত্রে চলে যাওয়ার জন্যই এই সঙ্কট। আর পিতার মৃত্যু ও আর্থিক দুর্বলতাও তার জন্য দায়ী ছিল। নূরুল হুদার আকস্মিকভাবে সবকিছু ত্যাগ করে যুদ্ধক্ষেত্রে চলে যাওয়ার ঘটনাই এই উপন্যাসের প্রধান নিয়ন্ত্রক হয়ে উঠেছে। এক্ষেত্রে নূরুল হুদার মধ্যে আমরা যেন নজরুলের ব্যক্তি জীবনকেই দেখতে পাই। নজরুলও এন্ট্রান্স পরীক্ষার এক সপ্তাহ আগে নিশ্চিত জীবন ত্যাগ করে চলে গিয়েছিলেন যুদ্ধক্ষেত্রে। সেই সময় খুব কম বাঙালিই যুদ্ধক্ষেত্রে যেতেন। নজরুল সেই ব্যতিক্রমীদের একজন। নূরুল হুদার যুদ্ধক্ষেত্রে চলে যাওয়া ও প্রেমের বন্ধন ছিন্ন করার পিছনে যে বৃহত্তর মানবের জন্য এক আত্মত্যাগের আহ্বান ছিল তা যেন ব্যক্তি নজরুলকে মনে করায়। এই ভাবনা আমরা প্রায় সমসাময়িক সময়ে লিখিত 'ব্যথার দান', 'হেনা' গল্পতেও দেখতে পাই। তবে নারীর প্রেমকে যে নজরুল অস্বীকার করেছেন এমন বলা যায় না। আদ্যন্ত রোমান্টিক নজরুল নারী প্রেমকে মনের মাধুরী দিয়ে আরো অনেক গভীর করে কল্পনা করেছেন। কিন্তু যে মানুষ চারিপাশের অসহায় মানুষদের যন্ত্রণাকে অনুভব করেন তাকে নিশ্চিত কোনো প্রেমের বন্ধন আটকে রাখতে পারে না। এই বন্ধন ও বন্ধন মুক্তির ভাবনা নজরুলের মধ্যে চিরকালই ছিল। তাঁর উপন্যাসগুলির মধ্যে— বিশেষত 'বাঁধনহারা' ও 'কুহেলিকা'তে এই ভাবনাই রূপায়িত হয়েছে।

এই প্রসঙ্গে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'পথের দাবী' (১৯২৬)-র সব্যসাচীর কথা মনে আসে। 'পথের দাবী'র সব্যসাচীর অন্তরেও প্রেম ছিল। কিন্তু সুমিত্রার প্রেমের বন্ধনে ধরা দিয়ে সারাজীবন নিশ্চুপভাবে কাটিয়ে দেবার কথা তিনি ভাবতে পারেননি। দেশের স্বাধীনতার চেয়ে অন্যকিছু তাঁর কাছে বড়ো ছিল না। দেশোদ্ধারে তিনি ব্রতী। আর সেটাই তার কাছে সাধনা। কাজী নজরুল ইসলামের উপন্যাস রচনার পর্ব শেষ হয়ে গেছে ১৯৩১-এ। বৃহতের আহ্বানে সাড়া দেওয়া, দেশের মানুষের জন্য নিজেকে উৎসর্গ করা এই ভাবনা আমরা নজরুলের কিংবা তার কিছু পরে অনেক লেখকের কলমেই দেখতে পাই। সেইসময়ে দেশের পরাধীনতা, স্বদেশি আন্দোলন কিংবা বিভিন্ন রাজনৈতিক আন্দোলনে দেশনেতাদের অবদানের দ্বারা অনেক লেখকই প্রভাবিত হয়েছিলেন বলে মনে হয়। নজরুলও তাঁদের মধ্যে একজন।

পরবর্তীকালে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'গণদেবতা' উপন্যাসের দেবু ঘোষের মধ্যে এই আকাঙ্ক্ষা আমরা দেখেছি।কিন্তু প্রথমত 'গণদেবতা'র প্রকাশসাল ১৯৪২। নজরুলের উপন্যাসের বেশ কয়েক বছর পর এই উপন্যাস লেখা। এই সময়ের মধ্যে বাংলা তথা ভারতের রাজনীতিতে ঘটে গেছে বহুবিধ ঘটনা। গান্ধীজি ১৯৩০ থেকে শুরু করে পরবর্তী আঠারো বছর নিরবচ্ছিন্নভাবে স্বাধীনতা আন্দোলন চালিয়ে গেছেন। ১৯৩০-এ লবণ আইন আন্দোলন থেকে শুরু করে ১৯৪২-এ ভারত ছাড়ো আন্দোলন আমাদের মনে পড়বে। এই সময়ের মধ্যে গান্ধীজির আদর্শে অনুপ্রাণিত অনেক দেশব্রতী মানুষ ব্যক্তিগত সংসারের আকর্ষণ ও বন্ধন ছিন্ন করে দেশের ডাকে সাড়া দিয়েছেন। তারাশঙ্কর নিজেই গান্ধীজির অনুগামী ছিলেন। এই কালপর্বে (১৯৩০-১৯৪২) অনেক সাম্যবাদী মতাদর্শে বিশ্বাসী মানুষও কিছুটা স্বাধীনতা আন্দোলনে এবং অনেকটাই সমাজের দরিদ্র শোষিত মানুষের পক্ষে বিভিন্ন কর্মকাণ্ডে নিজেদের ঢেলে দিয়েছিলেন ব্যক্তিগত সংসারের আকর্ষণ উপেক্ষা করে। তাই তারাশঙ্করের পক্ষে গণদেবতার দেবু ঘোষের চরিত্র নির্মাণ করা ছিল তার অভিজ্ঞতারই অঙ্গ। কিন্তু ১৯৩০ খ্রিস্টাব্দের আগে

এই ধরনের দেশব্যাপী আন্দোলন গড়েও ওঠেনি। নূরুল হুদা কিংবা জাহাঙ্গীরের (‘কুহেলিকা’)-র মতো মানুষদেরও সমাজে ততটা দেখা যায়নি। এই প্রসঙ্গে দুইজন দেশনেতার কথা আমাদের মনে পড়ে। প্রথম জন দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ। তাঁকে নজরুল ইসলাম কাছ থেকে দেখেছিলেন এবং অপরিমেয় শ্রদ্ধা করেছিলেন। তিনিও দেশের জন্য ব্যক্তিগত সংসারের বন্ধন শিথিল করেছিলেন অনেকটাই। অবশ্য চিত্তরঞ্জনের স্ত্রী-পুত্র ছিলেন তাঁর সহযোগী। দ্বিতীয় ব্যক্তি হিসাবে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের নায়ক বিদ্রোহী সূর্য সেনের নাম করা যায়। কিন্তু তাঁর সঙ্গে নজরুলের ব্যক্তিগত পরিচয় সম্ভবত ছিল না।

‘কুহেলিকা’ উপন্যাসটির মধ্যেও ব্যক্তি নজরুলকে খুঁজে পেতে আমাদের অসুবিধা হয় না। উপন্যাসের প্রধান চরিত্র জাহাঙ্গীর। দেশ স্বাধীনতার মন্ত্রে সে দীক্ষিত। পারিবারিক জীবনে সে কিছুটা বিপর্যস্ত। আকস্মিকভাবে সে জানতে পারে যে সে তার বাবার রক্ষিতার সন্তান।মায়ের এই পরিচয় তাকে বর্তমান জীবনে বিভ্রান্ত করে তোলে। জীবনের এই পর্বে সে আরও গভীরভাবে স্বদেশের কাজে আত্মনিয়োগ করতে চায়। নজরুলের অন্যান্য উপন্যাসের মতো এখানেও এসেছে ব্রিটিশের বিরুদ্ধে স্বদেশি আন্দোলনে যোগ দেবার কথা। তবে এখানে দেশপ্রেমের ধারণার ক্ষেত্রে নজরুলের ব্যক্তিগত ভাবনারই বহিঃপ্রকাশ ঘটেছে—

> “এই বাংলাদেশে গাঁজার চাষ করে গভর্ণমেন্ট তত সুবিধে করতে পারেনি, যত সুবিধে করে দিয়েছে আমাদের মহাপুরুষেরা আমাদের মস্তিষ্কে ধর্মের চাষ করে। ... এই ভেদ নীতিই ইংরেজের বুটকে ভারতের বুকে কায়েম করে রাখলে।...”[৩]

মুসলমান জনসমাজ সম্পর্কে নজরুলের ভাবনার প্রকাশ এখানে ঘটেছে। হিন্দু ও মুসলমানের মধ্যে বিভেদ আছে আর এই বিভেদ জিইয়ে রেখে শাসকের লাভ আছে। রবীন্দ্রনাথ যেমন অনুভব করেছিলেন বঙ্গভঙ্গের সময় হিন্দুদের ডাকে মুসলমানরা সাড়া দেয়নি কারণ এই ডাকের মধ্যে হৃদয় ছিল না, ছিল গরজ। নজরুলও অনুভব করেছিলেন মুসলমানদের হৃদয় দিয়ে ভালোবাসার কথা।—

> “ইচ্ছা করলে আমরা অনায়াসে এদেশের মুসলমানদের জয় করতে পারি। তবে তা তরবারি দিয়ে নয়, হৃদয় দিয়ে। অন্ততঃ একটা স্থুল রকমের শিক্ষা-দীক্ষার সঙ্গে ওদের পরিচিত না করে তুললে, কালচার-এর সংস্পর্শে না আনলে ওদের জয় করতে পারব না। ওদের জয় করা বা স্বদেশ প্রেমে উদ্বুদ্ধ করা মানেই ইংরেজের হাতের অস্ত্র কেড়ে নেওয়া।”[৪]

শুধু ভালোবাসা দিয়ে কাছে টানা নয় সেইসঙ্গে মুসলমান সমাজের পরিশোধনের কথাও ভেবেছিলেন নজরুল। মুসলিম সমাজের মোল্লা-মৌলবিরা যে এই সমাজকে আরও পিছিয়ে নিয়ে যাচ্ছে তা অনুভব করেছিলেন তিনি। তরুণ মুসলিম ছাত্রসমাজ যদি সঠিক শিক্ষা পেয়ে এগিয়ে আসে তাহলে মুসলিম সমাজের পরিবর্তন ঘটবে—

> “মুসলমান জনসাধারণের অভ্যুত্থানে সবচেয়ে বড় ক্ষতি হবে মোল্লা-মৌলবীর। তাদের রুটী মারা যাবে যাতে করে তাকে তারা প্রাণপণে বাধা দেবেই। কিন্তু এ ভূতেরও ওঝা আছে। সে হচ্ছে মুসলমান ছাত্রসমাজ। তরুণ মুসলিমকে যদি দলে ভিড়াতে পারি, তা হলে ইংরেজ আর মোল্লা-মৌলবী এই দুই জোঁকের মুখেই পড়বে চূণ।”[৫]

